হোমিয়োপ্যাথি

বিসূচিকা-দর্পণ।

শারীরবিধান ও হোমিয়োপ্যাথি ভৈষজ্য-রত্নাবলী
প্রণেতা এবং কলিকাতা হোমিয়োপ্যাথি
স্কুলের চিকিৎসাতত্ত্ব প্রভৃতির
শিক্ষক

ডাক্তার শ্রীমহেন্দ্রনাথ ঘোষ কর্ত্তৃক
সঙ্কলিত।

A TREATISE ON

CHOLERA

WITH

HOMŒOPATHIC TREATMENT,

BY

Dr., MOHENDRA NATH GHOSH.

AUTHOR OF HUMAN PHYSIOLOGY AND COMPREHENSIVE SYSTEM OF HOMŒOPATHIC MATERIA MEDICA IN BENGALI, TEACHER OF PRACTICE OF MEDICINE OF THE CALCUTTA SCHOOL OF HOMŒOPATHY [ALBERT COLLEGE], LATE TEACHER OF MATERIA MEDICA PHYSIOLOGY &C. OF THE CALCUTTA HOMŒOPATHIC SCHOOL [CITY COLLEGE], AND MEMBER OF THE CALCUTTA HAHNEMANN CLUB &c. &c.

CALCUTTA.

PRINTED AND PUBLISHED BY BAMA CHURAN MOZOOMDAR, AT THE BARAT PRESS,
92 BOW BAZAR STREET
1887.

Price 1 Re.] [মূল্য ১৲ এক টাকা মাত্র।

আমার

নিকট ও দূরস্থ

ছাত্রবৃন্দের নামে

"বিসূচিকা-দর্পণ"

উৎসর্গীকৃত হইল।

ভূমিকা।

আয়নার প্রতি বিশেষ মনঃসংযোগ করিয়া দেখিলে যেমন শরীরের যাবতীয় বাহ্যিক অঙ্গ প্রত্যঙ্গের অনুরূপ চিত্র দেখা যায় "বিসূচিকা দর্পণে" তেমনি ওলাউঠাগ্রস্থ ব্যক্তির যাবতীয় বাহ্যিক ভয়ানক অবস্থা দেখা গিয়া থাকে। তবে কাচের দর্পণে শরীরের আভ্যন্তরিক অবয়ব দৃষ্ট হয় না কিন্তু "বিসূচিকা-দর্পণে" ওলাউঠাগ্রস্থ ব্যক্তির যাবতীয় নৈদানিক পরিবর্ত্তনের চিত্র অতি উজ্জ্বল অক্ষরে চিত্রিত আছে দেখা যাইবে। "বিসূচিকা দর্পণে" ওলাউঠা রোগের লক্ষণ, শ্রেণী বিভাগ উদ্দীপক ও পূর্ব্ববর্ত্তী কারণ, রোগের ব্যাপকতা, উপসর্গ, প্রকার ভেদ, নৈদানিক পরিবর্ত্তন, বিবিধ লক্ষণের ব্যাখ্যা, ভাবীফল, মৃত্যু সংখ্যা, অন্যান্য রোগের সহিত পার্থক্য বিচার, প্রথম হইতে শেষ পর্য্যন্ত চিকিৎসা, রোগ নিবারক উপায় ও রোগের কালে নিয়ম প্রতিপালন প্রভৃতি অনেক অনেক চিত্র চিত্রিত আছে। কিন্তু এক্ষণে জিজ্ঞাস্য এই "দর্পণের" পাঠক মিলিবে কি? সে বিষয়ে আমার বড় সন্দেহ। তবে দেখিতে ও শুনিতে পাই যে, সহরে ও মফঃস্বলে আজ কাল অনেকে উৎসাহের সহিত হোমিয়োপ্যাথি সম্বন্ধীয় নূতন পুস্তকের আদর করিতেছেন এই ভরসা মাত্র।

গ্রন্থকার।

সূচীপত্র।

প্রকৃত

বিসূচিকা চিত্র

বা

লক্ষণ।

প্রচুর পরিমাণে কয়েক বার স্বাভাবিক বর্ণের তরল ভেদ হইয়া অন্ত্র পরিষ্কার হইয়া যায়। তৎপরে যে ভেদ হয় উহার বর্ণের পরিবর্ত্তন ঘটে, অর্থাৎ 'চাউল ধোয়ার' মত শুভ্র বিরেচন, এবং তৎসঙ্গে সমস্ত শরীরের অতিশয় অবসাদন হইয়া থাকে। শুভ্র বিরেচনের সঙ্গে সঙ্গে বমন আরম্ভ হয়, অল্প জলও পেটে তলায় না, জল পান করিলেই উঠিয়া যায়। প্রথমে পাকাশয়-স্থিত দ্রব্য, পরে ঈষৎ পীত বর্ণের জলবৎ পদার্থ বমিত হইয়া থাকে। ক্রমে রোগী দুর্ব্বল হইতে থাকে এবং তাহার কণ্ঠস্বর কর্কশ হইয়া পড়ে। এতক্ষণ রোগীর জ্ঞাতসারে ভেদ ও বমন হইতেছিল এক্ষণে অসাড়ে ভেদ হইতে থাকে এবং মূত্র নিঃসরণ বন্ধ হইয়া যায়। ক্রমে পিপাসার বৃদ্ধি, অস্থিরতা, তৎসঙ্গে মানসিক যাতনা, বক্ষে ও পাকাশয়ের উপর কষ্ট বোধ, এবং পায়ের ডিমে ও অন্ত্রমধ্যে প্রবল আক্ষেপ উপস্থিত হইয়া থাকে। এই অবস্থায় রোগীকে প্রায় চেনা যায় না, কারণ, তাহার চক্ষু কোটরাগত হয়, নাসিকা বাহির হইয়া পড়ে এবং গাল "টোল খাইয়া" যায়। অঙ্গুলির উপরিস্থিত ত্বক্ রজকের হস্তের মত কুঞ্চিত হইয়া পড়ে, হস্তদ্বারা সেই লোল চর্ম্ম টানিয়া তুলিতে পারা যায়। ওষ্ঠ, হস্ত, পদ ও জননেন্দ্রিয় নীল মূর্ত্তি ধারণ করে। নাড়ী এত ক্ষীণ হইয়া পড়ে যে কদাচিৎ উহা অনুভব

Symptoms in order: 1st *diarrhœa*, 2nd rice-coloured stool, prostration, vomiting 1st of stomach contents, 2nd of yellowish water increase of weakness, husky voice, involuntary discharges, secretion of urine ceases. insatiable thirst, restlessness, great anguish, oppression of chest and pit of stomach. Cramps in the calf of the legs and intestine. Aspect now changes fearfully. eyes sunken, nose pointed, cheeks fallen, skin wrinkled, lips, extremities, genitals bluish, pulse and heart's impulse imperceptible,

respiration embarrassed, hiccoughing, body icy cold.

হয়, তৎসঙ্গে হৃৎপিণ্ডের ক্রিয়ারও অবসাদন হয়, শ্বাস প্রশ্বাস কষ্টকর হয়, পাকাশয়ের দুর্ব্বলতাপ্রযুক্ত কেবল হিক্কা হইতে থাকে, এবং অবশেষে সমস্ত শরীর বরফের মত শীতল হইয়া পড়ে।

No headache but dark spots before the eyes, roaring in the ears, slight vertigo.

এই সকল লক্ষণ প্রকাশ পাইবার কালে রোগীর মস্তিষ্ক প্রায়ই ঠিক থাকে, অর্থাৎ, শিরোবেদনা বা শিরোঘূর্ণন প্রভৃতি লক্ষণ প্রকাশ পায় না, এমন কি অনেকের মৃত্যু পর্য্যন্ত "টন-টনে জ্ঞান" থাকে; তবে কেহ কেহ চক্ষুর সম্মুখে অন্ধকার দেখে, কাহারও বা কর্ণে গর্জ্জনবৎ শব্দ হয় এবং কাহারও বা অল্প শিরোঘূর্ণন হইয়া থাকে।

All this may take place soon and the patient be no more.

যাহা হউক উপরোক্ত লক্ষণ সমূহ অতি অল্প সময়ের মধ্যে প্রকাশ পাইয়া রোগীকে মৃত্যুমুখে আনয়ন করে।

In case of recovery, urging to vomit first ceases, skin resumes its function. Pulse increases in volume, evacuations assume a normal color, convalascence is slow, or cholera changes to a fever

রোগীর সৌভাগ্যক্রমে যদি "শমনের" দয়া হয় অথবা রোগী না মরে, তবে ধীরে ধীরে বমন-বেগের হ্রস্বতা হয়, ত্বকের ক্রিয়া পুনঃ প্রকাশ পায় অর্থাৎ ত্বক্ গরম ও স্থিতিস্থাপক হয়, নাড়ী বলিষ্ঠ হইতে থাকে। মলের বর্ণ পরিবর্ত্তিত হয়, অর্থাৎ স্বাভাবিক বর্ণের মল ত্যাগ হয়, রোগী ধীরে ধীরে আরোগ্যের অবস্থায় উপনীত হয় অথবা পরিশেষে রোগীর এক প্রকার সামান্য বা শ্লৈষ্মিক কিম্বা সান্নিপাতিক জ্বর হইয়া থাকে।

Artificial stages of cholera.

উপরে যেরূপ লক্ষণ রাশির তালিকা দেওয়া গেল উহা-দিগকে চিকিৎসকেরা কৃত্রিমভাবে বিবিধ অবস্থায় শ্রেণীভুক্ত করিয়া থাকেন; যথাঃ—

Invasion.

১। উদরাময়ের অবস্থা (Fæcal Premonitary Diarrhœa).

Evacuation

২। ভেদ ও বমনের অবস্থা (Stage of Diarrhœa and Vomiting)। এই অবস্থায় শারীরিক উত্তাপের হ্রাস হয়।

Collapse.

৩। শীতলাবস্থা (Stage of collapse.) এই অবস্থায় শারীরিক উত্তাপের যৎপরোনাস্তি হ্রাস হইয়া থাকে।

৪। প্রতিক্রিয়ার অবস্থা (Stage of reaction.) এই প্রতিক্রিয়ার অবস্থা আবার ৪ প্রকার যথাঃ— Reaction.—

১। সমভাবাবস্থা (Torpid stage.) এই অবস্থায় যদিও শরীরাভ্যন্তরে প্রতিক্রিয়া অর্থাৎ উত্তেজনা আরম্ভ হয় তথাপি বাহিরে উহার প্রকাশ পায় না, রোগী পূর্ব্ববৎ থাকে, অর্থাৎ স্বাভাবিক অবস্থার অপেক্ষা রোগীর উত্তাপের হ্রাস হয়। Torpid stage.

২। উষ্ণাবস্থা (Tepid stage)। এই অবস্থায় শারীরিক উত্তাপের পূর্ব্বাপেক্ষা বৃদ্ধি হইয়া থাকে। Tepid stage.

৩। শ্লৈষ্মিক-জ্বরের অবস্থা (Stage of mucous fever)। Mucous fever.

৪। সান্নিপাতিক জ্বরের অবস্থা (Stage of typhoid)। Typhoid fever.

বিসূচিকার প্রকৃত আক্রমণ হইতে শেষ অবস্থা পর্য্যন্ত যে সকল লক্ষণ বর্ণিত হইল তদ্ভিন্ন উহার আরও কতকগুলি পূর্ব্বলক্ষণ পুস্তকে বর্ণিত আছে, সে সকল লক্ষণ প্রায়ই উপেক্ষা করা হইয়া থাকে। সে সকল লক্ষণ যথাঃ—রোগের পূর্ব্বে সমস্ত শরীরে অসুখ বোধ, শ্রান্তি, বমনেচ্ছা, আহারে অনিচ্ছা, পেটে গুড়্‌গুড় শব্দ ও বেদনা, পাকাশয়ের উপর চাপ বোধ, এবং মূত্র নিঃসরন কম, ইত্যাদি। Premonitary symptoms: malaise, weariness, nausea, aversion to food, rumbling, light stomach, diminished urine.

রাত্রি তিনটার পর যে রোগের আক্রমণ হয়, তাহা অতি ভয়ানক আকার ধারণ করিয়া থাকে। Time of actual attack: 3 A. M.

সে যাহা হউক, একজন যুবা ব্যক্তির বিসূচিকা রোগের প্রকৃত চিত্র চিত্রিত হইল, এক্ষণে বালকের বিসূচিকা কিরূপ আকার ধারণ করে তাহা দেখা যাউক :—

শিশু বিসূচিকার লক্ষণ।—বিসূচিকা রোগ শিশুদিগকে যুবার ন্যায় প্রায়ই হঠাৎ আক্রমণ করে না; কিন্তু শিশুবিসূচিকা যুবার অপেক্ষা বহুদিন স্থায়ী ও প্রবল, সুতরাং যুবার অপেক্ষা শিশুবিসূচিকায় ভয় অধিক। শিশুবিসূচিকাও রাত্রি কালে সাধারণতঃ প্রথমে প্রকাশ পায়; বমন ও বিরেচন এই Symptoms of cholera infantum not so sudden, but of longer duration and intensity, hence more dangerous; vomiting and diarrhœa

more prominent, fever present, colored vomiting, small number of stools.

Danger from continuance of symptoms.

দুই লক্ষণের মধ্যে একটী প্রবল ভাব ধারণ করে, অর্থাৎ অত্যন্ত বমন হইলে ভেদ কম হয় এবং অধিক ভেদ হইলে প্রায়ই বমন কম হইয়া থাকে। এতৎসঙ্গে জ্বরলক্ষণ প্রকাশ পায়। শিশুর পাকাশয় ও অন্ত্র হইতে যে সকল পদার্থ বাহির হয়, তাহাতে যুবার বমন ও ভেদ অপেক্ষা অনেক পরিমাণে বং থাকে। শিশুবিসূচিকায় যুবাপেক্ষা ভেদ কম হয়। শিশুবিসূচিকার এক দিনের প্রবল আক্রমণে বড় অধিক ভয়ের আশঙ্কা থাকে না, কিন্তু কিছু দিন ধরিয়া বার বার ভেদ ও বমন, রাত্রিকালে লক্ষণের বৃদ্ধি ও দিবাভাগে সাম্য থাকিলে শীঘ্রই বালককে দুর্ব্বল ও জীর্ণ করিয়া ফেলে।

If it rallies, the convalasence is gradual, otherwse, prostration, convulsion, delirium, sopor, foul bloody stools, younger the patient greater the danger.

অল্প বালককেও যদি "শমন কৃপা করেন" অথবা রোগী না মরে, তবে সে যুবা অপেক্ষা ধীরে ধীরে আরোগ্যলাভ করিয়া থাকে। নতুবা অত্যন্ত দুর্ব্বলতা, প্রবল আক্ষেপ, প্রলাপ, সদাই নিদ্রা এবং অতিরিক্ত দুর্গন্ধ মল বহির্গমন প্রভৃতি কয়েকটী সাজ্ঘাতিক লক্ষণ প্রকাশ পাইয়া বালকের প্রাণ নষ্ট করে। শিশুর বয়ঃক্রম যতই কম হয় ততই মৃত্যুসংখ্যা অধিক হইয়া থাকে। স্তন্যপায়ী শিশুর দুইবার ভেদ হইলেই কার্য্য সমাধা হইতে পারে।

Duration: 2 to 4 days.

বিসূচিকা রোগে সাধারণতঃ ৮। ২৪। ৪৮ ঘণ্টার মধ্যেই মৃত্যু হয়। কোন কোন স্থলে ২। ৩ ঘণ্টার মধ্যে, আবার কাহারও বা ২। ৪। ১০ দিনের পরও মৃত্যু হইয়া থাকে।

প্রকৃত বিসূচিকা চিত্র চিত্রিত হইল এক্ষণে উহার কারণ অনুসন্ধান করা যাউক :—

Exciting causes.

উদ্দীপক কারণ।— এতাবৎকাল পর্য্যন্ত বিসূচিকা রোগের প্রকৃত উদ্দীপক কারণ অনুসন্ধানই হইতেছে, এই অনুসন্ধান করিতে গিয়া কত চিকিৎসকরূপ মুনি কত মতই প্রকাশ করিলেন, যথা :—

১। কেহ বলেন যে, ইহা এক প্রকার বিশেষ বিষ। এসিয়া প্রদেশ হইতে বিশেষতঃ উৎপন্ন হইয়া থাকে। Specefic poison endemic in Asia.

২। কেহ বলেন যে, ভূবায়ুপৃষ্ঠে এক বিষ অবস্থিতি করে, কোন প্রকার ময়লা পাইলেই তাহাতে অবতীর্ণ হইয়া আপন বিক্রম প্রকাশ করে। Septic agent in air favoured by filth of all kinds.

৩। কেহ বলেন যে, স্থানের ও তিথি নক্ষত্রের দোষে এবং ভূবায়ুতে তাড়িতের আধিক্য হইলে ওলাউঠার উৎপত্তি। Meteorological and local conditions ; an excess of electricity in air.

৪। কোন কোন ব্যক্তি ক্ষুদ্র ক্ষুদ্র একপ্রকার বিষ ও কীটাণুকে (Germ) বিসূচিকার উদ্দীপক কারণ বলিয়া থাকেন, তাঁহাদের মতে ঐরূপ কীটাণু বিসূচিকার ভেদ ও বমনে বর্ত্তমান থাকে। কোন গতিকে সেই সকল কীটাণু অপরের শরীরাভ্যন্তরে প্রবিষ্ট হইলে ওলাউঠা হইয়া থাকে। Germ theory.

৫। পরাঙ্গপুষ্টকে (Bacteria, Fungi) কেহ বিসূচিকার কারণ বলিয়া নিদ্দেশ করেন। এবং কেহ বলেন যে বায়োপ্লাষ্ট নামক একপ্রকার পদার্থের দ্বারা রাশিকৃত কোষ নির্ম্মাণ হওয়াই বিসূচিকার কারণ। Bacteria and Fungi. Development and multiplication of bioplastic bodies.

৬। কেহ বলেন যে আর্দ্র ভূমিতে বিসূচিকাগ্রস্ত ব্যক্তির ভেদ ও বমন রক্ষা করিলে, রৌদ্র বা তাপ সংযোগে উহা হইতে এক প্রকার দূষিত বাষ্প (Miasm) উত্থিত হইয়া ওলাউঠার কারণ হইয়া পড়ে। Miasmatic Subsoil theory

৭। ভূবায়ুতে ওজোন্ নামক এক প্রকার ঘনীভূত অক্সিজেন বায়ুর হ্রস্বতাও নাকি ওলাউঠার কারণ বলিয়া নির্দ্দেশিত হইয়াছে। Diminished Ozone.

পূর্ব্ববর্ত্তী কারণ।—১। অপরিষ্কার ও অস্বাস্থ্যকর ভক্ষ্যদ্রব্য যথা:—পচা মাচ ও মাংস, পচা ভাত ও তরকারী, আঁইস সমেত মাচভক্ষণ, কাঁচা ফল এবং চাল-কড়াই ভাজা প্রভৃতি সামগ্রী অনেক পরিমাণে সেবন করিলে ধাতুবিশেষে শীঘ্র বিসূচিকা প্রকাশ পায়। গরিবের ঘরে এইজন্য ওলাউঠার প্রাদুর্ভাব অধিক। Predisposing causes, bad unwholesome food.

Exhalations from badly constructed sewers.

২। পচা নর্দ্দমার দুর্গন্ধজনক এক প্রকার বাষ্প আঘ্রাণ করিতে করিতে ধাতুবিশেষে ওলাউঠা হইয়া থাকে।

Noxious trades, pilgrimage and nuisances.

৩। ব্যবসাস্থানে এবং জনাকীর্ণ তীর্থস্থানে মল মূত্রত্যাগ করিয়া বাস করিলে বিসূচিকা উৎপন্ন হয়।

Intemperance, impure water, uncleanliness vitiated air, &c.

৪। অতিরিক্ত সুরাপান ও রাত্রি জাগরণ, (৫) অপরিষ্কার জলপান, (৬) গাত্র ও বস্ত্র ধৌত না করিয়া অপরিষ্কারভাবে থাকা, (৭)। বদ্ধগৃহে এবং ওলাউঠার স্থানে আসিয়া নূতন বাস করিলে বিসূচিকা হইতে পারে।

Fatigue, fear starvation, starchy diet, diarrhoea, purgatives, sudden heat sudcold, debility in general.

আবার, যে সকল বিষয়ে ও কার্য্যে শরীর দুর্ব্বল হয় তাহাতেও ওলাউঠা উৎপত্তি হয় যথাঃ—(১) অতিরিক্ত পরিশ্রমজনিত শারীরিক ও মানসিক শ্রান্তি ও ভয়। (২) উপবাস অথবা নিরামিষ ভোজন (৩) উদরাময় (৪) বিরেচক ঔষধ সেবন (৫) রোগান্তে দুর্ব্বলতা (৬) হঠাৎ অত্যন্ত তাপ লাগা (৭) শরীরে হঠাৎ ঠাণ্ডা লাগা ইত্যাদি।

বিসূচিকা রোগের বিস্তৃতি বা ব্যাপকতা।

Modes of propagation:— Contagion and infection in persons predisposed only

কেহ কেহ বলেন বিসূচিকা রোগ স্পর্শসংক্রামক, কিন্তু ইহা স্মরণ রাখা কর্ত্তব্য যে সকলেই ওলাউঠা রোগীকে স্পর্শ করিলে ওলাউঠা রোগ (হাম্ ও বসন্তের মত) সংক্রামক হয় না। যেমন বিশেষ মাটিতে বীজবিশেষ উত্তমরূপ ফলফুলে শোভা পায় সেইরূপ ওলাউঠা-ধাতুবিশিষ্ট লোকেরাই ওলাউঠা রোগীকে স্পর্শ বা উহার সেবা শুশ্রূষা করিলে ঐ রোগাক্রান্ত হইয়া থাকে। সাক্ষাৎ স্পর্শ ব্যতীত অন্যবিধ পদার্থের মধ্য দিয়া ওলাউঠা বিশেষরূপে সংক্রামক হইয়া থাকে; যথা— (১) নদীর জল, (২) কুয়ার জল, (৩) দুগ্ধ বা অন্যান্য খাদ্য সামগ্রী, এবং (৪) বায়ুর মধ্য দিয়া বিসূচিকা-বিষ প্রধানতঃ মনুষ্যের শরীর-মধ্যে প্রবিষ্ট হইয়া থাকে।

Infection. Through-river water, well water, milk, food air &c.

Local or endemic, and

যে স্থানে প্রথম ওলাউঠা উৎপন্ন হয় তাহাকে স্থানিক বা

এণ্ডেমিক্ বিসূচিকা কহে। আর ঐ ওলাউঠা দেশবিদেশ পরিব্যাপ্ত হইয়া পড়িলে তাহাকে ব্যাপক বা এপিডেমিক্ বিসূচিকা কহে। spreading or epedemic cholera.

বিসূচিকা রোগের উপসর্গ :— Complications:

১। বিবিধ প্রকার জ্বররোগ। Fever, gastritis, nephritis with anæmia.

২। বমন প্রধান পাকাশয় প্রদাহ।

৩। মূত্র-যন্ত্রের প্রবল ও নূতন প্রদাহ তৎসঙ্গে নীরক্ততা। Enteritis with exudation.

৪। অন্ত্র-প্রদাহ ও কৃত্রিম ঝিল্লী নির্ম্মাণ এবং রস সঞ্চার। Dysentery.

৫। রক্তাতিসার। Bronchitis.

৬। শ্বাসনলী-প্রদাহ। Pneumonia.

৭। ফুসফুস-প্রদাহ। Pleurisy.

৮। ফুসফুসবেষ্ট-প্রদাহ। Parotitis.

৯। কর্ণমূল-প্রদাহ। Splenitis

১০। প্লীহা-প্রদাহ।

১১। গুহানলী (ফেরিংস), অন্ত্র, যোনি ও মূত্রনালীতে কৃত্রিম ঝিল্লী প্রস্তুত হওন ও তন্মধ্য হইতে রসস্রাব। Diphtheritic exudation in pharynx, vagina and bladder.

১২। ইউরিমিয়া অর্থাৎ প্রস্রাব বন্ধ হওয়া হেতু মূত্রস্থ ইউরিয়া নামক বহির্গমনশীল দূষিত পদার্থ রক্তে চালিত হইয়া সাঙ্ঘাতিক ইউরিমিয়া রোগ উপস্থিত হইয়া থাকে। Uræmia, corneal ulcer, Bed-sore, Boils, gangrene.

১৩। চক্ষু-ক্ষত, শয্যা-ক্ষত, স্ফোটক, বিগলন ইত্যাদি।

অতএব আমরা দেখিতেছি যে রোগী বিসূচিকার প্রবল লক্ষণ হইতে নিষ্কৃতি পাইলেও রোগের বিবিধ উপসর্গের হস্ত হইতেও রক্ষা পাওয়া ভার। Complications are also dangerous.

এতদ্ব্যতীত, লক্ষণরূপে কতকগুলি উপসর্গ উপস্থিত হইয়া রোগীকে ব্যতিব্যস্ত করে যথা:—(১) সর্ব্বদাই হিক্কা,(২) উদ্গার (৩)ক্ষুধামান্দ্য (৪)অনিদ্রা (৫)দুর্ব্বলতা ও (৬ রক্তহীনতা ইত্যাদি। Besides hiccough, eructations, loss of appetite, sleeplessness debility, anæmia.

প্রকার-ভেদ। লক্ষণের বিভিন্নতানুসারে চিকিৎসকেরা বিসূচিকা রোগকে আবার বিবিধ শ্রেণীভুক্ত করিয়াছেন, উহাদের স্বতন্ত্র বর্ণনা নিষ্প্রয়োজন, কারণ, উহাদের নামেই রোগ নিরূপণ হইয়া থাকে। Different varieties recognised by their names.

Simple. Diarrhœac. Malignant. Dysenteric. Gastric. Spasmodic. Bilious. Febrile. Dry.

১। সামান্য বিসূচিকা। ৫। ভেদপ্রধান বিসূচিকা।
২। মারাত্মক বিসূচিকা। ৬। রক্তাতিসারিক বিসূচিকা।
৩। বমনপ্রধান বিসূচিকা। ৭। আক্ষেপজনক বিসূচিকা।
৪। পৈত্তিক বিসূচিকা। ৮। জ্বরসম্ভূত বিসূচিকা।
৯। শুষ্ক বিসূচিকা। ইহাতে মস্তিষ্কলক্ষণ প্রবল থাকে এবং মলে রসের ভাগ কম হয় ইত্যাদি।

Morbid anatomy: dark and tarry venous blood, left heart contracted, right engorged, injected peritoneum, mucous memb solitary and Peyers patches swollen, villi detached of epethelium. Colon is inflamed Besides tempt rises, rigor mortis set in.

মৃতদেহ পরীক্ষা বা নৈদানিক পরিবর্ত্তন। বিসূচিকা রোগে বিশেষ কিছু নৈদানিক পরিবর্ত্তন দৃষ্ট হয় না, তবে শিরাস্থিত রক্ত অত্যন্ত কাল ও গাঢ় হইয়া থাকে, হৃৎপিণ্ডের বামদিকের বৃহৎ কোটর কুঞ্চিত ও দক্ষিণ কোটর রক্তপূর্ণ থাকে। পেরিটোনিয়াম্ নামক অন্ত্রের সিরাস ঝিল্লীর কৈশিক নাড়ীতে রক্তাধিক্য প্রযুক্ত ঐ ঝিল্লী লাল দেখায়, উহা শুষ্ক অথবা অল্প রসাল থাকে। অন্ত্রের শ্লৈষ্মিক ঝিল্লীও রক্তপূর্ণ থাকে। উহার নির্জ্জন ও পেয়ার নামক গ্রন্থি গুলি স্ফীত থাকে, এবং তন্মধ্যে সিরাম্ বা রক্তরস গাঢ়ভাবে অবস্থিতি করিতে দেখা গিয়া থাকে। সুস্থাবস্থায় অন্ত্রের অভ্যন্তর গাত্রে ভিলাই নামক কোমল মকমলের গদির মত উচ্চ উচ্চ স্থান দৃষ্ট হইত, উহারা আর সেরূপ থাকে না, উহাদের এপিথিলিয়াম্ নামক কোমল অংশ নষ্ট হইয়া যায়। বৃহৎ অন্ত্রের কোলন্ নামক অংশে প্রাদাহিক চিহ্ন দৃষ্ট হয় অর্থাৎ রক্তাতিসারের অবস্থা মত দেখা যায়। মৃত্যুর পর শারীরিক উত্তাপের বৃদ্ধি, পেশীদিগের প্রবল কাঠিন্য ও ত্বকের বিকৃত অবস্থা দৃষ্ট হইয়া থাকে।

Symptoms explained. Villi denuded of epethelium, so copious transudation, hence rice-water discharges, Villi is incapable of

বিবিধ লক্ষণের ব্যাখ্যা।—ভিলাইগুলি এপিথিলিয়াম্ বিযুক্ত হয় বলিয়া, অন্ত্র-গাত্র হইতে প্রচুর রস নিঃসরণ সুতরাং শুভ্র বিরেচন হয়। সুস্থাবস্থায় ঐ এপিথিলিয়াম দ্বারা যাবতীয় রস শোষণের সহায়তা হইত, এক্ষণে উহার বিয়োগে রোগী যতটুকু জল পান করে ততটুকুই তলায় না, মলরূপে বাহির

হইয়া যায়, কিছুই শোষিত হয় না। ইহাতে এই ফল হয় যে শোণিত কাল ও গাঢ় হইয়া পড়ে, অবশেষে ঘোর কাল আলকাতরার মত আটাযুক্ত ও অর্দ্ধজমাটবৎ হইয়া থাকে।

absorption hence loss of fluids.

Consequently blood becomes dark, black tarry, roapy, semicoagulated.

এইরূপে শোণিত পানীয় জলে বঞ্চিত হইয়া শরীরের যাবতীয় তন্তু হইতে রস সংগ্রহ করে সুতরাং তন্তুগুলি শুষ্ক ও সরু হইয়া পড়ে যথা:—"নাক বেরিয়ে পড়া, গাল টোলখাওয়া, চোক্ কোটরে প্রবেশ করা, ত্বক্ কুঞ্চিত হওয়া ইত্যাদি লক্ষণ প্রকাশ পাইয়া থাকে। এমন কি শোণিত জলাভাবে সিরাস ও সাইনোভিয়াল গহ্বরের রস টানে। এইরূপে সরস স্থান পর্য্যন্তও শুষ্ক খটখটে হইয়া পড়ে। এবং অবশেষে লালা, নেত্রজল, ঘর্ম্ম, মূত্র ও পিত্ত প্রভৃতি স্বাভাবিক রস নিঃসরণও বন্ধ হইয়া থাকে।

Thus blood seeksfreshfluid and absorbs it from tissues. result is—pointed nose, fallen cheeks, sunken eyes, wrinkled skin, serous and synovial cavities become emptied and lastly drying up of saliva tears, (sweat. urine, bile &c.

রক্তে জলের অভাব হইলে পর আরও অনেক ঘটনা ঘটিয়া থাকে যথা:—কেপিলারী বা কৈশিকা নাড়ীর রক্তস্রোত গতি মন্দীভূত হয়, একারণ, হৃৎপিণ্ডের স্পন্দন ও শব্দের অবসাদন হয় এবং হস্তের ও গ্রীবার নাড়ীও যৎপরোনাস্তি ক্ষীণ ও দুর্ব্বল হইয়া যায় এবং ত্বক্ জিহ্বা প্রভৃতি স্থানের শোণিত স্থির হইলে অর্থাৎ না চলিলেই অপরিষ্কার রক্তের চিহ্ন স্বরূপ নীল মূর্ত্তি ধারণ করিয়া থাকে।

Owing to slow circulation heart's *impulse*, sounds, and pulse fails, also cyanotic symptoms.

সুস্থাবস্থায় ফুসফুস মধ্যে ক্ষুদ্র২ কৈশিকা নাড়ীর ভিতর উত্তমরূপ রক্ত সঞ্চালন হয়, সুতরাং এখানে স্বভাবতঃ শোণিত শোধিত হইয়া থাকে। বিসূচিকা রোগে ফুসফুসের রক্ত সঞ্চালন ক্রিয়ারও ব্যাঘাত ঘটে সুতরাং রক্ত পরিষ্কৃত হইতে পায় না বলিয়াই রোগী ঘন২ নিশ্বাস ফেলিতে থাকে এবং সদাই বিশুদ্ধ বায়ু সেবন জন্য ব্যজন করিতে বলে। এই রোগের অবস্থায়

Owing to defective circulation blood is poisoned, hence anguish for breath and hunger for air, Carbonic acid is not excreted, hence cold breath. Owing to dryness Of Vocal Cords

hoarse voice and groaning expiration.

রক্ত পরিস্কৃত হয় না ইহার অন্য প্রমাণও পাওয়া গিয়া থাকে যথা :—রক্ত পরিস্কৃত হইলে প্রশ্বাস গরম হয় কারণ উহার দ্বারা রক্তের কার্ব্বণিক এসিড নামক দূষিত বাষ্প বহির্গত হইয়া থাকে ; কিন্তু বিসূচিকা রোগীর প্রশ্বাস শীতল হয় ইহাতেই বুঝা যায় যে শোণিত দূষিত হইয়াই থাকে। আবার, স্বররজ্জু শুকাইয়া শক্ত হইয়া পড়িলে স্বর কর্ক্কশ ও প্রশ্বাসে গোঁ গোঁ শব্দ হইয়া থাকে।

Cramps due to nervous irritation which is due to drying process.

পেশী সমূহের প্রবল কুঞ্চন জনিত যে আক্ষেপ বা কাঠিন্য অথবা খিলধরা প্রকাশ পায় উহা স্নায়বীয় উত্তেজনার ফল মাত্র এবং এই উত্তেজনা আবার পূর্ব্বোল্লিখিত শারীরিক রস সমূহের শুষ্কতা হেতু উৎপন্ন হইয়াথাকে।

Low Tempt. and thready pulse due to Collapse.

বিসূচিকা রোগের শীতলাবস্থায় তাপমান যন্ত্রে কেবল মাত্র ৯৩°৫° এবং কোনস্থলে ৮৮° শারীরিক উত্তাপ মাত্র উঠিয়া থাকে। এবং রোগের আক্ষেপ হইতেই নাড়ী ক্ষীণ হয় এবং তাপমানযন্ত্রে ৯৬° বা ১০০° উত্তাপ উঠিলে সেই নাড়ী সূএবৎ হইয়া পড়ে ইত্যাদি।

Ceasing of purging during Collapse is often due to paralysis of intestines which contain fluid but unable to expel

হিমাঙ্গ অবস্থায় ভেদ ও বমন স্বতঃই বন্ধ হইয়া যাইতে পারে। অন্ত্রের অবসাদন বশতঃ এইরূপ হয় সুতরাং অন্ত্র মধ্যে রস সঞ্চিত হইলেও বেগের অভাবে উহা বাহির হইতে পারে না।

Prognosis grave Mortality fearful ' 20 or 30, to 70 or 80 per cent death. Homœopathy rendered it less fatal.

ভাবিফল ও মৃত্যুসংখ্যা।—বিসূচিকা রোগের ভাবীফল ও মৃত্যুসংখ্যা লেখাই বাহুল্য ; কারণ, আবাল বৃদ্ধ বনিতা সকলেরই সে বিষয়ে কিছুনা কিছু ধারণা আছে তবে এইমাত্র বলা যায় যে সময়ে চিকিৎসা বিশেষ হোমিয়োপ্যাথি মতে সুচিকিৎসা (কারণ অজ্ঞ বা অর্দ্ধ চিকিৎসায় বিস্তর মরে) করিতে পারিলে অনেক মৃত্যুসংখ্যা হ্রাস হইয়া থাকে।

Unfavorable conditions are: old age, bad

নিম্নলিখিত অবস্থা বিসূচিকা রোগ আরোগ্যের প্রতি-কূল

যথাঃ—(১) অকর্ম্মণ্য ও বৃদ্ধাবস্থা (২) অস্বাস্থ্যকর জল, বায়ু ও আহার। (৩) অতিরিক্ত মদ্যপান (৪) ধাতুদৌর্ব্বল্য (৫) মূত্র যন্ত্রের রোগ, (৬) শীঘ্র শীতলাবস্থার উপস্থিতি, (৭) শীঘ্র নাড়ী ছেড়ে যাওয়া (৮) অত্যন্ত শ্বাস-কষ্ট, (৯) শারীরিক উত্তাপের অত্যন্ত হ্রস্বতা (১০) শীঘ্র নীলবর্ণ হওয়া (১১) অজ্ঞান ও অচেতন হওয়া। (১২) হঠাৎ ভেদ বমন বন্ধ হওয়া (অন্ত্রের অবসাদন লক্ষণ)। (১৩) এতদ্ব্যতীত, পূর্ব্বোল্লিখিত যাবতীয় উপসর্গিক লক্ষণ মৃত্যুর সহায়তা করিয়া থাকে।

hygiene, intemperance, debility, Kidney disease, sudden collapse and cessation of purging, pulse and tempt. sinking, stertorous breathing, cyanosis, Coma, and other complications described.

প্রভেদ।—ম্যালেরিয়া জ্বর, একোনাইট, আর্সেনিক ও ওপিয়াম দ্বারা বিষাক্ততা এবং সন্ন্যাসরোগের সহিত বিসূচিকার অনেক সাদৃশ্য দেখিতে পাওয়া যায়। চিকিৎসক প্রত্যেকের স্বাতন্ত্রতা নির্দ্দেশ করিয়া চিকিৎসায় প্রবৃত্ত হইবেন।

মারাত্মক ম্যালেরিয়া জ্বরের মগ্নাবস্থায় বিসূচিকা সদৃশ অবসাদন হইয়া পরক্ষণে প্রবল জ্বর হইয়া থাকে। একোনাইট সদৃশ অবসাদনে ভেদ হয় না। আর্সেনিক সদৃশ অবসাদনে পেটজ্বালা ও গাত্রদাহের আধিক্য হয় এবং উদরে প্রদাহ হইয়া থাকে। ওপিয়াম দ্বারা অবসাদন হইলে পেট ফুলিয়া যায়, চক্ষুর তারা ক্ষুদ্র হয় এবং সন্ন্যাস গ্রস্ত রোগীর হঠাৎ সংজ্ঞালোপ ও তৎসঙ্গে পক্ষাঘাতের লক্ষণ থাকে ইত্যাদি।

Differential diagnosis. Cholera resembles Malaria, Aconite Arsenic, and Opium poisoning, Apoplexy. Malarial collapse followed by high fever. Aco.—Collapse without purging Ars.—Collapse with burning Opium collapse with tympanites and contracted pupil Apoplexy with loss of consciousness and paralysis.

চিকিৎসা।

পূর্ব্বে লিখিত হইয়াছে যে চিকিৎসকেরা রোগের অবস্থা বা লক্ষণ রাশিকে বর্ণনার সুবিধার জন্য নানা শ্রেণীভুক্ত করিয়া থাকেন, বাস্তবিক অনেক সময়ে এই বিভাজন প্রণালী "মোটের উপর" ঠিক থাকে, কিন্তু প্রকৃত পক্ষে সম্মুখস্থ রোগীর

Physicians generally divide diseases into several groups for the convenience of a good des-

cription of them, but in actual practice we donot find them as such, rather we see that the several divisions are fused with each other.

চিকিৎসা কালে চিকিৎসক দেখিতে পান যে তাঁহার পুস্তকে লিখিত সেই রোগের শ্রেণী-বিভাগ সুতরাং উহার প্রত্যেক অবস্থার লক্ষণগুলি সবই প্রায় মিশ্রিত হইয়া পড়িয়াছে, অর্থাৎ যদি রোগের পাঁচটী অবস্থা থাকে, সেই পাঁচটী ঠিক পরে পরে প্রকাশিত না হইয়া প্রথমের সহিত দ্বিতীয়, প্রথমের স্থানে একেবারে তৃতীয়, অথবা দ্বিতীয়ের সহিত ৫ম, অথবা প্রথমেই "কাবার" বা শেষ; অর্থাৎ অন্য অবস্থায় উপনীত হইতে হয় না ইত্যাদি।

Again we find in books, groups of medicines are attached as Curative for each section of the disease, but in practice we find the several drugs of the 1st stage may be of use for the last stage and viceversa.

আবার পুস্তকে লেখা থাকে দেখিতে পাই যে প্রথম অবস্থায় এতগুলি ঔষধ, ২য় অবস্থায় ও তৃতীয়ের জন্য অন্যবিধ ইত্যাদি, কিন্তু কার্য্যকালে দেখা যায় প্রথম অবস্থায় দ্বিতীয় বা তৃতীয় শ্রেণীর ঔষধের মিল রহিয়াছে, তৃতীয় অবস্থায় আবার প্রথম শ্রেণীর ঔষধের লক্ষণ রহিয়াছে ইত্যাদি।

Hence beginners are generally confused and bewildered to select the proper remedy in a disease like cholera which is so classified. A fearfully mortal disease like cholera should therefore be treated by a qualified physician than by a quack who prescribes at random.

Students should therefore treat cholera according to Physiology and symptomatology of each drug, heedless of cholera-stages and their treatment.

এই জন্য নূতন শিক্ষার্থী বা নূতন চিকিৎসককে সময়২ রোগ বিশেষে চিকিৎসার জন্য বড়ই গোলে পড়িতে হয়। যত প্রকার রোগ ও উহার চিকিৎসায় এইরূপ গোলযোগের সম্ভাবনা তন্মধ্যে বিসূচিকা ও ইহার চিকিৎসা প্রথম বলিয়া পরিগণিত হইতে পারে; সেইজন্য বিসূচিকা রোগের কোন্ অবস্থায় কোন্ ঔষধ বিশেষরূপে নির্দিষ্ট না করিয়া প্রত্যেক ঔষধের বিসূচিকা সদৃশ যাবতীয় লক্ষণ বর্ণনা করিতে প্রবৃত্ত হওয়া গেল, সুবুদ্ধি ছাত্রগণ! লক্ষণ বুঝিয়া ও মিলাইয়া চিকিৎসায় ব্রতী হইও, অমৃত ফলিবে। বিসূচিকা রোগ যেমন ভয়ঙ্কর, উহার চিকিৎসাও তেমনি কঠিন; অন্যরোগে দুদিন ১০দিন হাতুড়ে চিকিৎসা চলিতে পারে কিন্তু ওলাওঠার চিকিৎসা বিচক্ষণ চিকিৎসকের দ্বারা হওয়া কর্ত্তব্য।

মহাত্মা হানিমান বিসূচিকা রোগ না দেখিয়াই প্রথমে ক্যাম্ফার (কর্পূর) ঔষধকে উহার প্রতিষেধক বলিয়া প্রস্তাব ও ব্যবহার করেন। তৎপরে বলেন যে এইরোগে ভেরেট্রাম্ ও কুপ্রাম বিশেষ উপযোগী হইতে পারে। জর্ম্মন দেশের এই তিন ঔষধের সহিত গ্রেট্ ব্রিটেন হইতে আর্সেনিক ঔষধ আসিয়া মিলিত হয় অর্থাৎ ইংলণ্ডের হোমিয়োপ্যাথিক চিকিৎসকগণ আর্সেনিক ঔষধকে ওলাউঠার উপযোগী বলিয়া নির্দ্দেশ করেন। এই ৪টী ঔষধ লইয়া পূর্ব্বে হোমিয়োপ্যাথি চিকিৎসা হইত; কিন্তু আর সেকাল নাই, বিজ্ঞানের সাহায্যে বিসূচিকা সদৃশ রোগ বা লক্ষণ উৎপন্ন করিতে পারে এমন বহুসংখ্যক ঔষধের আবিষ্কার হইয়াছে; এক্ষণে সেই সমস্ত ঔষধের উপযোগীতা প্রদর্শন করিয়া পরে বিসূচিকা সম্বন্ধীয় অন্যান্য আবশ্যকীয় বিষয়ের আলোচনা করা যাইবে।

Hahnemann before seeing a cholera case indicated Camph. as its antidote suggesting Verat. and Cupr. also to be benificial. Modern homoeopaths added Ars. and many others to the list.

Let us discuss the usefulness of each.

১। ক্যাম্ফার। কর্পূরের অধিক মাত্রায় ১ম বৈধানিক ক্রিয়া—স্নিগ্ধকারক ও স্নায়বীয় অবসাদক, সুতরাং উহাদের লক্ষণ রূপে শীতল ও অবসাদনাবস্থা উপস্থিত হইয়া থাকে। অতএব বিসূচিকা রোগের প্রথমাবস্থায় হঠাৎ অবসাদন হইলে অর্থাৎ যদি রোগী দাঁড়াইতে সক্ষম না হয়, চক্ষু কোটরাগত হয়, মুখ হাত নীলবর্ণ ও বরফের মত অত্যন্ত শীতল হয়, মুখে নৈরাশ্যের চিহ্ন থাকে, মানসিক যাতনা উপস্থিত হয়, রোগী গোঁয়াইতে থাকে, স্বর মৃদু ও ভাঙ্গাং হয়, পায়ের ডিমে খিল ধরে, এতৎসঙ্গে যদি অধিক পিপাসা, বমনেচ্ছা, বমন ও ভেদ না থাকে তবে তাহাকে সত্ত্বরমতে ক্যাম্ফার ব্যবস্থা করা যাইতে পারে। কিন্তু প্রশ্ন এই, কোন্ মাত্রা ব্যবহার করা যাইবে? কেহ২ ৫মিনিট অন্তর একং বিন্দু কর্পূরের মূল অরিষ্ট অল্প দুগ্ধ শর্করায় সেবন করিতে ব্যবস্থা দেন, কেহ বা দুই এক বারের জন্য একেবারে ৫।৬ বিন্দু ঐরূপে সেবন করিতে বলেন, হঠাৎ অবসাদন লক্ষণে

Camph: in large doses, is primarily refrigerant and sedative, hence it is useful in sudden prostration of cholera.

Camphor indications: sudden prostration, cold sweaty face, sunken eyes bluish and icy cold face and hands, despair, anguish, moaning, hoarseness, Cramps in calves, but without very marked thirst, nausea, vomiting and diarrhœa.

Dose: 5 or 6 drops of mother tinct. of camph. on sugar, in sudden Collapse,

Repeat once or twice if necessary and not more. Camph. Tritu. is prefered to tinct. in very prostrated cases.

Overdosing calls for Coffea, and Phos. for stomach burning.

অথবা অবসাদনাবস্থায় কর্পূর ব্যবহার করিতে হইলে সদৃশ বিধিমতে ৫।৬ বিন্দু একেবারে প্রয়োগ করাই সুযুক্তি; কিন্তু ক্রমাগত সমস্ত দিনের জন্য ঐরূপ মাত্রায় ও ঘন২ সেবন বিধি দিবে না, তাহাতে ঘোর অনিষ্ট হইবে। ক্যাম্ফারের মাত্রা অধিক হইলে কফিয়া ব্যবহার্য্য। কেহ বলেন যে, কফিয়া কর্পূরের ক্রিয়া বৃদ্ধি করে। ক্যাম্ফার সেবনে অত্যন্ত পেট জ্বালা করিলে ফস্ফরাস সেবন বিধি।

Stop Camphor when prostration is succeeded by a glow of warmth, and small rapid and irregular pulse resumes its normal volume and rate.

যাহা হউক, বিসূচিকার হঠাৎ অবসাদন ও যাবতীয় পূর্ব্বোক্ত লক্ষণ বর্ত্তমান থাকিলে পূর্ব্বোক্ত রূপে দুই একবার ক্যাম্ফার মূল অরিষ্ট ৫।৬ বিন্দু মাত্রায় সেবন করাইলে শরীর গরম হইয়া উঠে এবং ক্ষুদ্র, দ্রুত ও অসমান নাড়ী আবার প্রকৃতিস্থ হইয়া থাকে, শীতল ঘর্ম্মের স্থানে গাত্র উত্তপ্ত হয় ইত্যাদি। এরূপ অবস্থায় আর কর্পূর অরিষ্ট প্রয়োগ করিবে না।

Again in small doses Camph. is a nervine, arterial and muscular stimulant and spasmodic; so it is useful in spasmodic cholera, symptoms being, tonic cramps every where, upper lip is drawn up exposing the upper teeth, tetanic spasms of arms, hands legs and lower jaw, palpitation and hard pulse due to Nervous stimulation.

সূক্ষ্ম মাত্রায় ক্যাম্ফার ধমনীর ভ্যাসোমোটর নামক রক্ষাকারী বা শাসক স্নায়ুদিগকে উত্তেজিত ও আক্ষিপ্ত করে; সুতরাং ক্ষুদ্র২ রক্তবহা নাড়ী দিগের সঙ্কোচন বশতঃ রক্তস্রোত কম হয় এবং এইজন্য হৃৎপিণ্ডের কার্য্যের আধিক্য হয়, সুতরাং সজোর ও বেশী হৃদস্পন্দন ও নাড়ী কঠিন হইয়া পড়ে। আবার, ক্যাম্ফার অল্প মাত্রায় স্নায়বীয়, সুতরাং পেশীদিগের উত্তেজক ও আক্ষেপ উৎপাদক। অতএব বিসূচিকা রোগের আক্ষেপ-প্রধান অবস্থায় অথবা রোগের প্রথম হইতে যদি অধিকক্ষণ স্থায়ী সর্ব্বাঙ্গিক আক্ষেপ উৎপন্ন হয়, বিশেষ উপরের ওষ্ঠের প্রবল কুঞ্চন বা খিল ধরা বশতঃ যদি দন্ত বাহির হয়, বাহু, হস্ত, পদ ও নীচের চোয়ালে ধনুষ্টঙ্কারের মত আক্ষেপ উপস্থিত হয়, এবং স্নায়বীয় উত্তেজনা বশতঃ প্রবল হৃৎস্পন্দন ও নাড়ী কঠিন হইয়া পড়ে, তাহা হইলেও কাম্ফার সদৃশবিধি মতে অতি উৎকৃষ্ট ঔষধ। কিন্তু এস্থলেও সেই প্রশ্ন, অর্থাৎ

ক্রম ও মাত্রা কিরূপ হওয়া কর্ত্তব্য? ইহার সদুত্তর এই যে অল্প মাত্রায় অর্থাৎ এক বিন্দু মূল অরিষ্ট অনেক২ বিলম্বে, অর্থাৎ ২।৩।৪ ঘণ্টা অন্তর প্রয়োগ করিবে; অথবা ৩য় ক্রমের অরিষ্ট নূতন প্রস্তুত করিয়া সেবন করান অধিকতর সদৃশ বিধি ও সুযুক্তি। অবসাদন অবস্থায় ক্যাম্ফারের চলিত অরিষ্ট ব্যবহার না করিয়া (কেন না উহাতে অনেকসুরাবীর্য্য পেটে পড়ে) এক ভাগ কর্পূর ৪ ভাগ দুগ্ধ-শর্করার সহিত চূর্ণরূপে প্রস্তুত করিয়া ব্যবহার করিলে ভাল হয়।

Dose: 1 drop of mother tinct. of Camph. on sugar every 5 minutes till relief; or use Camph. 3 which is quite homœopathic to spasms.

অতএব আমরা দেখিলাম যে, বিসূচিকার বিশেষ বিশেষ অবস্থায় বা লক্ষণে ক্যাম্ফারের লক্ষণ মিলাইয়া উপযুক্ত মাত্রা ও পরিমাণ ব্যবহার করিতে হইবে। অর্থাৎ বিসূচিকার (১) হঠাৎ অবসাদনাবস্থায় ক্যাম্ফারের মূল অরিষ্ট অধিক মাত্রায়, এবং (২) সর্ব্বাঙ্গিক আক্ষেপ ও খিল ধরিলে মধ্যমক্রমের অথবা মূল অরিষ্টের অল্প মাত্রায় এবং (৩) পরবর্ত্তী অবসাদনাবস্থায় যদি কোন ঔষধ সেবন করা না হইয়া থাকে, অথবা কর্পূরের অযথা ও অনেক পরিমাণ ব্যবহৃত হইয়া থাকে, তাহা হইলে সদৃশ বিধিমতে ও প্রতিষেধক রূপে এক বা দুইবার অল্প ক্যাম্ফার প্রয়োগ করিবে। অপিচ, ভেদ, বমন ও আক্ষেপ প্রভৃতি যত প্রকার লক্ষণ আছে সকলাপেক্ষা প্রথমতঃ শারীরিক অবসাদন, শীতলতা, নীলবর্ণ এবং আক্ষেপের সহিত ক্যাম্ফার ঔষধের বিশেষ সাদৃশ্য আছে। অতএব অন্যান্য সামান্য লক্ষণের সহিত ঐ শেষোক্ত কয়েকটী মারাত্মক অবস্থা বর্ত্তমান থাকিলে ক্যাম্ফার প্রয়োগ করিতে শঙ্কা করা কর্ত্তব্য নহে। অধঃমস্তিষ্ক বা মেডুলা অবলংগেটাকে উত্তেজিত করিয়া ক্যাম্ফার আক্ষেপ উৎপন্ন করিয়া থাকে। ক্যাম্ফার সদৃশ হিমাঙ্গাবস্থায় ২ ডিগ্রি উত্তাপের হ্রাস হইয়া থাকে।

Law of dose: Large dose or lower dil. in prostration. Small dose or higher dil. in Spasm.

Special indications for Camph:—prostration, with fall of tempt. coldness, cyanoses, spasms with rise of tempt. the cause of *the last* symptom being the excitation of Medulla Oblongata. In large doses Camph reduces 2° degrees of tempt.

২। ভেরেট্রাম এল্বাম—নিমোগ্যাষ্ট্রিক বা ভেগাস্

Veratrum acts upon vagus and M. M.

নামক স্নায়ুর উপর উত্তেজনা প্রকাশ করিয়া বিসূচিকার মত প্রবল বমন, ও জলবৎ ভেদ উৎপন্ন করে। আবার, হৃৎপিণ্ডের ক্রিয়ার হ্রাস করে সুতরাং ধীরে২ অবসাদন ও মৃত্যু লক্ষণ উপস্থিত হয়, শারীরিক উত্তাপ কমায় এবং মস্তিষ্ক কশেরুকমজ্জার সঞ্চালক বা গতিবিধায়ক স্নায়ু সূত্রের উপর বিশেষ ক্রিয়া প্রকাশ করিয়া প্রথমে আক্ষেপ পরে অবসাদন উৎপন্ন করিয়া থাকে। ভেরেট্রাম দ্বারা শীঘ্র প্রস্রাব বন্ধ হয় না।

ভেরেট্রাম আর্সেনিকের মত পাকাশয় ও অন্ত্র মধ্যে স্থায়ী প্রদাহ উৎপন্ন করে না, এবং ক্যাম্ফারের মত শরীরে নীলবর্ণ ও হঠাৎ অত্যন্ত অবসাদন উপস্থিত করে না। সুতরাং যদি সর্ব্ব শরীরে শীত বোধ হয় ও গাত্র শীতল থাকে অথচ সম্পূর্ণ অবসাদন লক্ষণ না থাকে, অত্যন্ত ভেদ ও ভেদের পরিমাণ অনুসারে দুর্ব্বলতা উপস্থিত হয়, অর্থাৎ ধীরে২ শরীর অবসন্ন হইয়া পড়ে, অধিক আক্ষেপিক শূলবেদনা, বিনা কষ্টে হড়হড় করিয়া পরে চাল ধোয়া জলের মত অধিক জলবৎ ভেদ হয়, কিন্তু প্রায়ই ভেদ পিত্ত সংযুক্ত থাকে; প্রবল তৃষ্ণা প্রযুক্ত একেবারে অনেক পরিমাণে জলপান করে, টক্ খাইতে ইচ্ছা ও অধিক পরিমাণে বমন হয়, ম্যালেরিয়া সদৃশ এক প্রকার বিশেষ বিষ হইতে যদি রোগের আক্রমণ না হয়, হস্ত ও পদ হইতে বহুক্ষণ স্থায়ী আক্ষেপ আরম্ভ হইয়া যদি সমস্ত শরীরে তাহা ব্যাপ্ত হয়, বিশেষ পেটের ভিতর অত্যন্ত খিল ধরে ও শ্বাসকষ্ট হয়; এবং এতৎসঙ্গে যদি ললাটে শীতল ঘর্ম্ম, ক্ষুদ্র ও সূতার মত ক্ষীণ নাড়ী,

of stomach and intestines and produces violent choleraic vomiting and watery diarrhoea; it lessons blood pressure and brings gradual collapse and death, reduces tempt. and lastly causes spasms and paralysis through Cerebro. Spinal S.

Veratr, is less inflammatory in character than Ars. and does not produce cyanosis and sudden prostration like Camph.

Veratrum Alb. indications: Coldness, not quite prostration *corresponding* with profuse rice water or bilious stools, expelled 1st with difficulty, then in forcible gushes with little or no griping, excessive thirst and vomiting, drinking large quantities at a time, desire for acids, not malarial in origin, Cramps from extremities and belly, anxious breathing,

মানসিক যাতনা, মৃত্যুভয় ও শিরোঘূর্ণন প্রভৃতি লক্ষণ বর্ত্তমান থাকে তবে ভেরেট্রাম-এল্বাম্ অতি উপযুক্ত ঔষধ বলিয়া জানিবে।

cold sweat on forehead, small thready pulse, anguish, fear of death and vertigo.

মাত্রা।—রোগের অবস্থা ও লক্ষণানুসারে ৩।৬।১২।৩০ ক্রম ব্যবহৃত হইয়া থাকে। এক্ষণে ভেরেট্রাম সম্বন্ধে যাহা আলোচিত হইল তাহাতে আমরা এই জানিতে পারি, যে যদি ইহা দ্বারা স্নায়ু ও পেশীদিগের অবসন্নতা হয়, তথাপি প্রথমে উহাদের ক্ষণিক ও প্রবল আক্ষেপ উপস্থিত হইয়া থাকে; অতএব আক্ষেপ নিবারণে উচ্চ ও অবসাদনের জন্য নিম্ন ক্রম বিধেয়।

Dose : 3. 6. 12. 30. higher for Spasm, lower for nervous and muscular Paralysis or prostration.

আক্ষেপ ও ধীর অবসাদন এই দুই লক্ষণের মধ্যে শেষোক্ত লক্ষণটী ভেরেট্রাম প্রয়োগের বিশেষ লক্ষণ বলিতে হইবে, কারণ, আক্ষেপের জন্য অন্যান্য ভাল ঔষধও আছে, কিন্তু হৃৎপিণ্ডের অবসাদন জনিত হিমাঙ্গাবস্থা উপস্থিত হইলে ভেরাট্রাম বা উহার বীর্য্য ভেরেট্রিণ ৩য় দশমিক বা ৩য় শতমিক ক্রম ৫ মিনিট অন্তর ব্যবস্থা করা যায়। শারীরিক পরিশ্রম অথবা গ্রীষ্মকালীন সর্দ্দিগর্ম্মী রোগ ভেরেট্রাম সদৃশ অবসাদনের প্রধান কারণ; পেশীর কুঞ্চনে আক্ষেপ উপস্থিত হইয়া থাকে।

Gradual prostration is characteristic of Veratr. 3x. Veratr. or Veratrine every 5 minutes, is homoeopathic to prostration. cause of prostration excessive labor and heat. Cause of spasm muscular contraction.

৩। রিসিনিস্। রিসিনিস বা এরণ্ডবীজ ৮।১০টী অথবা ঐ ফলের ১৫০ গ্রেণ শস্য-চূর্ণ সেবন করিলে অত্যন্ত ভেদ ও বমন হয়, এমন কি নান সংখ্যা ৫ গ্রেণ সেবন করিলেও ভেদ ও বমন হইয়া থাকে। অধিক মাত্রায় রিসিনিস সেবন করিলে পাকাশয় ও অন্ত্রস্থিত শ্লৈষ্মিক ঝিল্লীর ক্ষয়কারী প্রদাহ উৎপন্ন হয়, কিন্তু অল্প মাত্রায় ঐরূপ হয় না, কেবল পাকাশয়ে কিঞ্চিৎ রক্তাধিক্য ও অন্ত্রস্থিত শ্লৈষ্মিক ঝিল্লীতে কাল বর্ণের রক্ত জমিয়া থাকে। ইহাদ্বারা অণ্ডলালময় প্রস্রাব ও পাণ্ডুরোগ হইয়া

Ricinis in large doses causes vomiting and purging, and inflammation of the mucous membrane of stomach and intestines; but in small doses it produces their slight congestion. It causes albuminous urine

and jaundice. Ricinis stools are mostly painless and rice colored, but sometimes reddish, it causes secondary spasms through inflammations of the nervous system.

থাকে। ইহাদ্বারা যে ভেদ ও বমন হয় তাহাতে রোগীর প্রায় কিছুই যাতনা হয় না। সুতরাং বেদনাহীন উদরাময় এই ঔষধের বিশেষ লক্ষণ বলিয়া নির্দ্দেশিত হইয়াছে। জলবৎ ভেদ ও বমন বৃদ্ধি হইতে থাকিলে স্নায়ুমণ্ডলীর প্রদাহ হইয়া গৌণভাবে আক্ষেপ উৎপন্ন হইয়া থাকে। কখনং ইহার দ্বারা সিরাম্ বা রক্তরসের মত রাঙ্গা ভেদ হয়; কিন্তু সচরাচর ইহার দ্বারা চাউল ধোয়ার মত ভেদ হইয়া থাকে।

Ricinis indications in the 2nd stage of cholera:—painless and rice colored purging, cold, pale, wrinkled skin, cold sweat on forehead, eyes turned upward, watering, dilated pupils, headache, vertigo, ringing ears, epi and hypogastric pressure, thirst heart-burn, nausea, suppressed urine weak voice, sopor, bodily and mental debility, weak pulse &c. Avoid much repitition. Dose 3, 6.

সুতরাং বিসূচিকার ভেদ ও বমন-প্রধান অবস্থায় কষ্টকর আক্ষেপ বর্ত্তমান না থাকিলে অথচ চেলুনি জলের মত বা রাঙ্গা ভেদ (প্রকৃত রক্ত নয়), চর্ম্ম শীতল, বিবর্ণ ও কোঁচকান বা লোল-চর্ম্ম, কপালে শীতল ঘর্ম্ম, উর্দ্ধ দৃষ্টি, চক্ষুতে জলপড়া, প্রসারিত কনীনিকা,, শিরোবেদনা, শিরোঘূর্ণন, কর্ণে শব্দবোধ, পাকাশয়ে ভার বোধ, তলপেটেবেদনা, প্রবল তৃষ্ণা, বুকজ্বালা, বমনেচ্ছা, প্রস্রাব বন্ধ, ক্ষীণস্বর, তন্দ্রা, শরীর মনের নিস্তেজভাব ও ক্ষীণ নাড়ী প্রভৃতি লক্ষণ বর্ত্তমান থাকিলে রিসিনিস বিশেষ উপযোগী। কয়েক ঘণ্টা মধ্যে রিসিনিস দ্বারা উপকার না হইলে অথবা স্নায়ুবিকৃতি লক্ষণ প্রকাশ পাইলে অন্যবিধ ঔষধের সাহায্য লইবে।

ভেরেট্রাম, রিসিনিস্, কুপ্রাম ও মার্কুরিয়াস্
ঔষধগুলির পার্থক্য বিচার।

Veratr. stools bilious, Ricinis stools white.

(১) ভেরেট্রামের মল জলবৎ, কিন্তু ঈষৎ পিত্তসংযুক্ত, রিসিনিসের মল অধিকাংশ স্থলে শুভ্র অর্থাৎ চাউল ধোয়ার মত এবং অল্প স্থলে রক্তবর্ণের হইয়া থাকে।

Veratr. has spasms, Ricinis none.

(২) ভিরেট্রাম সদৃশ মল, বেদনা বা আক্ষেপের সহিত প্রথমে বাহির হয়, রিসিনিস ঠিক উহার বিপরীত।

(৩) ভেরেট্রামে প্রস্রাব বন্ধ হয় না, রিসিনিসের দ্বারা প্রস্রাব প্রায়ই বন্ধ হইয়া থাকে। — Suppression of urine in Ricinis, none in Veratr.

(৪) আক্ষেপযুক্ত বিসূচিকায় প্রথমে যেমন ক্যাম্ফার ভাল, বেদনা বা আক্ষেপ শূন্য উদরাময়-বিসূচিকায় তেমনি রিসিনিস ফলপ্রদ। — Camph. in Spasmodic, Ricinis in painless cholera.

(৫) রিসিনিস দ্বারা শারীরিক উত্তাপের শীঘ্র হ্রাস হয় না; ভেরেট্রাম সদৃশ বিসূচিকায় তদ্বিপরীত। — Veratr. reduces tempt. Ricinis not.

(৬) কুপ্রামে অগ্রে পেট বেদনা করে, পরে ভেদ হয়, রিসিনিস ঔষধে ভেদ হইয়া পরে পেট বেদনা করে। — 1st spasm 2nd diarrhœa in Cuprum. Ricinis opposite.

(৭) বিসূচিকা রোগে কষ্টকর বেগের সহিত রক্ত মিশ্রিত ভেদ হইলে মার্কুরিয়াস-করোসাইভাস, আর, সহজে কেবল রক্তবর্ণের ভেদ হইলে রিসিনিস উপযোগী। — Merc. Cor. in bloody diarrhœa with tenesmus, Ricinis contrary.

মাত্রা। রিসিনিস ৩ ও ৬ ক্রমে সাধারণতঃ ব্যবহৃত হইয়া থাকে। — Dose: 3, 6.

৪। য্যাট্রোফা।—সেবন করিলে হৃৎপিণ্ডের অবসাদন ও হৃদস্পন্দন হয়, ভেগাস স্নায়ুর মধ্য দিয়া ইহা পাকাশয়ের উপর ক্রিয়া প্রকাশ করে, কিন্তু রিসিনিসের মত প্রদাহ উৎপন্ন করে না, ইহা দ্বারা প্রথমে প্রবল বিবমিষা বা বমনেচ্ছা হয় তৎপরে অণ্ডলালময় বমন হয় এবং তৎপরে শুভ্র বিরেচন আরম্ভ হইয়া থাকে। — Jatropha causes paralysis and palpitation of the heart, produces violent nausea, vomiting and diarrhœa.

সুতরাং ডিম্বের শ্বেত অণ্ডলালবৎ ও আঠার মত শুভ্র ও প্রবল বমন, সজোরে ভেদ, (ক্রোটন্ টিগলিয়ম্ ও ফস্ফারাসের মত), উদর মধ্যে গড়্‌ড় শব্দ যেন বোতল হইতে জল পড়ে, পায়ের ডিমে খাল ধরা, (প্রবল খাল ধরা প্রযুক্ত ঐ স্থানের পেশী গুলি সমতল হইয়া যায়) মনে আনন্দানুভব সুতরাং পূর্ব্বোক্ত আক্ষেপ প্রভৃতিতে অমনোযোগ, অথবা উদ্বেগ ও ভয় (যেন পায়ের ডিমে আক্ষেপ উপস্থিত হইল) এতৎসঙ্গে পেটজ্বালা, — Jatropha indications in cholera : whitish vomiting, stools in gushes, gurgling, rumbling, Cramps in calf, ecstasy and indifference to pain, anxiety, stomach burning, belly

drawn in, cold body, pulselessness, sweat.

পেট খালে পড়া, শীতল কলেবর ও শীতল ঘর্ম্ম,এবং নাড়ী লোপ হইলে য্যাট্রোফা উপযোগী।

রিসিনিস্ ও য্যাট্রোফার প্রভেদ।

Jatropha is more spasmodic than Ricinis.

(১) রিসিনিস্ ঔষধাপেক্ষা য্যাট্রোফার আক্ষেপ অধিক।

Ricinis causes suppression of urine and even death, Jatro.contrary.

(২) রিসিনিস্ ঔষধ দ্বারা প্রস্রাব বন্ধ হয়, য্যাট্রোফা ও ইউফর্ব্বিয়া দ্বারা প্রস্রাব বন্ধ হয় না।

(৩) য্যাট্রোফা দ্বারা বিষাক্ত হইলে মৃত্যু হয় না, কিন্তু রিসিনিস দ্বারা মৃত্যু ঘটিয়া থাকে।

Jatropha causes 1st vomiting then purging.

(৪) য্যাট্রোফা দ্বারা ভেদের পূর্ব্বে বমন হয়।

Dose. 3 6.

মাত্রা। য্যাট্রোফা প্রায় ব্যবহৃত হয় না, প্রয়োজন হইলে ৩ ও ৬ ক্রমে প্রয়োগ করা যাইতে পারে।

Euphorbia causes sudden vomiting 1st of food, 2nd watery mucus, and rice coloured stools.

৫। ইউফর্ব্বিয়া—দ্বারা পূর্ব্বে কোনরূপ যাতনা প্রকাশ না পাইয়াই অত্যন্ত বিবমিষা বা বমনেচ্ছা হয়, শরীর দুর্ব্বল হইয়া পড়ে ও হঠাৎ বমন হইয়া থাকে। প্রথমে ভুক্তদ্রব্য বমন, মধ্যে জলবৎ শ্লেষ্মা ও অবশেষে চাউল ধোয়ার মত ভেদ হইয়া থাকে। এক ঘণ্টা কাল ঐরূপ ভেদ ও বমন হইলে রোগী উদ্বিগ্ন ও দুর্ব্বল হইয়া মৃত্যু মুখে পতিত হয়।

য্যাট্রোফা ও ইউফর্ব্বিয়ার প্রভেদ।

Jatropha causes violent nausea vomiting, Euphorb sudden vomiting.

(১) য্যাট্রোফা দ্বারা প্রথমে প্রবল বমনেচ্ছা তৎপরে বমন, ইউফর্ব্বিয়া দ্বারা হঠাৎ বমন হইয়া থাকে।

Jatropha stools after Vomiting, *Euphorb.* Vomiting and purging at the same time.

(২) য্যাট্রোফার দ্বারা বমনের পরে ভেদ হয়, ইউফর্ব্বিয়া দ্বারা ভেদ ও বমন একত্রে হইয়া থাকে।

Jatropha has spasms rumbling and flatulence. Euphorbia has none.

(৩) য্যাট্রোফার আক্ষেপ, পেটের ডাক ও ফাঁপ থাকে ইউফর্ব্বিয়ায় এ সকল লক্ষণ কিছুই দৃষ্ট হয় না।

Jatropha causes cramps of legs; Euphorb. none.

(৪) য্যাট্রোফার পায়ের ডিমে প্রবল আক্ষেপ ও হৃদস্পন্দন হয়, ইউফর্ব্বিয়ায় এ সকল কিছুই উৎপন্ন করে না।

রিসিনিস, ঝ্যাট্রোফা ও ইউফর্ব্বিয়া ঔষধত্রয়ের বিশেষ প্রয়োগ লক্ষণ :— Ricinis is useful in cholera from diarrhœa,

উদরাময় হইয়া বিসূচিকা হইলে রিসিনিস, বিবমিষা বা বমনেচ্ছা হইয়া বমন হইলে ঝ্যাট্রোফা এবং হঠাৎ বমন হইলে ইউফর্ব্বিয়া প্রয়োগবিধি। Jatropha in violent nausea. Euphorbia in sudden vomiting.

মাত্রা। ইউফর্ব্বিয়া প্রায় ব্যবহৃত হয় না, প্রয়োজন হইলে ৩ দশমিক ক্রম প্রয়োগ করা যাইতে পারে। Dose. 3 x.

৬। ক্রোটন্-টিগ্‌লিয়াম্—ঔষধ উদরস্থিত সিমপেথেটিক্ বা সমবেদন স্নায়ুমণ্ডলের মধ্য দিয়া ৫ প্রকার বিশেষ ক্রিয়া প্রকাশ করিয়া থাকে যথাঃ— Croton. Tig. has 5 actions through sympathetic.

(১) অন্ত্রের উপর ক্রিয়া প্রকাশ করিয়া এক ঘণ্টার মধ্যে প্রবল বিরেচন অর্থাৎ প্রচুর জলবৎ ভেদ হইয়া থাকে। Causes copious watery stools.

(২) অন্ত্রস্থিত শ্লৈষ্মিক ঝিল্লীতে প্রবল প্রদাহ উৎপন্ন করে, সুতরাং লালাস্রাব, বমনেচ্ছা, পেটে জ্বালা, বেদনা, খোঁচানি প্রভৃতি লক্ষণ প্রকাশ পায়। Flow of saliva, nausea, heat, burning, pain, tormina.

(৩) ভেগাস্ বা নিমোগ্যাস্‌ট্রিক্ স্নায়ুর মধ্য দিয়া পাকাশয় মধ্যে ক্রিয়া প্রকাশ করিয়া বমনেচ্ছা ও প্রবল বমন উৎপন্ন করে। Vomiting through Vagus.

(৪) যকৃতে ক্রিয়া প্রকাশ করিয়া পিত্ত নিঃসরণ বৃদ্ধি করে। Flow of bile.

(৫) ত্বকে লাগাইলে পামা, ও ফোস্কা জনক অথবা ব্রণবৎ চর্ম্মরোগ উৎপন্ন করিয়া থাকে। Eczema, vesicular and pustular eruptions in skin.

এতদ্ব্যতীত, মাত্রা অধিক হইলে সিমপেথেটিক্ স্নায়ু অতিক্রম করিয়া মস্তিষ্ক-কশেরুক-মজ্জায় ক্রিয়া প্রকাশ করে সুতরাং ভয়ানক অস্থিরতা, প্রবল হৃদস্পন্দন, শিরোবেদনা, শিরোঘূর্ণন, সমস্ত শরীর হইতে অগ্নিশিখা বহির্গমন, সূত্রবৎ নাড়ী, বিকৃতদেহ, সর্ব্বাঙ্গে শীতল ঘর্ম্ম, অবসাদন ও মৃত্যু হইয়া থাকে। Besides: restlessness, palpitation, headache, vertigo, flushes of heat, thready pulse, sunken features, cold sweats, prostration and death.

Croton indications : Diarrhœa: copious, sudden watery, green or yellow, water like, as if shot out of a gun, worse after drinking, flatulence prostration &c.

সুতরাং বিসূচিকা রোগে যদি হঠাৎ প্রচুর পরিমাণে, পরিষ্কার জলবৎ অথবা হলুদ গোলা জল, বা সবুজ বর্ণের ভেদ হয় এবং উহা বন্দুকের গুলির মত সজোরে বাহির হয়, (ফস্কাফারাসের মত), পেট গড়মড় করে, ও কামড়ায়, মল দ্বার জ্বালা করে, অল্প জলপান করিলেই ভেদ হয় (বিশেষ শিশুদিগের পক্ষে), তৎসঙ্গে মুখে জল উঠা, পেট কাঁপা, পূর্ব্বোল্লিখিত মস্তক লক্ষণ ও অবসাদন প্রভৃতি বর্ত্তমান থাকিলে ক্রোটন্ টিগ্লিয়াম্ বিশেষ উপকার করে।

Croton in cholera from suppressed skin diseases (also Euphorb).

ক্রোটন্, ইউফর্ব্বিয়া ও আর্সেনিকের প্রভেদ।

শারীরিক স্ফোটজনক প্রবল চর্ম্মরোগ চাপিয়া গিয়া বিসূচিকা রোগ হইলে ক্রোটন্ টিগলিয়াম্ ও ইউফর্ব্বিয়া ভাল।

Ars. and Apis from suppressied urticaria.

চর্ম্মরোগ আমবাত সদৃশ হইলে এপিস্ ও আর্সেনিক উপযোগী।

Croton in cholera infantum during dentition with nausea and repeated yellow or green stools. Dose : 12, 30.

শিশুদের দন্তোদ্গম কালে শিশু-বিসূচিকায় প্রবল বমনেচ্ছা, ঘন ঘন পীত ও সবুজ বর্ণের ভেদ হইলে ক্রোটন্ বিশেষ উপযোগী।

মাত্রা। ১২ ও ৩০ ক্রম সর্ব্বদা প্রচলিত।

Antim. Tart causes catarrh of Mucous Memb. nausea and vomiting, paralysis of heart, liquifaction of blood, and nervous and muscular paralysis. Antim. tart Stools: watery mucous bilious or bloody.

৭। টারটার এমেটিক্ ঔষধ শ্লৈষ্মিক ঝিল্লীর ক্রিয়া বৃদ্ধি করিয়া শ্লেষ্মা নির্গত করে, ভেগাস স্নায়ুর উপর ক্রিয়া প্রকাশ করিয়া বমন উৎপন্ন করে, হৃৎপিণ্ডের অবসাদন ও শোণিত তরল করে, এবং চৈতন্যোৎপাদক ও সঞ্চালক স্নায়ু এবং পেশীদিগের অবসাদন করিয়া থাকে। ইহা দ্বারা পরিশেষ আক্ষেপ উৎপন্ন হইয়াও থাকে। টার্টার এমেটিক সেবন জনিত মল জলবৎ, শ্লেষ্মা সংযুক্ত, পিত্ত মিশ্রিত, অথবা রক্ত সম্বলিত।

Antim tart, indications : vomiting, diarrhœa, pros-

সুতরাং বিসূচিকা রোগে অত্যন্ত বমন, জলবৎ ভেদ,

সর্ব্বাঙ্গিক অবসন্নতা এবং সূত্রবৎ ও কম্পনশীল নাড়ী হইলে টার্টার-এমেটিক ব্যবহার করা যাইতে পারে। tration, thready and trembling pulse.

টারটার-এমেটিক ভেরেট্রাম ও আর্সেনিকের প্রভেদ।

(১) হৃৎপিণ্ডের অবসন্নতা হেতু নাড়ী লোপ হইলে টারটার এমেটিক্ ভেরেট্রাম ঔষধের সদৃশ। Weak pulse of Ant. tart due to Heart's paralysis.

(২) বসন্ত রোগের কালে অথবা বিসূচিকার সহিত বসন্ত রোগের কোন প্রকার সম্বন্ধ থাকিলে এণ্টিমটার্ট উপযোগী। Ant. tart in cholera after small pox.

(৩) টার্টার এমেটিক্ ও ভেরেট্রাম এই উভয়বিধ ঔষধের লক্ষণ স্বরূপ প্রবল আক্ষেপ, শীতল জল ও অম্লে রুচি এবং বমন হইয়া থাকে, কিন্তু টার্টার এমেটিক ঔষধে অধিক তন্দ্রা ও আক্ষেপ বর্ত্তমান থাকে। আবার, টারটার এমেটিক দ্বারা শ্লৈষ্মিক ঝিল্লীর প্রবল প্রদাহ হয়, ভেরেট্রাম দ্বারা সেরূপ হয় না। Ant. tart and Veratr. are analogues, More sopor, spasm and inflammation in former, than latter,

(৪) টার্টার-এমেটিকের সহিত আর্সেনিক ঔষধের যথেষ্ট মিল দৃষ্ট হয়, অত্যন্ত অবসাদন হইলে অর্থাৎ জীবনের আশা না থাকিলে টার্টার এমেটিক অপেক্ষা আর্সেনিক উপযোগী। আবার, টারটার-এমিটিকের তন্দ্রা ও আর্সেনিকের অস্থিরতা এই দুইটী স্বতন্ত্র লক্ষণ স্মরণ রাখিতে হইবে। Antim tart in mild, Ars in graver cases, sopor of Antim tart, restlessness of Ars.

(৫) টার্টার-এমেটিক ঔষধের সহিত কুপ্রাম ঔষধেরও সাদৃশ্য আছে। Ant. tart resembles Cuprum.

(৬) যেস্থলে ভেদ বন্ধ হইলে বমনের বৃদ্ধি, আবার, বমন কম পড়িলে ভেদের আধিক্য হয় তথায় এণ্টিম্-টার্ট বিশেষ উপযোগী। Vomiting or diarrhœa is prevalent in Antim-cholera.

মাত্রা। টারটার এমেটিক সর্ব্বদা ব্যবহৃত হয় না, প্রয়োজন হইলে ইহার তৃতীয় শতমিক ক্রম বিধি। Dose : 3.

৮। ইলাটিরিয়াম্।—দ্বারা প্রচুর পরিমাণে জলবৎ ভেদ হইয়া থাকে। ইহা অত্যন্ত উগ্র ঔষধ। ইহা দ্বারা বিষাক্ত Elaterium causes excessive vomiting

and watery purging. It may be tried where Veratr. fails.

হইলে পাকাশয় ও অন্ত্রে অত্যন্ত প্রদাহ হইয়া থাকে। বিসূচিকা রোগে যদিও আন্ত্রিক প্রদাহ চিহ্ন লক্ষিত হয় না তথাপি ঐ রোগে পর্য্যাপ্ত পরিমাণে জলবৎ ভেদ ও বমন হইলে এবং ভেরেট্রাম দ্বারা ভেদ ও বমন নিবারিত না হইলে ইলাটিরিয়াম্ উপকার করিতে পারে।

Dose: 2. 3. 6.

মাত্রা। ২।৩।৬ ক্রম ব্যবহার করা যাইতে পারে।

Cuprum causes violent gastro-enteritis. Through vagus causes violent vomiting and convulsive respiration, causes suppression of urine, cramp, convulsion. paralysis. Through crebro spinal-system causes vaso-motor paralysis hence blood pressure is lowered.

৯। কুপ্রাম। কুপ্রাম সেবনে পাকাশয় ও অন্ত্রে প্রবল প্রদাহ উপস্থিত হয় সুতরাং ক্রমান্বয়ে শ্লেষ্মার বৃদ্ধি, পাকাশয়ে জ্বালাকর বেদনা, মুখে লালাস্রাব, বমনেচ্ছা, বমন, অন্ত্রাক্ষেপ, রক্তাতিসারিক ভেদ, এবং ক্ষুধা এককালীন লোপ হইয়া থাকে। নিমোগ্যাসট্রিক স্নায়ুর উপর ক্রিয়া প্রকাশ করিয়া প্রবল বমন ও আক্ষেপ জনক শ্বাসকষ্ট উৎপন্ন করে। মূত্র-যন্ত্রে ক্রিয়া প্রকাশ করিয়া মূত্র নিঃসরণ বন্ধ করে। মস্তিষ্ক কশেরুক মজ্জার মধ্য দিয়া সর্ব্বাঙ্গিক আক্ষেপ এবং পরিশেষে অবসাদন করিয়া থাকে। রক্তসঞ্চালন ক্রিয়ার শাসক ভেসোমোটর স্নায়ুদিগকে অবসাদন করিয়া রক্তস্রোত মন্দীভূত করিয়া থাকে ইত্যাদি।

Cuprum indication: Clonic spasms in abdomen and all over the body, 2nd stage. Stomach pressure, pain and flatulence tight chest, great thirst, vomiting and diarrhoea, less after drinking, desire for hot drink &c, mucous and whey like diarrhoea with much wind passing, anxiety, cold face

সুতরাং বিসূচিকা রোগের অবস্থায়, যদি থেকে২ সর্ব্বশরীরের স্থানে২ বিশেষ উদর মধ্যে প্রবল আক্ষেপ প্রযুক্ত রোগীর পাকাশয়ে ও অন্ত্রে চাপ, বেদনা ও ফাঁপ, স্পর্শে বৃদ্ধি, বক্ষে চাপ, আক্ষেপ ও শ্বাসকষ্ট বোধ, অত্যন্ত পিপাসা (জলপান করিলে, কল২ বা গড় গড় শব্দ হয় ও ক্ষণকালের জন্য বমন ও ভেদ কম পড়ে) ঘোলের মত অধিক পরিমাণে ভেদ, তৎসঙ্গে অনেক বায়ুনিঃসরণ, উষ্ণ পানাহারে প্রবৃত্তি ও তৃপ্তি, মানসিক উদ্বেগ শীতল মুখমণ্ডল ও দেহ, নীলবর্ণের ওষ্ঠ, বক্র লোম, জলাহারে

কৃমিবৎ সড়সড়ানি ও মূত্র নিঃসরণ বন্ধ হয় তবে কুপ্রাম মহৌষধ।

কুপ্রামে ও আর্সেনিকে প্রভেদ।

কুপ্রাম যদিও অন্নবহানালীতে প্রদাহ উৎপন্ন করে তথাপি উহা আর্সেনিক সদৃশ প্রবল নহে। আর্সেনিক অপেক্ষা কুপ্রাম ঔষধ বিসূচিকায় উপযোগী; কারণ বিসূচিকায় প্রদাহিত লক্ষণ দৃষ্ট হয় না। সেই জন্য হানিমান বলিয়াছেন যে কাম্ফারের পর প্রয়োজন হইলে একেবারে কুপ্রাম ব্যবহার করিবে। কুপ্রাম সাক্ষাৎ সম্বন্ধে স্নায়বীয় আক্ষেপ উৎপাদক, আর্সেনিক শ্লৈষ্মিক ঝিল্লীর উপর ক্রিয়া প্রকাশ করিয়া প্রতিধাবিত সুতরাং গৌণভাবে আক্ষেপ উৎপন্ন করে।

কুপ্রামের আক্ষেপ প্রথমে সিমপেথেটিক বা সমবেদন স্নায়ুমণ্ডলের সোলার প্লেক্সস হইতে অর্থাৎ পেটের মধ্যস্থল হইতে আরম্ভ হইয়া অধঃমস্তকে বা মেডুলায় উপনীত হয়, ক্যাম্ফার তদ্বিপরীত।

আর্সেনিক দ্বারা শীঘ্র নাড়ী লোপ হয়, কুপ্রাম দ্বারা তাহা হয় না, ইত্যাদি। সুতরাং কুপ্রাম ঔষধ সাধারণ বিসূচিকার দ্বিতীয় অবস্থায় আর্সেনিক অপেক্ষা ভাল। অধিক আক্ষেপ ও অল্প অবসাদন এরূপ অবস্থায় কেবল কুপ্রাম, আর, অধিক অবসাদন ও অল্প আক্ষেপ এরূপ অবস্থার ৩য় ও ৬ষ্ঠ ক্রমের কুপ্রি-আর্সেনিক ভাল। অন্নবহানলীর ও স্নায়ুর প্রদাহ বশতঃ কুপ্রাম বিসূচিকারোগের আক্ষেপ ও বমন নিবারণ করে, প্রকৃত রোগের কিছু করিতে সক্ষম হয় না। ধামনিক উত্তেজনা বা কুঞ্চন জনিত আক্ষেপ হইলে, ক্যাম্ফার, হাইড্রসিয়ানিক এসিড ও আর্সেনিক ভাল। কুপ্রাম দ্বারা অবসাদন হয়, সুতরাং ইহা

blue lips, inelastic skin, itching anus, suppressed urine.

Cuprum is less inflammatory than Ars, hence preference of the former in cholera. It may be used if necessary after Camph.

Cuprum is a direct nervine spasmodic, Ars. produces spasm through inflammation.

Cuprum spasm originate in Solar Plexus of sympathetic and terminates in the medulla Camph.—spasm travells in the opposite direction.

More pulselessness in Ars, than Cupr, hence Cupr. is homœopathic to 2nd, and Ars in 3rd stage. Cupr, in spasm, Cup-Ars in prostration with Spasm. Cupr. in nervine and inflammatory spasm, Camph. Hydrocy. Ac. and Ars in arterial spasms, the latter is most curative of cholera than the

Plat. Cupr, is also used in the last stage.

তৃতীয় বা অবসাদনাবস্থায় ও অন্যান্য লক্ষণ থাকিলে ব্যবহৃত হইয়া থাকে।

Dose: Cupr. 6. 12. 30.

মাত্রা। কুপ্রাম ৬।১২।৩০ ক্রমে ব্যবহৃত হইয়া থাকে।

১০। কুপ্রাম এসিটিকাম্ অল্পমাত্রায় ও দীর্ঘকাল সেবন করিলে মস্তিষ্ক ও পৃষ্ঠমজ্জার উপর ক্রিয়া প্রকাশ করিয়া শিরোবেদনা ও ধনুষ্টঙ্কারবৎ আক্ষেপ, চোয়ালবদ্ধ এবং স্নায়বীয় অবসাদন লক্ষণ প্রকাশ করে। অন্নবহানলীর ঝিল্লীর উপর ক্রিয়া প্রকাশ করিয়া অধিক পরিমাণ পৈত্তিক বমন ও ভেদ উৎপন্ন করে, কিন্তু ইহা দ্বারা প্রাদাহিক লক্ষণ দৃষ্ট হয় না। অধিক পরিমাণে সেবন করিলে পাকাশয় ও অন্ত্রবেদনা, বমনেচ্ছা, পৈত্তিক বমন ও ভেদ; কখন কখন সবুজ, কাল বা রক্তবর্ণের ভেদ হয়, এবং পরিপাক সম্বন্ধীয় নলীর প্রদাহ চিহ্নস্বরূপ কোঁতানি, পিপাসা, জ্বর, অগ্নিমান্দ্য, পাণ্ডুরোগ ও মানসিক উদ্বেগ প্রভৃতি লক্ষণ প্রকাশ পাইয়া থাকে।

Cupr. Acet. causes headache, tetanic spasm, lock jaw, prostration. Vomiting and purging. In large doses causes stomach and intestinal pains, nausea tenesmus, bloody stools, thirst, fever, indigestion, jaundice, anxiety &c.

Dose: 3x. 12. 30.

মাত্রা—৩দ, ১২ অথবা ৩০ ক্রম।

Arsenic poisoning does not coincide with cholera symptoms but, causes prostration and stimulation like cholera.

১১। আর্সেনিক। আর্সেনিক দ্বারা বিষাক্ত হইলে বিসূচিকা সদৃশ লক্ষণ প্রকাশ পায় না, তবে সমবেদন স্নায়ুমণ্ডলের ভিতর দিয়া আর্সেনিক-ঔষধ শরীরের সর্ব্বস্থানে উত্তেজন ও অবসাদন করিয়া থাকে বলিয়া বিসূচিকা রোগের অনেক স্থানে উহার সাদৃশ্য দেখা গিয়া থাকে, যথা: আর্সেনিক, বিসূচিকার মত অন্নবহানলীর কোমল শ্লৈষ্মিক ঝিল্লীর উপর ক্রিয়া প্রকাশ করিয়া থাকে, তবে প্রভেদ এই যে বিসূচিকায় প্রদাহ হয় না, আর্সেনিক দ্বারা উহার ক্ষয়কারী প্রবলতম প্রদাহ উৎপন্ন হইয়া থাকে। এই পার্থক্য প্রযুক্ত পুরাতন হোমিয়োপ্যাথিক চিকিৎসকেরা আর্সেনিক ঔষধকে বিসূচিকার উপযুক্ত বলিয়া নির্দ্দেশ করেন নাই।

Ars. causes inflammation of the alimentary canal, cholera not so, hence Ars. was not used in cholera in ages past.

Ars. causes retching and

আর্সেনিক দ্বারা ভেদ ও পিত্ত মিশ্রিত বমন হইয়া থাকে

কিন্তু বিসূচিকার ভেদ বর্ণহীন অথবা শ্বেতবর্ণ, গন্ধহীন এবং প্রায়ই সহজে নির্গত হয়, আর্সেনিক সদৃশ ভেদ তরল হইলেও মল সম্বলিত এবং সবুজ বা কালবর্ণ ও দুর্গন্ধযুক্ত হইয়া থাকে এবং মল ত্যাগকালে প্রায়ই কোঁতানি হইয়া থাকে। বিসূচিকায় প্রচুর পরিমাণে ও সহজ জলবৎ বমন হয় কিন্তু আর্সেনিক দ্বারা কষ্টকর বমন হইয়া থাকে অর্থাৎ যত বমন-কষ্ট হয় তত বমন হয় না। বিসূচিকার প্রথমে জ্বর লক্ষণ প্রকাশ পায় না কিন্তু আর্সেনিক দ্বারা প্রথমেই জ্বরভাব প্রকাশ পাইয়া থাকে।

বিসূচিকার মত আর্সেনিক দ্বারা মূত্র-নিঃসরণ কম হয় এমন কি মূত্রস্তম্ভ হইয়া থাকে।

অল্প পরিমাণ আর্সেনিক দ্বারা বিষাক্ত হইলে বিসূচিকার মত প্রথম হইতেই আক্ষেপ, শ্বাসকষ্ট ও অঙ্গ শীতল হইতে পারে (ক্যাম্ফার ও হাইড্রসিয়ানিক এসিডের মত), কিন্তু বিসূচিকা রোগের প্রথমাবস্থায় উহার ব্যবহার নাই, কারণ, আর্সেনিকের ক্রিয়া বিলম্বে প্রকাশ পাইয়া থাকে; আবার আর্সেনিক সদৃশ আক্ষেপ সকলের শরীরে প্রকাশ পায় না; ব্যক্তিবিশেষের শরীরে অনুভূত হইয়া থাকে। কিন্তু ক্যাম্ফার ও হাইড্রসিয়ানিক এসিড্ জনিত আক্ষেপ প্রায় সকলের পক্ষে সমান। আবার, প্রথমাবস্থার আক্ষেপে ক্যাম্ফার ও হাইড্রসিয়ানিক, এসিড্ এবং বিসূচিকার সকল অবস্থায় প্রয়োজন হইলে আক্ষেপের জন্য আর্সেনিক ব্যবহৃত হইয়া থাকে। নীরোগী ব্যক্তির বিসূচিকায় হঠাৎ আক্ষেপাদি থাকিলে ক্যাম্ফার, হাইড্রসিয়ানিক এবং ম্যালেরিয়া প্রভৃতি দুর্ব্বলকায় ও ব্যাধিগ্রস্ত ব্যক্তিদিগের বিসূচিকা হইলে-আর্সেনিক বিশেষ উপযোগী।

অধিক পরিমাণে আর্সেনিক সেবন করিলে যেরূপ অবস্থা হয় বিসূচিকার তৃতীয় বা অবসাদনাবস্থায় ঠিক সেইরূপ ঘটিয়া থাকে কিছুমাত্র প্রভেদ দৃষ্ট হয় না বলিলে অত্যুক্তি

bilious vomiting. Cholera-vomiting is profuse, easy, and watery. Ars stools mixed with fœcal matter; dark; voided with difficulty.

Cholera-stools are whey like watery, odorless and easy.

Cholera is not attended with fever in the begining, Ars, generally the reverse.

Urine suppressed in both.

Ars. symptoms in small doses: spasm, difficult breathing and coldness (Camph. Hydrocy. Ac. also). Ars not used in the begining, for it is slow in action. Besides, Ars. spasms are rare and does not affect all alike, it is best suited for spasms after malaria &c.

Ars. Sympts, in large doses: Coldness prostration perspiration &c. resembling

3rd Stage of cholera.

হয় না। সর্ব্বশরীর শীতল, অবসন্ন এবং ঘর্ম্মাক্ত হওয়া এই অবস্থার বিশেষ নির্দ্দেশক লক্ষণ।

Ars, indications in the 3rd Stage of Cholera: anguish, restlessness, anxiety, fear of death, great prostration, sunken eyes, distorted face, pointed nose, cold perspiration, dry black or brown tongue, great thirst, drinks little, at a time, nausea, retching little vomiting worse after drinks, burning, suppressed urine, black, green, fœtid diarrhœic stools, straining, hypogastric pain, hoarseness, dry, cold-blue and wrinkled skin, tonic and clonic spasms, difficult breathing, &c.

অতএব সারকথা এই যে, যদি বিসূচিকার (সাধারণতঃ) তৃতীয় বা অবসাদনাবস্থায় মানসিক যাতনা, অস্থিরতা, চিত্তোদ্বেগ, (রাত্রিকালে বৃদ্ধি, মৃত্যুভয়, অত্যন্ত অবসাদন, কোটারাগত চক্ষু, মুখ চোপসান সুতরাং উন্নত নাসিকা, শীতল ও ঘর্ম্মাক্ত কলেবর, শুষ্ক ও কাল বা কটাবর্ণের জিহ্বা, দারুণ তৃষ্ণা ও বারম্বার অল্প পরিমাণ জলপান, সর্ব্বদা বমনেচ্ছা ও উকি ওঠা অথচ অল্প বমন, জলপানে বমনের বৃদ্ধি, পাকাশয়, অন্ত্র ও মলদ্বারে জ্বালা, মূত্রস্তম্ভ, কষ্টের সহিত কাল বা সবুজ ও দুর্গন্ধ অথচ মল সম্বলিত তরল ভেদ, ভেদের পর দুর্ব্বলতার বৃদ্ধি, তলপেটে বেদনা স্বরভঙ্গ, শুষ্ক শীতল, নীল ও লোল চর্ম্ম, শরীরের স্থানের বহু বা অল্পক্ষণ স্থায়ী আক্ষেপ, প্রবল শ্বাসকষ্ট বা বক্ষে চাপ বোধ, "ইত্যাদি ইত্যাদি" লক্ষণ থাকিলে আর্সেনিক "ধন্বন্তরী"।

Causes of Ars cholera: Ice drinking, living in damp places, from offensive smells, starvation, famine, and fruits.

আর্সেনিক সদৃশ বিসূচিকার কারণ:—(১) গ্রীষ্মকালে অধিক বরফ খাওয়া (২) আর্দ্র স্থানে বাস (৩) দুর্গন্ধ ঘ্রাণ (৪) অনাহার বা দুর্ভিক্ষ এবং (৫) অধিক পরিমাণে ফলমূল আহার ইত্যাদি।

Dose: 1. 3. 6. 12. 30 higher in spasm, lower in collapse.

মাত্রা—সাধারণতঃ ১।৩।৬।১২।৩০ ক্রমের আর্সেনিক ব্যবহৃত হইয়া থাকে। আক্ষেপ প্রধান অবস্থায় উচ্চক্রম এবং অবসাদন প্রবল অবস্থায় নিম্নক্রম বিধি।

Secale causes paralysis of the heart,

১২। সিকেলি। সিকেলি সেবন করিলে হৃৎপিণ্ডের অবসাদন হয় সুতরাং নাড়ীর স্পন্দন বারে অনেক কমিয়া গিয়া থাকে।

ধমনীর গাত্র প্রবল ভাবে কুঞ্চিত করিয়া শিরামধ্যে রক্ত সঞ্চয় করিয়া থাকে, ইহা দ্বারা স্বাভাবিক উত্তাপ ৫ ডিগ্রী পর্য্যন্ত কমিয়া যায়। জরায়ুর প্রবল কুঞ্চন ও আক্ষেপ হইয়া থাকে। পাকাশয় হইতে প্রবল বমন এমন কি রক্তও বমন হয়। ক্ষুদ্র অন্ত্রে ক্রিয়া প্রকাশ করিয়া জলবৎ ভেদ উৎপন্ন করে, মলদ্বারের পেশীকে শিথিল করিয়া ফেলে। মস্তিষ্ক ও কশেরুক মজ্জার উপর ক্রিয়া প্রকাশ করিয়া সর্ব্বাঙ্গে পিপীলিকাবৎ সড়সড়ানি ও পেশীদিগের প্রবল আক্ষেপ এমন কি মৃগীরোগের মত আক্ষেপ হইয়া থাকে। ধমনীর নীরক্ততাপ্রযুক্ত চক্ষুর তারা প্রসারিত ও ক্ষীণ দৃষ্টি হয়, অবশেষে ত্বকের উপর ক্রিয়া প্রকাশ করিয়া ঘর্ম্ম ও বিবিধ চর্ম্মরোগ উৎপন্ন করিয়া থাকে।

tonic arterial contraction, and dilatation of veins, greatly lowers tempt. Causes contractions and spasms of uterus. Causes emesis and hæmatemesis, produces increased peristalsis and watery diarrhœa, paralysis of sphincters, acts upon Cerebro-Spinal system and causes formication, muscular cramps, causes dilated pupils, amaurosis, arterial anæmia, causes diaphoresis skin eruptions and gangrene.

সুতরাং বিসূচিকা রোগের আক্ষেপ ও অবসন্নাবস্থায় কুপ্রাম সেবন করিয়াও যদি হাতের ও পায়ের অঙ্গুলির পেশী সকল আক্ষিপ্ত হইতে থাকে অর্থাৎ আক্ষেপ প্রযুক্ত "আঙ্গুল ফাঁক" হয় ও পশ্চাদ্ভাগে বাঁকিয়া যায়, ঘাড় (গ্রীবা) ও মুখ প্রদেশের পেশীগুলিরও ঐরূপ অবস্থা ঘটে এবং আক্ষেপ প্রযুক্ত জিহ্বা দন্তাহত হয়, এতৎসঙ্গে যদি সমুখ বক্ষের আক্ষেপ, সর্ব্বাঙ্গে শীতল চট চটে ঘর্ম্ম, পৃষ্ঠে, উদরে, হস্ত ও পদে ঠাণ্ডা ও শীত বোধ, জিহ্বা শুষ্ক শীতল ও নীলবর্ণ, কষ্টকর বমনোদ্যম অথবা সিরাস্ ঝিল্লীর রসের মত সহজে জলবৎ বমন, বমনের পর আরাম বোধ, মূত্রবন্ধ অথবা নিস্ফল মূত্রবেগ, প্রচুর ভেদ, শিরোঘূর্ণন, বধিরতা, কেবল ঘুমাইবার ইচ্ছা, (বিশেষ আক্ষেপের পূর্ব্বে), চর্ম্মের সড়সড়ানি ও লোলাবস্থা আদুড় (অনাবৃত) গায়ে থাকিতে ইচ্ছা সুতরাং উত্তাপে বিরক্তি প্রভৃতি লক্ষণ বর্ত্তমান থাকিলে সিকেলি উপকার করে। সিকেলি

Indications for Secale: Cramps and bending of fingers and toes stiff-neck, contracted face, tongue biting, cold clammy sweat, cold extremities and abdomen, dry, cold blue tongue, retching or serous vomiting wh. relieves to a certain extent.

Suppressed urine, profuse diarrhœa, vertigo, deafness sleepiness, shrivelled skin, tries to uncover himself, &c.

Ergotine in extreme cases but be careful not to repeat it often.

ব্যর্থ হইলে অথচ সিকেলি ঔষধের সদৃশ লক্ষণ থাকিলে উহারই বীর্য্য আর্গটিন্ ব্যবহার দ্বারা বিলক্ষণ উপকার দর্শে; কিন্তু সাবধান কর্পূরের মত এই ঔষধেরও যেন অযথা ও অধিক ব্যবহার না হয়, কারণ, তাহাতে মস্তিষ্কে রক্তাধিক্য ও অঙ্গের বিগলন হইতে পারে।

Dose: 1. 3. 6. 12. 30 Ergotin 1. to 3.

মাত্রা। ১। ৩। ৬। ১২। ৩০ ক্রমে সিকেলি ব্যবহৃত হয়, আবশ্যক হইলে ১ হইতে ৩ ক্রমের আর্গট (সিকেলি), অথবা উহার বীর্য আর্গটাইন্ ব্যবহৃত হইয়া থাকে।

Secale and Ars: alternated in collapsed stage when symptoms coincide.

সাম্য। ১। সিকেলি ও আর্সেনিক এই উভয়ের অনেক লক্ষণের সহিত মিল দৃষ্ট হয়, সুতরাং বিসূচিকার অবসন্নাবস্থায় যখন আক্ষেপ ও চিত্তোদ্বেগ, মৃত্যুভয়, মলিন মুখমণ্ডল, শীতল ঘর্ম্ম, অস্থিরতা ও উত্তাপের হ্রস্বতা ঘটে তখন সিকেলি ও আর্সেনিক পর্য্যায়ক্রমে ব্যবহার করা কর্ত্তব্য।

Ars alternated with secale in arterial contraction, ie, chill and spasm, and in reduction of tempt.

২। ঐরূপ, ধমনীর কুঞ্চন, শীত ও আক্ষেপ হইলে আর্সেনিকের সহিত সিকেলি ব্যবহৃত হয়।

৩। আর্সেনিক ও সিকেলি উভয়ের দ্বারাই শারীরিক উত্তাপের অতিশয় হ্রাস হইয়া থাকে।

Secale is useful in cholera with menstrual disorders.

প্রভেদ। স্ত্রীলোকদিগের বিসূচিকার কালে হঠাৎ ঋতু প্রকাশ অথবা অধিক রজঃস্রাব এবং বয়সে রজঃ বন্ধের কালে ঐ পীড়ার আক্রমন হইলে সিকেলি উপকারক।

And in nervous debility from diarrhœa of old men.

বৃদ্ধদিগের ভেদ জনিত স্নায়বিক দুর্ব্বলতায় সিকেলি ফলপ্রদ।

Ars after debilitating and miasmatic diseases.

জীর্ণকাস অথবা বিষাক্ত পীড়ার পর নরনারীর বিসূচিকা হইলে সিকেলি অপেক্ষা আর্সেনিক ভাল।

Secale causes arterial and venous irritation, while Ars influences nervous tissues.

সিকেলি দ্বারা স্নায়ু প্রবাহিত হয় না, কিন্তু ধমনী ও শিরায় উত্তেজনা ও প্রদাহ হয়, সুতরাং আকিঞ্চন স্থায়ী আক্ষেপ হইয়া থাকে। আর্সেনিক দ্বারা স্নায়ুর প্রদাহ সুতরাং বেদনা হইয়া থাকে।

১৩। সিকুটাভিরোসা—নামে একটী আক্ষেপ উৎপাদক ঔষধ আছে কিন্তু উহার সহিত বিসূচিকা রোগের কোন সাদৃশ্য নাই তথাপি বিসূচিকা রোগ আরোগ্যের অবস্থায় হিক্কা নিবারণার্থে ইহার ব্যবহার আছে।

Cicuta is useful in spasmodic hiccough.

মাত্রা। ৬।৩০ ক্রম ব্যবহৃত হয়।

Dose 6. 30.

১৪। একোনায়িট। অল্প মাত্রায় সেবন করিলে স্নায়ু ও পেশীদিগকে উত্তেজিত সুতরাং ধনুষ্টঙ্কারের মত আক্ষেপ উপস্থিত করে, তৎসঙ্গে শারীরিক উত্তাপের বৃদ্ধি করিয়া থাকে।

অধিক মাত্রায় একোনায়িট সেবন করিলে সমস্ত শরীর ঝিন্ ঝিন্ করিয়া অবশ হইয়া পড়ে, নাড়ী ক্ষীণ ও বিষম, সন্ধি-বেদনা, দ্রুত ক্ষীণ ও অসমান শ্বাস প্রশ্বাস এবং সমস্ত, শরীর শীতল, ঘর্ম্মে অভিষিক্ত হইয়া থাকে। দারুণ পিপাসা, বিবমিষা, সবুজ বর্ণের পদার্থ বা পিত্ত বমন এবং ক্বচিৎ ভেদ হইয়া থাকে। অধিক মাত্রায় একোনায়িট স্নায়ুমণ্ডল ও হৃৎপিণ্ডকে একেবারে অবসন্ন করিয়া ফেলে।

Aconite causes tension and irritation of nerves and muscles in small doses, hence spasm and fever. Symptoms of large doses: numbness weak intermittent pulse, joint pains, quick weak and irregular breathing, cold sweat, thirst nausea bilious vomiting, seldom diarrhoea, paralysis of heart and nerves.

সুতরাং বিসূচিকা রোগে যদি প্রথমেই হঠাৎ নাড়ী ছাড়িয়া যায়, পায়ে খিল ধরে, পিত্ত বমন, ক্বচিৎ ভেদ এবং জিহ্বা ঠাণ্ডা বোধ হয় তাহা হইলে শীঘ্র নিম্নক্রমের একোনাইট সেবন করিলে মন্ত্রবৎ রোগীর হৃৎপিণ্ড উত্তেজিত হইয়া থাকে। এইরূপ হঠাৎ অবসাদকাবস্থায় একোনায়িটের পর ক্যাম্ফার ভেরেট্রাম ও আর্সেনিক ব্যবহার করা কর্ত্তব্য। বিসূচিকার তৃতীয় অবস্থায় ধীরেং অবসাদন হইলেও একোনায়িট ব্যবস্থা করা যায়।

Aconite indications: sudden prostration, cramp in legs, bile vomiting seldom diarrhoea, cold tongue.

Use lower dil or mother, tinct of Aco. and then Camph. Veratr, and Ars.

Aco also useful in gradual collapse, 3rd stage.

Characteristics: chilliness cold tongue, blue body, difficult breathing pulselessness and spasms.

শরীরে অত্যন্ত শীত বোধ, শীতল জিহ্বা, নীলবর্ণ অঙ্গ, শ্বাসকষ্ট, লুপ্তপ্রায় নাড়ী ও আক্ষেপ প্রভৃতি লক্ষণ গুলি একোনাইট প্রয়োগের বিশেষ নিদর্শন।

Aconite poising, causes fulness of the right heart like death from cholera.

বিসূচিকা গ্রস্থ ব্যক্তির মৃত্যু হইলে যেমন হৃৎপিণ্ডের দক্ষিণ দিকে রক্ত জমে ও বামদিক শূন্য থাকে, একোনাইট দ্বারা বিষাক্ত হইলেও তদ্রূপ হইয়া থাকে। সুতরাং একোনাইটকে বিসূচিকা সদৃশ ঔষধ বলিতে হইবে।

Dose : Lower dil. in prostration cases often reapeted if required.

মাত্রা। অবসাদনাবস্থায়, একোনাইট নেপালাস অথবা রেডিক্স নিয়ক্রমে, অর্থাৎ মূল অরিষ্ট অথবা উহার ১ম দশমিক ক্রম ২।১ বিন্দু ৪ ঔন্স জলে ফেলিয়া ঐ মিশ্র আরোকের ২ড্রাম মাত্রায় ৫।১০।৩০ মিনিট অন্তর আবশ্যকানুসারে প্রয়োগ করিলে বিলক্ষণ উপকার দর্শে।

6. 12. 30 in spasms and fever heat.

আক্ষেপ ও উত্তাপের অবস্থায় উচ্চ ক্রমের একোনাইট অর্থাৎ ৬।১২।৩০ ইত্যাদি ক্রম ব্যবহার করিতে হয়।

Causes: nervous debility, and cold.

স্নায়ুদৌর্ব্বল্য ও শৈত্য, একোনাইট সদৃশ ওলাউঠার দুটী প্রধান কারণ।

Aco. (also Camph. Hydrocy. Ac) does not act upon blood like Ars and Cuprum.

প্রভেদ। একোনাইট কাম্ফার ও ভেরেট্রামে রক্ত খারাপ করে না; আর্সেনিক ও কুপ্রাম তদ্বিপরীত, একোনাইট উত্তেজনা করে আর্সেনিক প্রদাহ উৎপন্ন করে।

Aco stimulates nerves; muscles. Veratrum only muscles

একোনাইট দ্বারা পেশী ও স্নায়ু উভয়েই উত্তেজিত হয় ভেরেট্রাম কেবল পেশীর উত্তেজনা করে।

Aco-Spasm is associated with fever but Veratr. causes reduction of tempt.

একোনাইট—আক্ষেপের সহিত জ্বর বর্ত্তমান থাকে; ভেরেট্রাম দ্বারা উত্তাপের হ্রাস হয়।

Aco is useful in cholera without purg-

একোনাইট সদৃশ অবস্থায় যতক্ষণ না ভেদ বমন হয় (অথবা

হইলেও পিত্ত মিশ্রিত থাকে) ততক্ষণ একোনাইট ভাল, কিন্তু ভেদ ও বমন অধিক ও পিত্তবর্জ্জিত হইলে ভেরেট্রাম্ ভাল।

ing or with bilious vomiting and in sudden prostration, Veratr. the reverse.

১৫। কার্বো-ভেজিটেবিলিস্। সিম্পেথেটিক্ স্নায়ু মণ্ডলের মধ্য দিয়া কার্বো-ভেজিটেবিলিস ঔষধের ক্রিয়া সাধারণতঃ তিন প্রকার; (১) ইহা পাকাশয়, ক্ষুদ্র ও অন্ত্রের উপরিভাগের শ্লৈষ্মিক ঝিল্লীর উপর বিশেষ ক্রিয়া প্রকাশ করিয়া অতিরিক্ত শ্লেষ্মাস্রাব ও দুর্ব্বলতা উৎপন্ন করে, ইহা দ্বারা উদরে অম্লাধিক্য এবং গ্যাস (বায়ু) সঞ্চয় হইয়া থাকে।

Carbo-veg. acts upon the mucous membranes and causes atony and mucorrhoea with acidity and flatulence.

(২) ইহা দ্বারা লিম্ফাটিক গ্রন্থি বৃদ্ধি পায় ও তন্মধ্য হইতে অম্লযুক্ত দুর্গন্ধ স্রাব হইয়া থাকে।

It enlarges lymphatic glands with acid foul secretions.

(৩) অধিক পরিমাণে কার্বো-ভেজ বা উদ্ভিদ-অঙ্গার-চূর্ণ সেবন দ্বারা রক্ত দূষিত হইয়া পড়ে, অর্থাৎ অক্সিজেন নামক বাষ্প শোণিত মধ্যে উত্তমরূপে বা ন্যায্যমত পরিচালিত হইতে পারে না বলিয়া রক্তের সারত্ব থাকে না এবং শারীরিক পুষ্টিসাধন হয় না, সুতরাং স্নায়ুমণ্ডলের অত্যন্ত অবসাদন বা দৌর্ব্বল্য হইয়া থাকে। বোধ হয় কার্ব্বন বা অঙ্গার দেহস্থিত রক্তের অক্সিজেন বাষ্পের সহিত মিলিত হইয়া কার্ব্বনিক এসিড্ প্রস্তুত করিয়া ফেলে সুতরাং অক্সিজেন কম পড়িয়া থাকে। অক্সিজেন অভাবেও বোধ হয় শারীরিক রস সমূহে দুর্গন্ধ হইয়া থাকে।

It produces septic condition of the blood, hence imperfect oxidation malnutrition and nervous debility, oxygen is probably mixed with carbon, foul secretion is due to defective oxidation.

কার্ব্বোভেজিটেবিলস্ ঔষধের উপরোক্ত লক্ষণের সহিত বিসূচিকা রোগের অনেক সাদৃশ্য দেখিতে পাওয়া যায়। ইংলণ্ডের হোমিয়োপ্যাথি চিকিৎসকগণ কার্ব্বো ঔষধের উপর বড় নির্ভর করিতে চান না, কিন্তু কার্ব্বো-ভেজের সহিত ওলাউঠার একটী অবস্থার সাদৃশ্য দেখিতে পাওয়া যায় তাহাতে উহাকে বিসূচিকা সদৃশ ঔষধ বলিয়া স্বীকার করিতে হইবে।

British experience does not perceive the appropiateness of Carbo. in Cholera but it is certainly valuable in the 3rd stage of cholera.

অতএব বিসূচিকার তৃতীয় বা সম্পূর্ণ অবসাদনাবস্থায় অথবা

Carbo-Veg indications :

ভেরেট্রাম ও আর্সেনিক সেবিত হইলে পর অর্থাৎ যখন স্বতঃই বা ঔষধের গুণে ভেদ, বমন ও আক্ষেপ আর প্রকাশ পাইতেছে না, অথচ রোগী সংজ্ঞাহীন, নাড়ীবিহীন, তাঁহার সর্ব্বাঙ্গিক অবসাদন, বিকৃত শীতল ও বিবর্ণ মুখমণ্ডল, শীতল নিশ্বাস প্রশ্বাস ও জিহ্বা, তৎসঙ্গে উদর বায়ু বা গ্যাস পূর্ণ হইলে কার্ব্বো-ভেজিটেবিলিস্ বিশেষ উপযোগী। কারণ, ইহাদ্বারা শরীর শীঘ্র গরম হয়, নাড়ী পুনঃপ্রাপ্ত হওয়া যায়, বাকাস্ফুরিত হয়, ও জড়তা ঘুচিয়া যায়। মলের দুর্গন্ধ বিদূরিত হয় ও পেটফাঁপা ভাল হইয়া থাকে। এই অবসন্নাবস্থায় প্রয়োজন হইলে ভেরেট্রাম ও আর্সেনিক কার্ব্বো ভেজ ঔষধের সহিত পর্য্যায়ক্রমে ব্যবহৃত হইতে পারে। ধীরে ধীরে অবসাদন হইলে কার্ব্বোভেজ ফলপ্রদ। হিক্কা নিবারণার্থেও কার্ব্বো ব্যবহৃত হইয়া থাকে।

মাত্রা। ৬।১২।৩০ ক্রমের কার্ব্বো-ভেজ সর্ব্বদা ব্যবহার প্রচলিত।

১৬। হাইড্রোসিয়ানিক্ এসিড্। মস্তিষ্ক-কশেরুক মজ্জার মধ্যদিয়া এই ঔষধ ৪ প্রকার প্রধান ক্রিয়া প্রকাশ করিয়া থাকে। (১) মস্তিষ্ক ও পৃষ্ঠ-মজ্জার উপর ক্রিয়া প্রকাশ করিয়া বহু-ক্ষণ স্থায়ী আক্ষেপ ও পরে সঞ্চালক স্নায়ুদিগের অবসাদন করিয়া থাকে। মেডুলা ও নিমোগ্যাষ্ট্রীক স্নায়ুর উপর ক্রিয়া প্রকাশ করিয়া তিন প্রকার আক্ষেপ উৎপন্ন করে যথা:— (১) হাঁপানি রোগের মত আক্ষেপ বা শ্বাস কষ্ট,(২) ধড়কারমত সর্ব্বাঙ্গিক আক্ষেপ এবং (৩)শ্বাস অবরোধকারী আক্ষেপ। ইহা দ্বারা ক্রমে শ্বাসপ্রশ্বাস কমিয়া গিয়া থাকে। ভেগাস্ স্নায়ুর দ্বারা স্নায়বীয় অজীর্ণ রোগ, পেট বেদনা,পেট ফাঁপ, পাকাশয়শূল, বমনেচ্ছা, কচিত বমন, হৃদস্পন্দন ও শ্বাসকষ্ট উৎপন্ন করিয়া থাকে,পেশীর উপর ক্রিয়া প্রকাশ করিয়া উহাদের প্রবল কাঠিন্য এবং পরিশেষে অত্যন্ত দৌর্ব্বল্য সম্পাদন করে।

when up and down discharges, but cramps stopped.

When there is a perfect picture of collapse ie sopor, pulslessness, cold breath, cold tongue, flatulence, offensive stools. Carbo-Veg. removes the above symptoms promptly. It may be alternated with Verat. and Ars. if necessary. Carb-veg is useful in gradual collapse also in hiccough

Dose : 6 12. 30 generally.

Hydrocyanic acid causes *tonic spasms* and motor paralysis through cerebro-Spinal. S Its spasm resembles that of asthma, convulsion asphixia, lowers respiratory movements through vagus causes nervous dyspepsia, pains, flatulent *colic (stomach)*. Nausea seldom vomiting, palpitation stertorous breathing through muscles, causes spasm followed by debility.

রক্তের উপর ক্রিয়া প্রকাশ করিয়া উহাকে কাল ও তরল করিয়া ফেলে অর্থাৎ সেই রক্ত বাহিরে আর জমাট বাঁধিতে পারে না। মৃত্যুর পর দেখাযায় যে বিসূচিকার মত হাইড্রোসিয়ানিক্ এসিডের দ্বারাও হৃৎপিণ্ডের দক্ষিণ দিকের শিরা সমূহে রক্ত জমিয়া থাকে এবং বাম দিক রক্ত শূন্য থাকে।

By it the blood is blackened and uncoagulable and right heart is engorged like cholera.

হৃৎপিণ্ডের উপর ক্রিয়া প্রকাশ করিয়া নাড়ী মৃদু ও দ্রুত, তৎপরে উহার এককালীন লোপ করিয়া থাকে। সংক্ষেপতঃ অল্প মাত্রায় হাইড্রসিয়ানিক এসিড্ সেবন করিলে আক্ষেপ ও অবসাদন হয়, চক্ষুর তারকা প্রসারিত হয়, এবং নাড়ী দ্রুত ক্ষীণ ও অসমান হইয়া থাকে।

It causes quick and weak pulse; soon followed by pulselessness.
In small doses it causes spasm, prostration dilated pupils and weak, quick irregular pulse.

অতএব বিসূচিকা রোগের অবসাদনাবস্থায় অথবা শীঘ্র২ রোগী অবসন্ন হইয়া পড়িলে যদি উহার সমস্ত শরীর পাথরের মত শীতল, বিলুপ্ত নাড়ী, ভেদ ও বমন লোপ, অথবা অসাড়ে ভেদ, অন্নবহানলীর অবসাদন (সুতরাং প্রকৃত অন্নবহানলীর মধ্যে পানীয় কিছু পড়িলে ঘড়২ শব্দ হয়) স্থির দৃষ্টি, প্রসারিত কনীনিকা, মৃদু শ্বাসপ্রশ্বাস, গভীর ও বহুক্ষণ অন্তর কষ্টকর ও আক্ষেপজনক শ্বাস গ্রহণ হয় এবং দুইবার নিশ্বাস টানিবার মধ্য কালে রোগী মড়ার মত অবস্থিতি করে, তবে হাইড্রসিয়ানিক এসিড্ ফলপ্রদ। ইহার ক্রিয়া অল্পক্ষণ স্থায়ী সুতরাং ইহা দ্বারা ২।৩ মিনিটের মধ্যে নাড়ী আসিলেও আবার লোপ হইতে পারে, সুতরাং এই ঔষধ ঘন২ প্রয়োগ করিবে অথবা এতদপরিবর্ত্তে সায়েনায়েড্ পটাস ব্যবহার করা আরও ভাল। আবার, বিসূচিকার অবসাদন প্রধান অবস্থা না থাকিলেও কেবল প্রবল আক্ষেপিক লক্ষণ যথা—ধনুষ্টঙ্কারবৎ শক্ত হওয়া ও দাঁতকপাটী লাগা ইত্যাদি অবস্থায় হাইড্রসিয়ানিক বিশেষ উপকার করে। হাইড্রসিয়ানিক এসিড্ ব্যর্থ হইলে ৩য় দশমিক চূর্ণ সায়েনায়েড্ পটাস্ ১।২ গ্রেণ মাত্রায় ব্যবহার্য্য।

Hydrocy. Ac. indications; marble coldness of the body, pulselessness, cessation of vomiting and diarrhœa, paralytic diarrhœa, Esophagus paralysis, staring look, dilated pupil weak, deep, and spasmodic breath, death like state in the interval.
It is often repeated for its action is temporary.

It is also used in tetanic spasm, lock jaw without prostration.

Dose 1. 3. 6. Lower in prostration, higher in spasm.

Potass-cyanide 3x Tritu, if hydrocy. Ac. fails.

মাত্রা। অবসাদনে নিম্নক্রম, আক্ষেপ উচ্চক্রম। সাধারণতঃ ১।৩।৬। ক্রম ব্যবহার প্রচলিত। সায়েনায়ড্ পটাস্ ৩ দশকিম চূর্ণ ব্যবহৃত হইয়া থাকে। ইহা আর্সেনিকের মত শ্বাসকষ্ট নিবারণ করে। নিশ্বাস বন্ধ হইলে আর্সেনিক, প্রশ্বাস বন্ধ হইলে হাইড্রসিয়ানিক এসিড্ ভাল।

Tabacum-action on M. M. of stomach and S. intestines: Copious secretion, powerful emesis, gastritis gastrodynia. On small Intestines: spasms, catharsis, Circulation lowered, Heart paralysis, spine excited, motor nerve paralysis, Laryngismus, copious perspiration.

১৭। ট্যাবাকাম্—ঔষধ সেবন করিলে পাকাশয় ও অন্ত্রস্থিত শ্লৈষ্মিক ঝিল্লী হইতে প্রচুর রস নিঃসৃত হয়, পাকাশয়ে বিশেষ ক্রিয়া প্রকাশ করিয়া প্রবল বমন, পাকাশয় প্রদাহ ও শূল বেদনা উৎপন্ন করে, ক্ষুদ্র অন্ত্রে ক্রিয়া প্রকাশ করিয়া প্রবল আক্ষেপ ও ভেদ উৎপন্ন করে, ইহা দ্বারা হৃৎপিণ্ডের অবসাদন ও রক্তস্রোত গতির হ্রস্বতা হয়, পৃষ্ঠবংশীয় মজ্জার উত্তেজনা বশতঃ আক্ষেপ উৎপন্ন হয়, সঞ্চালক স্নায়ুদিগের অবসাদন হয়, চক্ষুর দৃষ্টি ক্ষীণ হয় শ্বাসগতি মৃদু সুতরাং শ্বাসকষ্ট এবং ত্বকের ক্রিয়া বৃদ্ধি পাইয়া প্রচুর ঘর্ম্ম হইয়া থাকে।

Tabacum indication: cold body, distorted features, cessation of vomiting and purging, or occasional and long lasting nausea and vomiting, spasm, complete collapse, suppressed urine no thirst, indifference &c.

সুতরাং বিসূচিকা রোগের শেষাবস্থায় সর্ব্বাঙ্গ শীতল, বিকৃত মুখমণ্ডল, ভেদ ও বমন বন্ধ, অথবা মধ্যে২ বমনোদ্যম ও কখন কখন বা অনেক পরিমাণে বমন (নড়িলে উহার বৃদ্ধি), অঙ্গ প্রত্যঙ্গে আক্ষেপ ওবেদনা, সম্পূর্ণ অবসাদন, যথা অন্ত্র ও ধমনীর স্নায়ুদিগের অবশভাব ও স্ফীংটার প্রভৃতি যাবতীয় পেশীদিগের শিথিলতা, পিপাসার অভাব এবং প্রত্যেক বিষয়ে ঔদাস্য প্রভৃতি লক্ষণ বর্ত্তমান থাকিলে নাইকোটিন বা ট্যাবাকম উপযোগী হইয়া থাকে।

Tabac. and Muscarine contracts venous capillaries of lungs and thus difficult breathing, while Hydrocy. Ac. asphyxia due to nervous spasm.

ট্যাবাকাম্ ও এগারিকাস ঔষধের বীর্য্য মাস্কেরিন্ ফুসফুসের শিরাদিগকে কুঞ্চিত করিয়া প্রবল শ্বাসকষ্ট উৎপন্ন করে। হাইড্রসিয়ানিক এসিড্ দ্বারাও প্রবল শ্বাস কষ্ট হয় কিন্তু উহা স্নায়বীয় আক্ষেপ বশতঃ উৎপন্ন হইয়া থাকে।

ট্যাবাকাম দ্বারা যে বমনেচ্ছ বা বমন হয়, উহা বিসূচিকা রোগের চরমাবস্থায় মস্তিষ্ক বিকার জনিত, পাকাশয়ের দোষে নহে, এবং ট্যাবাকাম দ্বারা যে আক্ষেপ হয় উহাও পৃষ্ঠ মজ্জা-সম্ভূত।

Tabac. nausea and vomiting is cerebral and Tabac spasm is spinal in origin.

হিক্কা নিবারণার্থও ট্যাবাকাম্ ব্যবহৃত হয়।

Tabacum for hiccough.

মাত্রা ৩ ও ৬ ক্রমে ট্যাবাকাম ব্যবহৃত হইয়া থাকে। যাহারা তামাক সেবন করে না তাহাদের পক্ষে ট্যাবাকাম শীঘ্র উপকার করিতে পারে।

Dose 3. 6.

টার্টার-এমেটিক্ দ্বারা শ্বাস-কষ্ট নিবারিত না হইলে নাইকোটিন বা ট্যাবাকাম ব্যবহারে উপকার পাওয়া যায়।

Ant. Tant and Tabac in difficult breathing.

বিসূচিকার চরমাবস্থায় মস্তিষ্কে রক্ত সঞ্চয় না হইয়া বরং তদ্বিপরীত অর্থাৎ উহার অবসন্নাবস্থায় পেটের ফাঁপ থাকিলে ট্যাবাকাম বা নাইকোটিন উপকার করে।

Tabac in last stage with cerebral paralys and tympanites.

১৮। এগারিকাস-মাস্কেরিয়াস্ অথবা উহার বীর্য্য মাস্কেরিন্।—এই ঔষধ সেবন করিলে সঞ্চালক স্নায়ুদিগের অত্যন্ত উত্তেজনা হইয়া থাকে সুতরাং পেশী শক্তির বৃদ্ধি হয়। মস্তিষ্কে ক্রিয়া প্রকাশ করিয়া মত্তভাব লক্ষণ প্রকাশ করে। হৃৎপিণ্ডকে কুঞ্চিত করে, অন্নবহানালীর উপর ক্রিয়া প্রকাশ করিয়া ভেদ ও বমন আনয়ন করে। মূত্রযন্ত্রের ক্রিয়ার হ্রস্বতা করে এবং ফুসফুসের শিরাদিগকে কুঞ্চিত করিয়া প্রবল শ্বাস-কষ্ট উৎপন্ন করিয়া থাকে।

Agaricus and muscarine causes nervous and muscular spasm, brain intoxication, heart contraction, urine suppression, vomiting purging and dificult breathing.

সুতরাং বিসূচিকা রোগের হিমাঙ্গ অবস্থার পর বিকার লক্ষণে যথা অস্থিরতা, ক্রমাগত শয্যা হইতে ঝোঁকে২ ওঠা, একবার প্রমত্ততা ও উৎসাহ, পরক্ষণে দুর্ব্বলতা, নিস্তেজভাব ও নিদ্রাভিভূত হওয়া, মাথাঘোরা ও মূর্চ্ছা, সূত্রবৎ নাড়ী, মৃদু অথচ শব্দকর শ্বাস-প্রশ্বাস, অত্যন্ত শ্বাসকষ্ট, মূত্রবন্ধ, ভেদ, বমন ও

Muscarine indications : restlessness, tries to get out of bed, delerium, ecstasy, weakness indifference, sleepiness, diziness, feeble pulse, breathing weak frequent and oppressed, uri-

as suppession purging vomiting and syncope.

Analogues : *Cupr*, (nervous spasm) Tabac, (difficult breathing).

হৃৎপিণ্ডের অবসন্নতা প্রভৃতি বর্ত্তমান থাকিলে এগারিকাস্ বা উহার বীর্য্য মাস্কেরিন্ ব্যবহার করা যায়।

কুপ্রাম ঔষধেও ঐরূপ সকালক স্নায়ুর উত্তেজনা এবং শয্যা হইতে উঠিতে ইচ্ছা হয়, কিন্তু বলাভাবে তাহা কার্য্যে পরিণত হয় না। শ্বাসযন্ত্র সম্বন্ধে ট্যাবাকাম্ ঔষধের সহিত মাস্কেরিনের সম্বন্ধ দৃষ্ট হয়।

Dose: Agar. 0 Muscar. 6.

মাত্রা। এগারিকাস্ মূল অরিষ্ট এবং মাস্কেরিন্ ৬ষ্ঠ ক্রমে ব্যবহার প্রথা প্রচলিত।

Naja causes hurried and superficial breathing and asphyxia, by it the blood is thickened in the veins and arteries.

১৯। ন্যাজা বা কোব্রা—নামক একপ্রকার সর্পবিষ সেবন করিলে নিশ্বাস দ্রুত বহে, চেষ্টা ব্যতীত শ্বাস কষ্ট হয়, এবং শ্বাসযন্ত্রের স্নায়ুর অবসাদন জনিত শ্বাস অবরোধ হইয়া মৃত্যু হয়। মৃত্যুর পর শারীরিক ধমনী ও শিরামধ্যে ঘনীভূত রক্ত দৃষ্ট হইয়া থাকে।

Naja indications: difficult breathing bloated abdomen, blue body, fear of death.

সুতরাং বিসূচিকা রোগের হিমাঙ্গ অবস্থায় শ্বাসকষ্ট, শ্বাসবায়ু গ্রহণ জন্য প্রাণপণে চেষ্টা, বিশুদ্ধ বায়ু প্রাপ্তির জন্য হাঁপানি, উদর স্ফীতি, নীল ও বিবর্ণ দেহ এবং মনোমধ্যে অত্যন্ত ভয় হইলে ন্যাজা বা কোব্রা হাইড্রসিয়ানিক এসিডের তুল্য উপকার করিতে পারে। আর্সেনিক ব্যর্থ হইলে কোব্রা ব্যবহার করিবে।

Lachesis indications: excited mind, vomiting on slight motion, nausea, salivation and Cobra symptoms.

২০। লেকেসিস্ নামক সর্পবিষের ক্রিয়াও ন্যাজা সদৃশ, তবে লেকেসিস সদৃশ হিমাঙ্গ অবস্থায় রোগীর মনোমধ্যে ভয়ের পরিবর্ত্তে উত্তেজনা লক্ষিত হয় এবং এতৎসঙ্গে অল্প অল্প সঞ্চালনে যদি বমন বৃদ্ধি হয়, বমনেচ্ছা প্রবল হয়, এবং মুখ দিয়া অনবরত লাল ঝরে তবে লেকেসিস্ উপযোগী হইয়া থাকে।

Elaps indications: drak soft bloody stools.

২১। ইলাপ্স। নামক আর একপ্রকার সর্পবিষ আছে উহা বিসূচিকা রোগে কেবল কৃষ্ণবর্ণ তরল রক্তভেদ হইলে উপযোগী হইয়া থাকে।

মাত্রা। ন্যাজা বা কোব্রা ৬।৩০, লেকেসিস্ ৬।৩০ ও ইলাপ্স ৬ ক্রমে ব্যবহৃত হইয়া থাকে। — Dose: Naja 6-30 Lach 6-30 Elaps 6.

২২। এমোনিয়া, ব্রাণ্ডি ও ইথার—প্রভৃতি ঔষধ অধিক পরিমাণে সেবন করিলে বিসূচিকা সদৃশ হিমাঙ্গ অবস্থা আনয়ন করে, সুতরাং অবস্থা বিশেষে উহাদের প্রয়োগও সদৃশ বিধি। — Ammonia, Brandy, and Ether if taken in large quantities produce cholera like prostration hence they are Homœopathic to collapse of cholera.

এমোনিয়া সদৃশ হিমাঙ্গ অবস্থায় নিশ্বাস প্রশ্বাসের বিঘ্ন ঘটে না কিন্তু লেকেসিস্ ও ন্যাজা উহার বিপরীত। — Ammonia does not cause asphyxia like Lachesis.

ইথার সদৃশ হিমাঙ্গ অবস্থায় শ্বাস অবরোধক লক্ষণ বর্ত্তমান থাকে। সুতরাং বিসূচিকার হিমাঙ্গ অবস্থায় শ্বাসকষ্ট থাকিলে ইথার ব্যবহার্য্য। — Ether causes difficult or spasmodic respiration.

ব্রাণ্ডি বা সুরাবীর্য্য দ্বারা মস্তিষ্কের অবসাদন হয় সুতরাং বিসূচিকার সংজ্ঞাহীন হিমাঙ্গ অবস্থায় ব্রাণ্ডি ভাল। — Brandy causes cerebral prostration.

বমন না হইলে কেহ২ ঐ তিন ঔষধ একত্রে ব্যবস্থা করেন। ব্রাণ্ডি পেটে না থাকিলে এমোনিয়া ঘটিত সুরা বেশ সহ্য হইয়া থাকে। — The above Stimulants may be combined if necessary.

যাহা হউক যদিও কখন২ আবশ্যকানুসারে উপরোক্ত ত্রিবিধ ঔষধ ব্যবস্থা করা যায় তথাপি উহাদের ঘন২ ও অধিক পরিমাণ ব্যবহার অতি কুপ্রথা ও অহিত জনক। — but long continued use of them is injurious.

২৩। ক্লোরাল—ঔষধ দ্বারা হৃৎপিণ্ড ও মস্তিষ্কের অবসাদন হয় সুতরাং বিসূচিকার হিমাঙ্গ অবস্থায় হৃৎপিণ্ডের অবসাদন ও ঘোরতন্দ্রা থাকিলে এণ্টিম-টার্ট ও ট্যাবাকাম্ ব্যতীত ক্লোরাল দ্বারা উপকার হইতে পারে। — Chloral causes Brain and Heart paralysis, hence it is Homœopathic in those conditions like Ant. tart and Tabac.

মাত্রা। ৬ষ্ঠ ক্রম। — Dose: 6.

২৪। আর্জেণ্টম নাইট্রিকাম্—ঔষধ সেবন করিলে মস্তিষ্ক ও কশেরুক মজ্জার মধ্য দিয়া প্রবল আক্ষেপ ও অবসাদন — Argentum Nitricum paralyses the vagus and

produces asphyxia.

হইয়া থাকে। ভেগাস্ স্নায়ুকে অবসন্ন করিয়া প্রবল শ্বাসকষ্ট উৎপন্ন করে।

Arg. nit. indications :— suffocating fits, suicidal tendency, stomach stitches, running of fluid sensation through the alimentary canal.

সুতরাং বিসূচিকার রোগের হিমাঙ্গ অবস্থায় যদি অত্যন্ত শ্বাসকষ্ট হয়, এক ঢোক্ জল গিলিতে গেলে, অথবা নাকের কাছে বস্ত্র খণ্ড ধরিলে হাঁপ লাগে, শ্বাসকষ্ট প্রযুক্ত কথা কহিতে না পারে, আত্মহত্যার ইচ্ছা জন্মে, পাকাশয়ে বিঁধিতে থাকে, এবং জল পান করিলে বোধ হয় যেন উহা বরাবর নামিয়া যাইতেছে তবে আর্জেণ্টম নাইট্রিকাম ৩ দশমিক ক্রম উপকার করিতে পারে।

Hydrocy. Acid is better than Arg, nit. in asphyxia.

আর্জেণ্টম নাইট্রিকাম দ্বারা শ্বাসকষ্ট নিবারণ করা অপেক্ষা হাইড্রসিয়ানিক এসিড্ প্রয়োগ করা ভাল।

Treatment of complications and sequelæ.

বিসূচিকার প্রকৃত আক্রমণ কাল হইতে আর উহার হিমাঙ্গ অবস্থা পর্য্যন্ত যাবতীয় প্রধান২ সদৃশ ঔষধের বর্ণনা করা গেল এক্ষণে ঐ রোগের যাবতীয় প্রধান২ উপসর্গের অর্থাৎ উহার পরিণামাবস্থার চিকিৎসার আলোচনায় প্রবৃত্ত হওয়া যাউক।

Reaction takes place after the collapse. change in the character of stools and vomiting. pasing of urine, body becomes warm &c., and health is gradually restored. Reaction is not general, there may be a return of collapse or cholera becomes complicated.

বিসূচিকা মারাত্মক না হইলে উহার হিমাঙ্গ অবস্থার পর প্রতিক্রিয়া অথবা আরোগ্য লক্ষণ প্রকাশ পাইতে থাকে যথা :—ভেদ ও বমনের বর্ণ ফেরে, বমন বন্ধ হয়, ভেদ কম হয়, মল গাঢ় ও পিত্ত মিশ্রিত হয়, প্রস্রাব হয়, শরীর গরম হয় এবং শারীরিক সমস্ত যন্ত্র পুনর্ব্বার আপন২ কার্য্য করিতে আরম্ভ করে। কিন্তু এরূপ সহজ বা স্বাভাবিক প্রতিক্রিয়া সকল বিসূচিকার পরিণাম নহে। অনেকস্থলে ঐ প্রতিক্রিয়া অসম্পূর্ণ রূপে প্রকাশ পাইয়া পুনর্ব্বার হিমাঙ্গ অবস্থা উপস্থিত হয়; অথবা অবসাদন বা হিমাঙ্গ অবস্থার পর রোগী বিশেষে বিস্তর উপসর্গ উপস্থিত হইতে পারে উহাদিগকে বিসূচিকার পরিণাম কহে। ঐ সকল উপসর্গ রোগের প্রাবল্য হেতু কিম্বা চিকিৎসার দোষে অথবা উভয়বিধ কারণে উৎপন্ন হইয়া থাকে।

মূত্র-বিকার।

হিমাঙ্গ অবস্থা উত্তীর্ণ হইলে পর যদি রোগীর প্রস্রাব বাহির না হয় তবে তিনটী বিপদের আশঙ্কা করা যাইতে পারে যথা:— (১) মূত্রস্তম্ভ (২) ইউরিমিয়া অর্থাৎ ইউরিয়া নামক মূত্রক্ষার রক্তে শোষণ প্রযুক্ত রক্তের বিষাক্ততা (৩) স্নায়বীয় দুর্ব্বলতা প্রযুক্ত মূত্রথালীতে মূত্র সঞ্চয়।

Urine complications: suppression, uremia, retention.

মূত্রস্তম্ভ চিকিৎসা।

বিসূচিকা রোগে প্রস্রাব না হওয়া অতি সাঙ্ঘাতিক উপসর্গ, কিন্তু প্রস্রাবের জন্য ব্যস্ত হইয়া যাবতীয় মূত্রকারক ঔষধ ব্যবস্থা করা অজ্ঞানের কার্য্য। বিসূচিকার হিমাঙ্গাবস্থার পরেই শরীর মধ্যে ভালরূপ রক্তসঞ্চালন হয় না, কারণ, পূর্ব্বে বলা হইয়াছে যে ভেদ ও বমন প্রযুক্ত দেহস্থিত শোণিত অনেকটা জমাট হয়, সুতরাং রক্ত চলাচলের বিঘ্ন ঘটে। রক্ত স্রোত-গতি মন্দীভূত হইলে মস্তিষ্ক, ফুসফুস, পাকাশয় এবং বিশেষ মূত্রযন্ত্রে রক্ত সঞ্চয় হেতু ঐ ঐ যন্ত্রে রক্তাধিক্য হয়; একারণ মূত্র-যন্ত্রে যতক্ষণ রক্তাধিক্য থাকিবে ততক্ষণ শীঘ্র প্রস্রাব করাইবার চেষ্টা করা বৃথা। অতএব যাহাতে রক্তের দূষিত অবস্থা অপনীত ও রক্তস্রোতগতি প্রকৃতিস্থ হয় এরূপ চেষ্টা করা কর্ত্তব্য। প্রকৃতি একপ কার্য্যের সহায়তা করিয়া থাকে, অথবা পূর্ব্বে পীড়ার বর্দ্ধিতাবস্থায়, ক্যাম্ফার, ভেরেট্রাম্-এল্বাম্, কুপ্রাম্, আর্সেনিক, সিকেলি, কুপ্রি-আর্সেনিক, এণ্টিমটার্ট, হাইড্রসিয়ানিক্ এসিড্ ও নাইকোটান্ প্রভৃতি যে সমস্ত ঔষধ ব্যবস্থা করা হইয়াছে উহাদের দ্বারাও প্রস্রাবের সুবিধা হইয়া থাকে, কারণ, উহাদেরও মূত্রকারক শক্তি আছে সুতরাং প্রতি-ক্রিয়ার অবস্থায় অন্যবিধ ঔষধের হঠাৎ সাহায্য না লইয়া, বরং ঔষধ বন্ধ করিয়া পর্য্যাপ্ত পরিমাণে জল, সাগুদানা বার্লি

Suppression of urine is a dangerous complication but we need not be in a hurry for it. There is blood stasis in the 3rd stage and necessarily congestion in brain, lungs, stomach and Kidneys. Urine will not be secreted till the removal of the congestion, hence abrupt recourse to diuretic medicines is unjust rather we should patiently watch the effects of the medicines previously administrated, for they more or less help the urine secretion. Therefore stop medi-

ও এরারুট্ উত্তমরূপে জলে সিদ্ধ করিয়া ও ছাঁকিয়া অল্প অল্প পরিমাণে ঈষৎ লবণ বা মিছরির সহিত মিশ্রিত করিয়া সেবন ব্যবস্থা দিলে সহজে প্রস্রাব হইতে পারে। কিন্তু সকল রোগীর পক্ষে এরূপ সৌভাগ্য ঘটে না, প্রস্রাব বন্ধই থাকে, মূত্রস্থিত ইয়ুরিয়া বা মূত্রক্ষার নির্গত হইবার উপক্রম হয়, কিন্তু মূত্র যন্ত্রের জড়তা প্রযুক্ত উহা নির্গত হইতে পারে না সুতরাং পাছে মারাত্মক ইয়ুরিমিয়া উপসর্গ উপস্থিত হয় এই ভয়ে বাধ্য হইয়া মূত্রকারক ঔষধের সাহায্য গ্রহণ করিতে হয়। কিন্তু কোন মূত্রকারক-ঔষধ ব্যবস্থা করিবার অগ্রে বিবেচনা পূর্ব্বক ও রোগীর লক্ষণ মিলাইয়া রোগের পূর্ব্বাবস্থায় যে সকল ঔষধ ব্যবস্থা করা হইয়াছে তন্মধ্য হইতে ঔষধ বাছিয়া লইয়া ২।১ মাত্রা ব্যবস্থা করা কর্ত্তব্য, তাহাতে কোন ফল না দর্শিলে কাল বিলম্ব না করিয়া অন্যান্য মূত্রকারক ঔষধের ব্যবস্থা করিতে হইবে। অতএব যেং ঔষধ দ্বারা মূত্রনিঃসরণ কার্য্য সম্পন্ন হইতে পারে, (সে সকল পূর্ব্বে ব্যবহৃত হউক আর না হউক) একে একে তাহাদের উপযোগীতা ও প্রয়োগ লক্ষণ বর্ণনায় প্রবৃত্ত হওয়া যাউক।—

cation and prescribe simple water in considerable quantities or boiled sago barley and arrowroot with little salt or sugar till urine is secreted of itself. But this does not often happen, urine remains suppressed, uræmia threatens, consequently diuretics are called for in succession according to the nature and severity of the symptoms.

We now describe the usefulness and indications of the diuretic medicines that are most in use.

১। আর্সেনিকাম্। ইহা দ্বারা মূত্র-যন্ত্রের রক্তাধিক্য দূরীকৃত হয় ও মূত্র নিঃসরণ আরম্ভ হয়। পূর্ব্বে আর্সেনিক ব্যবহৃত না হইলে প্রস্রাবের জন্য ইহার উপর নির্ভর করা যাইতে পারে।

Arsenic: removes congestion of the kidneys.

২। টেরিবিন্থিনা—আর্সেনিক ব্যর্থ হইলে প্রস্রাব করাইবার জন্য টেরিবিন্থিনা অতি উৎকৃষ্ট ঔষধ। মূত্রস্তম্ভ অথবা মূত্রে রক্ত ও অণ্ডলালময় পদার্থের আধিক্য এবং মূত্রে জলের ভাগ কম হইলে টেরিবিন্থিনা বিশেষ উপযোগী।

Terebenthina: when urine is suppressed, bloody and albuminous but less watery.

২। ক্যান্থারিষ—মূত্রস্তম্ভ অথবা মূত্রে এপিথিলিয়াম্ অর্থাৎ মূত্রযন্ত্রের বিধানোপযোগী এপিথিলিয়াম্-কোষ নির্গত

Cantharis: suppression, urine containing epithe-

হইলে এবং মূত্রযন্ত্রের ইউরিয়া নামক মূত্রক্ষার অধিক পরিমাণে বহির্গত সুতরাং রক্তে শোষিত হইয়া ইউরিমিয়া উপস্থিত হইলে ক্যান্থারিস উপযোগী হইয়া থাকে।

টেরিবিন্থিনা ও ক্যান্থারিস ঔষধের পার্থক্য বিচার ও প্রয়োগ। মূত্রযন্ত্রের উপর উক্ত দুই ঔষধের ক্রিয়া বিশেষ করিয়া বুঝিতে গেলে মূত্রযন্ত্র সম্বন্ধে দু একটী কথা স্মরণ করিতে হয়। শারীর-বিধান তত্ত্ব পাঠে জানা যায় যে, মূত্রযন্ত্রে দুইটী অংশ আছে (১) বাহিরের বা কর্টিকাল অংশ এবং (২) ভিতরের বা মেডুলারী অংশ। বাহিরের অংশে অধিক সংখ্যক রক্তবহা-নাড়ী দৃষ্ট হয়। ভিতরের অংশে মূত্রনলী দৃষ্ট হয় ও ইহাদের চতুর্দ্দিকে কৈশিকা নাড়ী বেষ্টন করে। অতএব মূত্রযন্ত্রে দুইটী রক্ত সঞ্চালন প্রক্রিয়া হইয়া থাকে। মূত্রযন্ত্রের দুই অংশে দুই প্রকার ক্রিয়া প্রকাশ পায়। বাহিরের অংশ অধিক রক্তপূর্ণ সুতরাং এই স্থান হইতে স্বাভাবিক অবস্থায় কেবল মূত্রজল বাহির হয়। আর ভিতরের অংশ হইতে মূত্রক্ষার বা ইউরিয়া, কোষ, প্রভৃতি মূত্রযন্ত্রের বিধানোপাদান নিঃসৃত হইয়া থাকে। টেরিবিন্থ মূত্রযন্ত্রের বাহিরের অংশে ক্রিয়া প্রকাশ করিয়া মূত্রস্তম্ভ বা স্বল্প প্রস্রাব বাহির করিয়া থাকে, আর, যে অল্প মূত্র ত্যাগ হয় তাহাতে রক্ত ও অণ্ডলাল পদার্থের আধিক্য হয়। সুতরাং বিসূচিকা রোগে যখন প্রথম মূত্ররোধ হয় বা অতি কষ্টে রক্তবর্ণ ও অল্প প্রস্রাব হয় তখন টেরিবিন্থিনা প্রকৃত সদৃশ ঔষধ।

ক্যান্থারিস মূত্রযন্ত্রের ভিতরের অংশে ক্রিয়া প্রকাশ করিয়া ক্রমাগত এপিথিলিয়াম্ কোষ সুতরাং ইউরিয়া প্রভৃতি পদার্থ

lium tube-casts, uræmia

Differential diagnosis between Tereb. and Canth. We have a double circulation in Kidneys, one in the Cortical and the other in Medullary portion, the arterial blood first passes through the malphigian tufts in the cortical or outer portion, where the urinary water is seperated, and then through the Capillaries of the cortical portion where the epithelium of the convoluted tubes forms from it the urea and other solid constituents of the secretion

Terebinth: acts upon the malpighian circulation and causes suppression or scanty blooy and albuminous urine, hence it is 1st preferred to canth. in choleraic suppression of urine.

Canth. (not sparing the primary cu-

culation) mainly acts upon the secreting functions and causes (besides bloody urine) secretion of urea, epithelium uræmia &c., Hence Tereb. is more suitable for suppression of urine in cholera than Canth at first.

নিঃসৃত করে, এই সকল পদার্থের অধিক নিঃসরণে সুতরাং সাধারণ রক্তস্রোতে মিশ্রিত হইলেই ইউরিমিয়া রোগ হয় অতএব তখনই ক্যান্থারিষ প্রয়োগ প্রকৃত সাদৃশ বিধি। কান্থারিষ সেবনে রক্ত প্রস্রাব হয় না তাহা নহে (অনেক স্থলে আদৌ রক্তস্রাব হয় না,) কিন্তু কান্থারিষ সদৃশ প্রস্রাবে রক্তাপেক্ষা ইয়ুরিয়া ও এপিথিলিয়াম্ কোষের আধিক্য থাকে, সুতরাং বিসূচিকায় প্রথম প্রস্রাব বাহির করিবার জন্য কান্থারিষ প্রয়োগ না করিয়া টেরিবিন্থ প্রয়োগ করাই সুচিকিৎসা।

Cupr, causes urine.

৪। কুপ্রাম—সেবনে প্রস্রাব হয়; কারণ কুপ্রাম অতিরিক্ত সেবন করিলে মূত্রস্তম্ভ হইয়া থাকে।

Kali Bichr: n 2nd Trituwhere ischuria continued after the use of Ars.

৫। কেলী-বাইক্রম।—প্রস্রাব করাইবার জন্য কেলী-বাইক্রম আর একটী উত্তম ঔষধ; আর্সেনিক প্রভৃতি ব্যর্থ হইলে এবং অশ্বমূত্রের মত বিসূচিকাগ্রস্থ ব্যক্তির প্রস্রাবে দুর্গন্ধ হইলে ২য় চূর্ণ কেলী-বাইক্রম বিশেষ উপযোগী হইয়া থাকে।

Indications painful urging to urinate, scanty high colored urine with white sediment and back-pain.

প্রয়োগ লক্ষণ—প্রস্রাব জন্য কষ্টকর বেগ, অল্প, ঘোর বর্ণের প্রস্রাব, মূত্রে সাদাবর্ণের অণ্ডলালময় পদার্থ অধঃস্থ হয়। তৎসঙ্গে পৃষ্ঠে বেদনা থাকে। মূত্রস্তম্ভ অর্থাৎ আদৌ মূত্র নিঃসৃত হয় না এবং মূত্রযন্ত্রের স্থানে বেদনা হয়।

Merc. Cor: scanty red with strong smell albuminous, suppression or is passed with difficulty, hæmaturia.

৬। মার্কুরিয়াস-করোসাইভাস—স্বল্প লাল, উগ্রগন্ধবিশিষ্ট ও অণ্ডলালময় প্রস্রাব। মূত্রস্তম্ভ, অথবা কষ্টে মূত্রত্যাগ, মূত্র ত্যাগে ইচ্ছা কিন্তু অল্প মূত্রত্যাগ, রক্ত প্রস্রাব ইত্যাদি।

useful in Syphilitics.

বিসূচিকাগ্রস্থ ব্যক্তির পূর্ব্বে যদি উপদংশ রোগ হইয়াছিল এমন হয় তবে ৬ হইতে ১২ ক্রমের মার্কুরিয়াস্ করোসাইভাস উপকার করিতে পারে।

Veratr. alb.

৭। ভেরেট্রাম-এল্বাম্—স্বল্প ও লাল মূত্র, এবং মূত্র-স্তম্ভ হইলে ভেরেট্রাম।

৮। ক্যানাবিস স্যাটাইভা ও ইণ্ডিকা—রোগীর পূর্ব্বে প্রমেহ থাকিলে উপকার হয়। মূত্রজ্বালা, মূত্রস্রোত দ্বিভক্ত, রক্ত প্রস্রাব, বিন্দুং মূত্র ইত্যাদি। Canb. Sat. and Indica: burning urine, divided stream, hæmaturia, dribbling.

৯। সিকেলী—মূত্রস্তম্ভ অথবা রক্তবর্ণের অল্প প্রস্রাব। Secale.

১০। স্পীরিট ইথার নাইট্রিক্ ৫।১০।১৫ বিন্দু মাত্রায় প্রয়োগ করিলেও প্রস্রাব হইয়া থাকে। Spt. Ether Nitric.

১১। এতদ্ব্যতীত, মুষ্টিযোগ রূপে তলপেটে ঠাণ্ডা জলের পটি, অথবা উষ্ণ জলের সেঁক, সোরা ও গাঁদা ফুলের পাতা, অথবা পাথর কুচির পাতা বাটিয়া তলপেটে প্রলেপ দিলে মূত্র ত্যাগ হইয়া থাকে। Cold compress, warm fomentation, Pot. Natras and Calendula leave's plaster &c.,

ইয়ুরিমিয়া-চিকিৎসা।

ইয়ুরিমিয়া স্বয়ং একটী রোগ নহে, ইহা অন্যরোগের লক্ষণ মাত্র। বিসূচিকা রোগে ইউরিয়া প্রভৃতি মূত্রস্থিত পদার্থ রক্তে পরিচালিত হইলে ইয়ুরিমিয়া হইয়া থাকে। Uræmia is retention of specific urine contents in blood

লক্ষণ। যদি শীঘ্রং ইয়ুরিমিয়া উপস্থিত হয় তবে মৃগীবৎ আক্ষেপ, তৎপরে কোমা বা তন্দ্রা বা অচৈতন্যতা উপস্থিত হইয়া থাকে। কোনং স্থলে, উন্মত্ততা বা প্রলাপাদি উৎপন্ন হইয়া তৎপরে মৃত্যু হইয়া থাকে। কখনং আক্ষেপের পূর্ব্বে শোথ, অজীর্ণতা, বমন, ও ক্ষীণ দৃষ্টি প্রভৃতি লক্ষণ প্রকাশ করিয়া থাকে। Symptoms: convulsions, coma, sometimes excitement, dropsy, dyspepsia Vomiting, amaurosis &c. may be previous sympts.

আর, যদি বিলম্বে ইয়ুরিমিয়া উপস্থিত হয় তবে আক্ষেপিক লক্ষণ অত্যল্প অথবা আদৌ প্রকাশ না পাইয়া তন্দ্রা, সম্পূর্ণ অচৈতন্যতা এবং চাপং কার্ব্বনেট অব্ এমোনিয়া বমন হইয়া থাকে। অত্যন্ত গাত্র কণ্ডুয়ন হয়, এমন কি রোগী অজ্ঞানাবস্থায় গা চুলকাইয়া থাকে এবং মধ্যেং হাঁপানির মত শ্বাসকষ্ট হইয়া থাকে। Ch. Uræmia: somnolence vomiting, itching, asthmatic fits, but no convulsions.

Treatment. Arsenic: vomiting, colic, difficult breathing, emphesema, in uræmia from scarlatina, diphtheria, and Brights disease. Ars. in narcotic form with œdema of brain.

চিকিৎসা। ১। আর্সেনিক—ইয়ুরিমিয়া রোগে বমন, শূলবেদনা, শ্বাসকষ্ট, ও ফুসফুস বায়ুপূর্ণ হইলে আর্সেনিক উপযোগী। আরক্ত-জ্বর, কৃত্রিমঝিল্লীপ্রদাহ, ও ব্রাইটস্ রোগের ইয়ুরিমিয়াতেও আর্সেনিক উপকারী। ইয়ুরিমিয়ার অবস্থায় অচৈতন্যতা ও মস্তিষ্কে শোথ আর্সেনিক প্রয়োগের বিশেষ নিদর্শন।

Cuprum: alternate convulsion and nervous asthma, talkative delirium, spasm of extensors, sweat, prostration &c.

২। কুপ্রাম—ইয়ুরিমিয়ার আক্ষেপ, স্নায়বায় হাঁপকষ্ট, বিহ্বলবকা, বধিরতা, এবং আক্ষেপের কালে মুখ বিকৃত ও লাল, চক্ষু যেন বাহির হইয়া আসে, স্থির দৃষ্টি, এক্সটেন্সর অর্থাৎ বিস্তারণকারী পেশীদিগের প্রবল আক্ষেপ; জিহ্বা ও প্রশ্বাস শীতল, তীক্ষ্ণ চীৎকার এবং অবশেষে দুর্ব্বলতা, ঘর্ম্ম ও তন্দ্রা থাকিলে কুপ্রাম উপযোগী হয়। কুপ্রাম এসিটিকামও ব্যবহৃত হইয়া থাকে।

Phosp: bloody, albuminous, scanty urine with atrophy of brain and Medulla.

৩। ফস্ফারাস্—মূত্র রক্তমিশ্রিত, অণ্ডলালময়, অল্প, ও মূত্র-কোষ পূর্ণ। ইয়ুরিমিয়ার অবস্থায় মস্তিষ্ক ও মেডুলা অবলংগেটা শুষ্ক হইলে ফস্ফারাস্ ভাল।

Aurum: scanty albuminous urine, uræmia of 3rd stage of syphilis.

৪। অরম্—মূত্র স্বল্প, অণ্ডলালময়, মূত্রবেগ, গর্ভাবস্থায় মূত্রে অণ্ডলাল সঞ্চয় ইত্যাদি। উপদংশ রোগের তৃতীয় অবস্থায় ইয়ুরিমিয়া হইলে অরম্ ভাল।

Carbolic Acid Sopor. &c.

৫। কার্ব্বলিক এসিড্—ইয়ুরিমিক্ তন্দ্রা বা অচৈতন্যতায় উপযোগী বলিয়া বর্ণিত আছে।

Ac. Hydrocy: weak heart & lungs, palpitation, anguish dyspnœa, 1st convulsion 2nd paralysis, rattling trachea.

৬। হাইড্রসিয়ানিক-এসিড্—যদি হৃৎপিণ্ডের ক্রিয়া ক্ষীণ, নাড়ী দ্রুত ও কোমল, হৃৎপিণ্ড ও ফুস্ফুসে রক্তস্রোতের হ্রস্বতা, হৃৎস্পন্দন, মানসিক যাতনা ও শ্বাসকষ্ট, প্রথমে আক্ষেপ পরে অবসাদন, শ্বাসপ্রশ্বাস মৃদু, ধীরে২ গোঁয়ান, গলা ঘড় ঘড়

করা লেরিংস বা হৃৎপিণ্ডের হঠাৎ অবসাদন ইত্যাদি অবস্থায় হাইড্‌ সিয়ানিক উপযোগী।

৭। নাইকোটিন্—ইয়ুরিমিয়ার অবস্থায় যদি ডায়াফ্রাম নামক ব্যবচ্ছেদক পেশীর পক্ষাঘাত হয়, তৎসঙ্গে কপালে শীতল ঘর্ম্ম, পিপাসার অভাব, অন্ত্রে সিরাম সঞ্চয় থাকে, এবং যকৃৎ ও মূত্রনিঃসরণ বন্ধ থাকে তবে নাইকোটিন্ উপযোগী।

Nicotine: paralysis of diaphragm, cold forehead, thirstlessness, no diarrhœa, and no liver and kidney secretions.

ইয়ুরিমিয়া নামক রক্ত-বিকার যতক্ষণ বর্ত্তমান থাকিবে ততক্ষণ মস্তিষ্ক লক্ষণ নিবারণ জন্য ওপিয়াম্ বেলেডনা, ষ্ট্রামোনিয়াম্ বা হায়োসায়েমাস্ ব্যবহার করার প্রয়োজন নাই, কারণ উহারা রক্তের বিকৃতি নষ্ট করিতে পারে না। ইয়ুরিমিয়া বিদূরিত হইলে অর্থাৎ উত্তমরূপ প্রস্রাব নিঃসৃত ও বহির্গত হইলে পর যদি মস্তিষ্কে রক্তাধিক্য থাকে তবে উহারা উপযোগী হইয়া থাকে। সেইরূপ ইয়ুরিমিয়ার প্রবল লক্ষণগুলির সাম্য হইলে প্রস্রাবের জন্য টেরিবিন্থিনা ও ক্যান্থারিস উপকারী; ইউরিমিয়ার অবস্থায় বিশেষ-কার্য্যকারী নহে।

Opi, Bell, Stram, and Hyos may be of use in cerebral congestion after uræmic poisoning is over.

So, terebinth. and canth. are useful for the secretion of urine after the uræmic sympts. are over.

মূত্র থলীতে মূত্র সঞ্চয় চিকিৎসা।

Treatment of Retention.

১। ওপিয়াম্—যদি মূত্রযন্ত্র হইতে মূত্র নিঃসৃত হইয়া মূত্রথলীর অসাড়তা প্রযুক্ত উহাতে মূত্র সঞ্চয় হয় ও তৎসঙ্গে কোষ্ঠ বদ্ধ থাকে তবে ওপিয়াম অমোঘ।

Opium: retention of stool and urine.

২। ক্যান্থারিস—মূত্রথলীর স্ফিংটার পেশীর অসাড়তা প্রযুক্ত মূত্রবদ্ধ হইলে অথবা ইচ্ছা করিয়া অনেকক্ষণ মূত্র ত্যাগ না করা প্রযুক্ত মূত্রথলীর অসাড়তায় ক্যান্থারিস উপযোগী।

Canth: paralysis of sphincter vesicæ and retention after retaining urine voluntarily.

৩। ল্যাকেসিস্—যদি কাল ও ফেনাযুক্ত অল্প ২ প্রস্রাব হয় ও মূত্রথলীতে চাপবোধ প্রযুক্ত প্রস্রাবের বেগ হইলেও প্রস্রাব বাহির না হয় তবে ল্যাকেসিস্ প্রয়োগ বিধি।

Laches: black, frothy, scanty urine, bladder pressure, ineffectual urging to urinate.

Veratr. Alb. involuntary urging, scanty urine.

৪। ভেরেট্রম-এল্বাম্—মূত্রথালীর অসাড়তা বশতঃ অল্প ২ প্রস্রাব হইলেও এই ঔষধ উপযোগী হইতে পারে।

Camph: strangury after cantharis retention, or black, green and scanty urine.

৫। ক্যাম্ফার—ক্যান্থারিষ সেবন দ্বারা রক্ত প্রস্রাব হইলে ক্যাম্ফার প্রয়োগ বিধি। আবার, মূত্রথালীতে প্রস্রাব সঞ্চয় হইলেও অল্প অল্প কাল বা সবুজ মূত্র ঝরিলে এবং মূত্রে ঘন পদার্থ অধঃস্থ হইলে ক্যাম্ফার বিশেষ উপযোগী।

Secale: atony of bladder and retention.

৬। সিকেলী—মূত্রথালীর অসাড়তা বশতঃ মূত্র সঞ্চয় হইলে সিকেলী উপযোগী।

Stram: *retention with* debility, dribbling but *no pain.*

৭। ষ্ট্রামোনিয়াম্—অত্যন্ত দুর্ব্বল অবস্থায় মূত্রথালীতে প্রস্রাব থাকিলেও মূত্রত্যাগে-অসমর্থ। এইরূপ মূত্র স্তম্ভে রোগীর কোন প্রকার যাতনা থাকে না, ইহাদ্বারা মূত্রথালীর অসাড়তা বশতঃ অল্প অল্প মূত্র ঝরিতে থাকে।

Arsenic: from atony, *of old* men.

৮। আর্সেনিক—মূত্রথালীর অসাড়তা বশতঃ মূত্র বহির্গত না হইলে আর্সেনিক উপযোগী হয়। বৃদ্ধব্যক্তিদিগের এবং ঠাণ্ডা লাগিয়া মূত্রথালীর অসাড়তা হইলেও আর্সেনিক বিধি।

Arnica: full bladder, urging.

৯। আর্ণিকা—মূত্রথালীতে মূত্র পূর্ণ থাকে, বেগ দিলেও বাহির হয় না।

Caust: long *retention.*

১০। কষ্টিকাম্—অনেক ক্ষণ মূত্র সঞ্চয় হইয়া থাকিলে।

Cicut: *paralysis and* anxiety.

১১। সিকুটা—মূত্রথালীর অবসন্নতা এবং তজ্জন্য মানসিক উদ্বেগ।

Gels: dribbling, attempt in effectual, bladder distended, no pain.

১২। জেলসিমিয়াম্—সর্ব্বদা মূত্র ঝরে, কিন্তু বেগ দিলে প্রস্রাব হয় না, তলপেটও নাভী পর্য্যন্ত ফুলিয়া উঠে, কিন্তু চাপ দিলেও বেদনা বোধ হয় না।

Helleb: dribbling, œdema, constipation sleepless-ness, despair.

১৩। হেলিবোরাস্—মূত্রথালীর গ্রীবার অসাড়তা, তৎসঙ্গে পদে শোথ, প্রবল বমন, কোষ্ঠবদ্ধ, অনিদ্রা, আরোগ্য নৈরাশ্য।

১৪। হায়েসায়েমাস্—প্রসবান্তে ও বালকদিগের মূত্রথালীর অসাড়তা, তৎসঙ্গে মস্তিষ্ক লক্ষণ বর্ত্তমান থাকে। Hyos: in children, after labor with head sympts.

১৫। আয়োডিন্—বৃদ্ধদিগের মূত্রধারণে অক্ষমতা। Iod: for aged.

১৬। নক্সমশ্চেটা—হিষ্টিরিয়া-গ্রস্থ নারীর পক্ষে, তৎসঙ্গে রক্ত প্রস্রাব হইলে। Nux. Mosch: hysteria with strangury.

১৭। নক্সভমিক—ঠাণ্ডা লাগিয়া ও অতিরিক্ত-ইন্দ্রিয়পরতা প্রযুক্ত মূত্রসঞ্চয় রোগে। Nux. Vom: cold, and from sexual excess.

১৮। ফস্ফারস্—পৃষ্ঠমজ্জার রোগ বশতঃ মূত্র সঞ্চয় রোগে। Phosp: in spinal trouble.

১৯। ষ্টাফিসিগ্রিয়া—অত্যন্ত প্রসবকষ্ট হইয়া মূত্র সঞ্চয় হইলে ও তৎসঙ্গে আসাড়ে মূত্র পতন, মূত্রজ্বালাকর, কোষ্টবদ্ধ এবং প্রস্রাব করিবার নিস্ফল চেষ্টা হয়। Staphis: after confinement.

এতদ্ব্যতীত, কার্ব্বোভেজ, কাম্ফার, সিপিয়া, ব্যারাইটাকার্ব্ব, বেলেডনা, চায়না, ইগ্নেসিয়া, লাইকোপডিয়াম্, নেট্রাম মিউর পডোফিলাম্, রসটক্স ও রুটা প্রভৃতি অনেক ঔষধ মূত্রথালীর মূত্রসঞ্চয় রোগে উপকার করিতে পারে। compare also. Carbo Veg, Sulph, Sepia, Baryta carb, Bell, China, Ignat. Lyco. Podo. Rhus. Ruta &c.,

গরম জলের সেঁক মুষ্টিযোগ স্বরূপ ব্যবহার করা যায়। Fomentation.

উদর মধ্যে বমন ও ভেদ সঞ্চয়।

বিসূচিকার হিমাঙ্গ অবস্থায় স্নায়ু ও পেশীদিগের অবসন্নতা হেতু অন্নবহানালীর অসাড়তা হয়, সুতরাং কখনং ভেদ ও বমন উদরগহ্বর হইতে বহির্গত হইতে না পারিয়া তন্মধ্যেই জমিয়া থাকে। একারণ, বমনেচ্ছা, অস্থিরতা, শ্বাসকষ্ট, পেট-ফোলা, বক্ষে চাপবোধ ও মূত্ররোধ প্রভৃতি উপসর্গ আসিয়া উপস্থিত হয়। এই সকল লক্ষণানুসারে ভৈষজ্য-রত্নাবলী মিলাইয়া কেহ কেহ নক্সভমিকা, আর্সেনিক, এসাফিটিডা, কার্ব্বোভেজিটেবিলিস, লাইকোপডিয়াম ও টেরিবিন্থিনা প্রভৃতি ঔষধ সদৃশ Owing to nervous and muscular paralysis in the collapsed stage of cholera we generally find bloated abdomen, nausea, restlessness, difficult breathing, flatulence, tight chest, urine suppression &c.,

Plumbum Alumina and Opium to be preferred to Nux V. Ars, Assaf. Carbo. Lyco, Tereb &c., one drop of opium 3x, in little water every 15 minutes.

Cupr. Acet. if Opium used before.

বিধি মনে করিয়া ব্যবস্থা দিয়া থাকেন, কিন্তু ঐ সকল ঔষধের উপকারিতা সত্ত্বেও এরূপ স্থলে উহাদের প্রয়োগ সদৃশ বিধি নহে। ডাক্তার স্যাল্জার বলেন যে, ঐরূপ স্থলে প্লম্বম, এলুমিনা এবং ওপিয়াম উপযোগী হইয়া থাকে। পূর্ব্বে ওপিয়াম সেবিত না হইলে একবিন্দু ৩য় দশমিক ক্রম ওপিয়ম্ অর্দ্ধছটাক জলে মিশ্রিত করিয়া ১০।১৫ মিনিট অন্তর অল্প অল্প সেবন বিধি। আর, পূর্ব্বে ওপিয়ম্ সেবিত হইলে ৩।৬।১২।৩০ দশমিক অথবা আরও উচ্চ ক্রমের কুপ্রাম-এসিটিকাম্ দ্বারা বিশেষ উপকার দর্শিতে পারে।

উদরাধ্মান বা পেট-ফাঁপার চিকিৎসা।

Flatulence presses the diaphragm, result being difficult breathing.

বিসূচিকা রোগে পেট-ফোলা একটী বিষম উপসর্গ। সময়ে নিবারিত না হইলে উদরগহ্বর বায়ুপূর্ণ হইয়া ডায়াফ্রাম নামক বক্ষ ও উদরের ব্যবচ্ছেদক পেশীকে চাপিয়া ভয়ানক শ্বাসকষ্ট উৎপন্ন করে।

Causes of flatulence: 1st formation of a gas from the admixture of food, drink and air, the gas cannot come out owing to paralysis of the peristaltic movements. 2. Fermentation. 3. Gas generated from the walls of stomach and intestines.

পেট-ফাঁপের কারণ :—ভক্ষ্যদ্রব্য, জল ও ভুবায়ু পরস্পর মিশ্রিত হইয়া উদর মধ্যে প্রবিষ্ট হইলে পরিপাক কালে উহারা চূর্ণ বিচূর্ণ হইয়া কতকটা গ্যাস্ নির্ম্মাণ করে। সুস্থাবস্থায় ঐ গ্যাস্ অন্ত্রস্থিত পেশীদিগের ক্রিমিগতির প্রভাবে বাহির হইয়া যায়, কিন্তু বিসূচিকা রোগে সেই ক্রিমিগতির লোপ হইলে পেটের ফাঁপ রহিয়া যায়, আবার, উদর মধ্যে বিবিধ পদার্থের উৎসেচন ও পচনে প্রচুর গ্যাস্ জন্মে, এবং অন্ত্র ও পাকাশয় গাত্র হইতেও গ্যাস্ উৎপন্ন হইয়া থাকে।

Treatment.

যেরূপেই গ্যাস্ বা বায়ু উৎপন্ন হউক না কেন, শীঘ্র উহার প্রতিকার করা কর্ত্তব্য। পেটফাঁপা নিবারক ঔষধ যথা :—

Nux. Vom. where secretion of bile is stopped

১।—নক্সভমিকা—পাকাশয় ও অন্ত্রস্থিত ও পেশীর অবসাদন বশতঃ ফাঁপ এবং পিত্তনালী ও পিত্তকোষের অবসাদন

বশতঃ পিত্তনিঃসৃত ও বহির্গত হইতে না পারিলে যে ফাঁপ হয় (কারণ পিত্ত পরিপাকক্রিয়ার পোষক, অন্ত্রে পিত্ত না আসিলে হজম হয় না সুতরাং পেট ফাঁপিয়া উঠে) তাহাতে নক্সভমিকা উপযোগী হয়। from paralysis, of bile-ducts, liver cells &c., effects being indigestion and flatulence.

২। মার্কুরিয়াস্—যকৃৎ হইতে পিত্ত না বাহির হইলে ও যকৃতের ক্রিয়া দূষিত হইয়া পেট ফাঁপিলে তৎসঙ্গে মুখে লাল ঝরা ও দুর্গন্ধ ইত্যাদি লক্ষণ থাকিলে মার্কুরিয়াস্ ভাল। Mercurius: defective liver with salivation, fœtid breath &c.,

৩। সাল্‌ফার—সিম্পাথিটিক স্নায়ু-মণ্ডলের সাহায্যে পরিপাক ক্রিয়া সম্পন্ন হয়, সুতরাং ঐ স্নায়ুবিকার ঘটিলে যেরূপ পেট ফাঁপে, দুর্গন্ধ বায়ু নিঃসরণ, শিরার রক্তাধিক্য এবং যথায় মার্কুরিয়াস ব্যর্থ অথবা অযথা ব্যবহৃত হয় তথায় সাল্‌ফার বেশ খাটে। Sulph: defective sympathetic system with indigestion, fœtid flatus, congestion of veins and where Merc fails or used in excess.

৪। কার্ব্বোভেজিটেবিলিস্—পাকাশয় অর্থাৎ উপর পেট ফুলিয়া উঠিলে, তৎসঙ্গে দুর্গন্ধ উদরাময় থাকিলে ও অন্ত্রের গাত্র হইতে গ্যাস্ উৎপন্ন হইলে কার্ব্বো-ভেজ ফলপ্রদ। কার্ব্বো সদৃশ বায়ু নিঃসরণ বড়ই দুর্গন্ধ জনক হইয়া থাকে। Carbo. Veg: stomach and upper intestine's flatulence, 'fœtid diarrhœa and gases from the walls of the stomach.

৫। লাইকোপডিয়াম্—নীচের পেট অর্থাৎ অন্ত্র এক স্থানে ফুলিয়া উঠিলে, (নেট্রাম্‌কার্ব্বের মত) এবং তৎসঙ্গে কোষ্ঠবদ্ধ থাকিলে লাইকোপডিয়াম বিশেষ উপযোগী। লাইকো-পডিয়াম সদৃশ বায়ুনিঃসরণে গন্ধ নাই। Lycopod: flatulence of lower abdomen confined to one part (also Natr. Carb.) with odourless flatus.

৬। প্লম্বাম—অন্ত্রাক্ষেপ বশতঃ পেট বেদনা, পেট ফুলা ও পেট গড়গড় শব্দ হইলে প্লম্বম বিধি। Plumb: flatulence with colic, rumbling.

৭। এসাফিটিডা—দুর্গন্ধমল, অত্যন্ত পেটফাঁপ, উদরাময় ও পেটবেদনায় এসাফিটিডা। Assaf: flatulence with fœtid diarrhœa, colic &c.,

Alumina: flatulence with constipation, paralysis of lower abdomen. Arsenic flatulence with diarrhœa,

৮। এলুমিনা—কোষ্ঠবদ্ধ, পেটফাঁপা, ও নিম্ন অন্ত্রের অবসাদনতায় এলুমিনা। তরল ভেদের সহিত পেট ফাঁপিলে আর্সেনিক।

Tereb: flatulent colic with constipation.

৯। টেরিবিন্থিনা—কোষ্ঠবদ্ধ, পেটফাঁপ ও পেট-বেদনায় টেরিবিন্থিনা।

Opium described above.

১০। ওপিয়ম্—পূর্ব্বে লিখিত হইয়াছে।

Arg. Nitric. flatulent eructations.

১১। আর্জ্জেণ্টম নাইট্রিকাম্—পেটে বায়ু সঞ্চয় ও মুখ দিয়া উহার সজোরে বহির্গমন হইলে আর্জেণ্টম্ নাইট্রিকাম বিধি।

Carbolic acid: flatulence in cholera infantum with eructation.

১২। কার্ব্বলিক এসিড্—শিশু-বিসূচিকায় পেট ফুলিয়া উঠিলে ও ক্রমাগত উদ্গার উঠিলে, কার্ব্বলিকএসিড্ উপযোগী।

Nux. mosch: flatulence of summer diarrhœa of full stomach with rumbling and difficult breathing (hiccough).

১৩। নক্সমস্কেটা—ভরাপেটে, বালকদিগের এবং গ্রীষ্মকালীন উদরাময়ে উদরে বায়ুপূর্ণ ও গড়মড় শব্দ হইলে তৎসঙ্গে শ্বাসকষ্টাদি বর্ত্তমান থাকিলে নক্সমস্কেটা উপকার করে।

China: rumbling from indigestion.

১৪। চায়না—অজীর্ণ বশতঃ পেটে গুড়মুড় শব্দ ও বায়ু-পূর্ণ হইলে চায়না উপযোগী হয়।

Capsicum: flatulencewith stomach burning rumbling and colic.

১৫। ক্যাপসিকাম্—পেটফুলা পেটজ্বালা ও তৎসঙ্গে গুড়মুড় বা ফুটফাট্ শব্দ ও অন্ত্রশূল থাকিলে ক্যাপসিকাম্ দ্বারা উপকার হয়।

Camph: painful emission of flatus.

১৬। ক্যাম্ফার—অতিকষ্টে বায়ুনিঃসরণ হইলে কাম্ফার বিধি।

Lime juice is conducive to flatulence, sweets contraindicated.

১৭। অল্প-পরিমাণ লেবুর রস সেবন করিলেও পেট ফাঁপা নরম পড়ে। কিন্তু পেটফাঁপার অবস্থায় মিষ্টান্ন সামগ্রী অতিশয় নিষিদ্ধ।

১৮। অল্প পরিমাণ সুরার দ্বারাও অজীর্ণ লক্ষণ দূরীকৃত হয় সুতরাং পেটফাঁপা নরম পড়ে।

Brandy in small doses removes flatulence from indigestion.

১৯। উদরোপরি শীতল জলের পটি দিলে অথবা তেলে জলে মালিষ করিলেও পেটের-ফাঁপ বাহির হইয়া যায়।

Cold compress, friction with oil.

২০। যদি উদরে পচা মল বদ্ধ থাকে তবে রেড়ীর তেল হিঙ্গের আরোক ও ঈষদুষ্ণ সাবানের জল অল্প পরিমাণে মিশ্রিত করিয়া পিচকারী দিলে অথবা কেবল টার্পিণ তেল ও ঈষদুষ্ণ সাবানের জল অল্প পরিমাণে মিশ্রিত করিয়া পিচকারী দিলে অন্ত্রের মল নির্গত হইয়া আশ্চর্য্য উপকার দর্শে, অত্যন্ত জীর্ণকর দুর্ব্বল ও স্নায়ুবীয় অবসন্নতার অবস্থায় পিচকারী প্রয়োগ করিবে না, কারণ, ঐরূপ অবস্থায় যাহা উদর মধ্যে প্রবিষ্ট করান যায় তাহা অন্ত্রের অসাড়তা বশতঃ উদর মধ্যেই থাকিয়া যায়, বাহির হইতে পারে না সুতরাং উপকারের পরিবর্ত্তে অপকার হইয়া থাকে।

Enema of castor oil, tinct. Assaf. and soap water, or enema of oil tereb. with soap water.
Enema: contraindicated in weak or prostrated cases.

এতদ্ব্যতীত, ডাবের জল মৌরীর জল প্রভৃতি অনেক অনেক দেশীয় মুষ্টিযোগ দ্বারা পেটের-ফাঁপ নিবারিত হইতে পারে।

Besides Cocoanut water, aqua anisi &c. are of great use.

হিক্কা চিকিৎসা।

বিসূচিকা রোগে হিক্কা একটী অত্যন্ত কষ্টদায়ক, শরীর দুর্ব্বলকর ও প্রধান উপসর্গ, অতএব প্রথম হইতে ইহার নিবারণ করা কর্ত্তব্য।

Hiccough:

হিক্কার কারণ। (১) ডায়াফ্রাম নামক উদর ও বক্ষ-গহ্বর ব্যবচ্ছেদক পেশীর আক্ষেপিক কুঞ্চন জনিত প্রশ্বাসের পর, নিশ্বাস দ্বারা ভূবায়ু হঠাৎ ও প্রবল ভাবে অপ্রস্তুত লেরিংস মধ্যে প্রবিষ্ট হইলে যে শব্দ হয় উহাকে হিক্কা বা হেঁচকি কহে।

exciting causes:- violent contraction of diaphragm and sudden entrance of air in not prepared larynx.

(২) মস্তিষ্করোগ (৩) বহুকালস্থায়ী নীরক্ততা, (৪) শরীর দুর্ব্বলকর ব্যাধি, (৫) হঠাৎ শোণিত ও শরীরের আবশ্যকীয়

2. Brain disease,
3. Long continued anaemia.

4. debilitating diseases. 5. after loss of blood and vital fluids. 6 Mental affections as fright anger &c., reflex causes: 7 Pleurites. 8. Pericarditis. 9. Stomach, 10. liver and intestinal disease, 11. Bright's disease. 12. Tuberculosis, 13. Typhus. 14. Cholera. 15. Pyæmia.

রসক্ষয়, (৬) মানসিক উত্তেজনা যেমন ভয় রাগ ইত্যাদি হিক্কা রোগের উদ্দীপক কারণ। অথবা প্রতিধাবিত ভাবে অর্থাৎ অন্য রোগের "তাড়সে" হিক্কা উপস্থিত হয় যথা:—ফুস্ফুস্ ও হৃদাবরণ রোগ, পাকাশয়িক রোগ, যকৃৎ ও অন্ত্রসম্বন্ধীয়-রোগ ইত্যাদি। মূত্রযন্ত্রের রোগ, গুটিকা রোগ, মোহজ্বর রোগ, প্লুরিষি রোগ এবং বিশেষ বিসূচিকা রোগে দিবারাত্র হিক্কা হইলে "সে লক্ষণ বড় ভাল নয়" বলিয়া নির্দ্দেশিত হইয়া থাকে। বিসূচিকা রোগের সদৃশ লক্ষণ যুক্ত কয়েকটী ঔষধ দ্বারা হিক্কা নিবারণ করিতে প্রথম চেষ্টা করিবে তৎপরে অন্যান্য ঔষধের সাহায্য গ্রহণ করিবে।

Treatment.

হিক্কা নিবারণার্থ যাবতীয় প্রধান প্রধান ঔষধের নাম ও প্রয়োগ লক্ষণ যথা:—

Verat alb: hiccough due to Nerve irritation. warm drinks with colic.

১। ভেরেট্রাম-এল্বাম্—স্নায়বীয় উত্তেজনা ও উষ্ণপানীয় সেবন দ্বারা হিক্কা হইলে তৎসঙ্গে উদর শূল থাকিলে ভেরেট্রাম এল্বাম।

Cupr: spasmodic hiccough.

২। কুপ্রাম—আক্ষেপ বশতঃ হিক্কায় কুপ্রাম।

Secale:

৩। সিকেলি—আক্ষেপযুক্ত হিক্কায় সিকেলী।

Carbo. Veg: hiccough from least motion.

৪। কার্ব্বোভেজ—অঙ্গ সঞ্চালনে হিক্কা হইলে কার্ব্বোভেজ।

Ars. hiccough due to nerve irritation, cold fruit, after food.

৫। আর্সেনিক—স্নায়বীয়-উত্তেজনা ও শীতল ফল ভক্ষণ জনিত ও আহারের পর হিক্কায় আর্সেনিক।

Tabacum: nauseating hiccough.

৬। ট্যাবাকাম—অত্যন্ত বমনেচ্ছা ও হিক্কায় ট্যাবাকাম।

Hydrocy: (nervous)

৭। হাইড্রসিয়ানিকএসিড্—স্নায়বিক হিক্কা।

Bell: frequent violent and

৮। বেলেডনা—ঘন ঘন প্রবল, আক্ষেপিক হিক্কা,

রাত্রিতে ও ঘর্ম্মকালে হিক্কা, হিক্কার ধমকে চম্‌কে উঠা, দুইবার হিক্কার ব্যবধানে কানে তালা লাগা, অবসন্নতা এবং বমনের সহিত হিক্কা হইলে বেলেডনা উপযোগী হয়। spasmodic hiccough, at night during sweat, with starting.

৯। সিকুটা-ভিরোসা—আক্ষেপ প্রযুক্ত, ও উচ্চ শব্দ বিশিষ্ট হিক্কা। Cicuta: spasm and hiccough,

১০। হায়োসায়েমাস্—উদর-গহ্বরের যন্ত্রদিগের প্রদাহ বশতঃ হিক্কা এবং নীচের পেটে আক্ষেপ, পেটডাকা ও তৎসঙ্গে অসাড়ে প্রস্রাব এবং মুখে ফেনা পড়ার সহিত হিক্কা হইলে হায়োসায়েমাস্। Hyoscyamus: when inflammation of intestinal organs.

১১। এগ্নাস্‌ক্যাষ্টাস্—বিরক্ত অন্তরের সহিত হিক্কা। Agn. Cast: with vexation.

১২। পাল্‌সেটিলা—চর্ব্বিজাতীয় পদার্থ বরফ ও ঠাণ্ডা ফল ভক্ষণ, ধূমপান অথবা জলপান করিবার পর, নিদ্রাবস্থায় ও শ্বাস অবরোধের সহিত হিক্কা হইলে পাল্‌সেটিলা উপযোগী। Pulsat: after fatty food, ice, cold fruit &c.,

১৩। ষ্ট্যাফিসিগ্রিয়া—মূর্চ্ছা ও বমনেচ্ছার সহিত হিক্কা। Staphis: with fainting and nausea.

১৪। ইগ্নেসিয়া—বালক ও স্ত্রীলোকদিগের হিক্কা হইলে ও তাহা আহারের পর বৃদ্ধি রাখিলে। Ignat. in children and women.

১৫। রুটা—অবসাদনের সহিত হিক্কা হইলে। Ruta: with depression.

১৬। নক্সভমিকা—শীতল পানীয়ের পর হিক্কা। NuxVom: after cold drinks.

১৭। ফস্ফরাস্—আহারের পর প্রবল হিক্কা, তৎসঙ্গে পেট-কন্ কন্ ও পেট বেদনা করিলে ফস্ফরাস্। Phos: after food.

১৮। ষ্ট্রামোনিয়াম্—রাত্রিকালীন শিশুদিগের অস্থিরতা, ও নিদ্রার ঘোরে চীৎকার করা, ও তৎসঙ্গে হিক্কা থাকিলে ষ্ট্রামোনিয়াম্। Stram: at night, during sleep &c.

১৯। সাল্‌ফুরিক এসিড্—পাকাশয়ের অম্লপ্রযুক্ত প্রবল হিক্কা। Ac. Sulph: acid hiccough.

Capsicum: (nervous). ২০। ক্যাপসিকাম্—স্নায়বীয় উত্তেজনা প্রযুক্ত হিক্কায়।

Musk: (Hysteric). ২১। মস্কাস্—হিষ্টিরিয়া গ্রস্থ নারীর হিক্কা।

Nux Mosch. (flatulent). ২২। নক্সমস্কেটা—উদর-বায়ুপূর্ণ ও তৎসঙ্গে প্রবল হিক্কা।

Sulph: painful palate with hiccough, loud and empty eructations. ২৩। সাল্‌ফার—তালুর পশ্চাদ্ভাগে বেদনা ও হিক্কা।

Aconite. (congestive). ২৪। একোনাযিট—দীর্ঘকালস্থায়ী ও সর্ব্বাঙ্গিক রক্তাধিক্য বশতঃ হিক্কা।

Bryon: hiccough after eructation with muscular spasm. ২৫। ব্রায়োনিয়া—উদ্গারের পর হিক্কা তৎসঙ্গে পেশীর আক্ষেপ বর্ত্তমান থাকে।

Laches. ২৬। লেকেসিস্‌ও—হিক্কা নিবারণার্থে ব্যবহৃত হয়।

Zinc. after sweets with bitter rising. ২৭। জিঙ্কাম্—মিষ্টান্ন সেবন জনিত বুকজ্বালা, তিক্তবমন ও হিক্কা থাকিলে জিঙ্কাম ভাল।

Mustard Plaster over pit of stomach. ২৮। পাকাশযের উপর রাইসরিষার পলাস্তা দিলেও সময় ২ উকি বা হিক্কা থামিয়া যায়।

Chloroform inhalations. ২৯। ২।৩ বিন্দু ক্লোরোফর্ম সেবন করিলে হিক্কা নিবারণ হয়।

Hypodermic injection of Morphia. ৩০। মর্ফিয়া—পিচকারী-দ্বারা ত্বকে প্রবিষ্ট করিয়া সাঙ্ঘাতিক ও কষ্টকর হিক্কা নিবারণ করিবার প্রয়োজনও হইয়া থাকে।

Santonine or Cina if due to worms. ৩১। যদি ক্রিমি জনিত হিক্কা হয় তবে রোগীর সামর্থ্য থাকিলে লবণ জল পান দ্বারা ক্রিমি বমন করাইতে হয়, অথবা, দুগ্ধ ও চূণের জল অথবা সিনা বা সেণ্টনায়িন্ প্রয়োগ বিধি দিবে।

Besides, cocoanut and palm fruit ৩২। এতদ্ব্যতীত, ডাবের জল, গরম মুড়ীর জল, কচি তালশাঁসের জল, মিশ্রির সরবৎ, ভাটুইয়ের শস্য (যাহা মাটে

হয় ও কাপড়ে লাগে) ইত্যাদি অনেক২ মুষ্টিযোগে হিক্কার উপকার হইয়া থাকে। — water, parched rice water &c.,

---

বিসূচিকার পরবর্ত্তী বমনেচ্ছা ও বমনের চিকিৎসা।

বিসূচিকার প্রথম বমনের পর প্রতিক্রিয়ার অবস্থার কালে যে আবার বমন হয়, তাহাতে কেবল অম্ল ও পিত্ত উঠিয়া থাকে। নিম্নলিখিত ঔষধ দ্বারা উহার চিকিৎসা করিতে হইবে। — Treatment of after-nausea and vomiting which is chiefly acid and bilious.

১। ইপিকাক্—বিবমিষা বা বমনেচ্ছা প্রবল থাকিলে ইপিকাক্। — Ipecac· Nausea.

২। নক্সভমিকা—বমনেচ্ছা ও বমন একত্রে বর্ত্তমান থাকিলে নক্সভমিকা। — Nux Vom: Nausea and vomiting.

৩। পডোফিলাম্—দ্বারা পৈত্তিক বমন নিবারিত হয়। — Podo (Bilious).

৪। ইউপেটিরিয়াম্—যথায় জলপান করিলেই বমন হয়। — Eupat: (after drinking).

৫। ফস্ফরাস্—যথায় জলপানের কিঞ্চিৎ পরে বমন হয়। — Phosp: (little after drinking).

৬। হাইড্রসিয়ানিক এসিড্—যথায় বমন কিছুতেই নিবারিত হয় না। — Hydrocy Ac. (obstinate).

৭। সোডা ওয়াটার, সোডা কার্ব্ব—বিপরীতভাবে অম্ল নষ্ট করিয়া বমন নিবারণ করে। — Soda water, Soda Carb. (antipathic).

৮। ক্লোরাফর্ম—দ্বারা পাকাশয়ের শ্লৈষ্মিক ঝিল্লীর অবসাদন করিয়া কখন২ বমন নিবারণ করিতে হয়। — Chloroform internally.

৯। এণ্টিম-টার্ট—যথায় বমনেচ্ছা প্রবল থাকে। — Ant. Tart.

১০। ট্যাবাকামও—ঐরূপ অবস্থায় উপযোগী। — Tabacum.

১১। য্যাট্রোফাও—প্রয়োজন হইয়া থাকে। — Jatropha.

WormSympts· expulsion of worms, water brash, abdominal Colic, tenesmus, Vomiting, undigested mucous stools feeling of heat and coldness feverish at noon, itching of anus and nose, grinding of teeth dilated pupils. clean tongue periodic sympts &c. &c.

১২। ক্রিমি—প্রযুক্ত যদি বমনেচ্ছা ও বমন প্রবল রাখে তাহা হইলে নিম্নলিখিত লক্ষণগুলি প্রকাশ পাইয়া থাকে যথা :—ভেদ ও বমনের সহিত ক্রিমির বহির্গমন, মুখে জল উঠা, পেট ব্যথা, পেট খোচা, বমন, অজীর্ণ সাদা শ্লেষ্মাময় ভেদ (শ্লেষ্মায় কৃমির উৎপত্তি হয়), কখন তাপ কখন শীত, বেলা একটার সময় জ্বর বোধ, মলদ্বার ও নাসিকা কণ্ডুয়ন, নিদ্রাকালে দাঁতে২ ঘর্ষণ শব্দ, প্রসারিত কনিনীকা, পরিষ্কার জিহ্বা, পর্য্যায় ক্রমে লক্ষণের প্রকাশ, নাড়ীর গতি সকল সময়ে সমান না থাকা ইত্যাদি লক্ষণ গুলি প্রকাশিত হইলে আবশ্যকানুসারে নিম্ন ও উচ্চ ক্রমের সিনা ব্যবহার করা কর্ত্তব্য।

Treatment: Cina, Santonine, Sulph, Aco, Merc. Cor, Tereb, Filixmas, Stann. Cup-Acet. Teucrium. Lyco Verat, Ipecac &c.,

সিনা ব্যতীত, স্যাণ্টনাইন্, সাল্‌ফার, একোনাইট, মার্ক্-রিয়াস্‌কর, টেরিবিন্থ, ফিলিক্স মাস্, ষ্টানাম্, কুপ্রাম-এসিটাকম্, টিউক্রিয়াম্, লাইকোপডিয়াম্, ভেরেট্রাম্ ও ইপিকাক্ ঔষধের প্রয়োজন ও হইয়া থাকে।

উপরোক্ত ঔষধগুলির প্রয়োগ নির্দ্দশন।

Drop doses frequently repeated of Filixmas Merc, Cor, stann, or of Cupri-acet will often remove the tape-worm sympts even though joints continue to pass awayby stools.

১। ফিলিক্সমাস্, মার্ক-কর, ষ্টানাম্, কুপ্রাম-এসিটিকাম্ ঔষধ ভৈষজ্য-রত্নাবলীর সদৃশ লক্ষণানুসারে বিন্দু২ মাত্রায় ঘন২ আভ্যন্তরিক প্রয়োগ করিলে গাঁটবিশিষ্ট ফিতার মত ক্রিমি বিনষ্ট হয় এবং মল মধ্যে ঐরূপ ক্রিমির এক২ গাঁট বাহির হইলেও আর কোন যাতনা দৃষ্ট হয় না।

Cina and Santonine where round worms are present.

২। সিনা বা স্যাণ্টনায়িন চূর্ণ গোলাকার (কেঁচোর মত) ও লম্বাকৃতি কৃমি বিনষ্ট বা বহির্গত করে।

Thread worms resist to treatment, Cina and Santonine

৩। সিনা ও স্যাণ্টনাইন সেবনে সূত্রবৎ কৃমি নিবারণ করিতে পারিলেও ১ম দশমিক ক্রমের টিউক্রিয়াম অত্যন্ত উপযোগী ঔষধ। আবার সূত্রবৎ ক্রিমির মূল উৎপাটন জন্য

কোয়াসিয়া, লবণ, লৌহ অরিষ্ট ও সাল্‌ফুরিক ইথার প্রভৃতি ঔষধ পিচকারী দ্বারা মল দ্বারের ভিতর প্রবিষ্ট করিলে বিশেষ উপকার হয়। ইহাতে যদি ক্রিমির বিনাশ না হয় তবে ৩০ ক্রমের লাইকোপডিয়াম্ ২ দিবস, ১২ ক্রমের ভেরেট্রাম্ ৪ দিবস, এবং অবশেষে ৬ ক্রমের ইপিকাক্ এক সপ্তাহ সেবন করিলে রোগ আরোগ্যের বিশেষ সহায়তা করিয়া থাকে।

are good here also but *Teucrium 1X* is preferred. In obstinate cases use Lyco, 30 for 2 days. Veratr 12 for 4 days, and Ipecac 6 for a week.

বিসূচিকার পরবর্ত্তী উদরাময়ের চিকিৎসা।

বিসূচিকাগ্রস্ত ব্যক্তি একবার ভেদ ও বমনের হস্ত হইতে পরিত্রাণ পাইয়া যদি প্রতিক্রিয়া বা জ্বরের অবস্থায় আবার তাহার উদরাময় হয়; তবে সেস্থলে বিশেষ বিবেচনার সহিত চিকিৎসা করিতে হইবে, অর্থাৎ যদি এতাবৎ কাল পর্য্যন্ত প্রস্রাব না হয় তবে হঠাৎ ভেদ বন্ধ করিবে না যেহেতুক এরূপ উদরাময় তখন প্রস্রাবের পরিবর্ত্তে কতক পরিমাণে উপকার সাধন করিয়া থাকে।

Treatment of diarrhea after Cholera: do not check the diarrhœa till the urine is fairly secreted.

কিন্তু, ঐরূপ উদরাময় প্রযুক্ত বলক্ষয় হইলে উহা নিবারণ করিতে হইবে। পীড়ার পূর্ণ প্রাদুর্ভূত অবস্থায় যেসকল ঔষধ পূর্ব্বে প্রয়োগ করা হইয়াছিল এক্ষণে সেই সকল ঔষধ সদৃশ বিধি অনুসারে উচ্চক্রমে ব্যবস্থা করিলে বিশেষ উপকার হইতে পারে অথবা যাহাতে শীঘ্র প্রস্রাব হয় তদ্বিষয়ে বিশেষ যত্নবান হইতে হইবে, কেননা প্রস্রাব হইলে ভেদ আপনাপনি বন্ধ হইতে পারে।

But the debilitating diarrhœa should at once be checked with medicines that have already been used in the developed stage of the disease in comparatively higher dilutions, or help the urine secretion which will arrest the diarrhœa.

উদরাময় নিবারণোপযোগী ঔষধ যথাঃ—

Commonly used drugs are:

১। চায়না—ফল ভক্ষণজনিত ভেদ, আহারের পর ভেদ, পেটফাঁপা, বেদনা শূন্য দুর্ব্বল কর ভেদ, (ফক্কাবাসর মত) জলবৎ আমময় বা ঈষৎ পীতবর্ণ বা কাল ও দুর্গন্ধ যুক্ত মল,

China from fruit, after meals flatulent painless, debi-

litating, mucous watery yellow blackish, bilious or white

সাদা বা হলদে জিহ্বা এবং মুখ বেতার চায়না প্রয়োগের লক্ষণ। রক্তস্রাব বা অর্শরোগীর উদরাময়ে চায়না ভাল।

Phos: flatulent undigested oily painless, morning, involuntary, &c. &c.,

২। ফস্ফারাস্—পেটফাঁপা, অজীর্ণলক্ষণযুক্ত ও প্রাতঃকালীন ভেদ, তৈলাক্ত মল, দুর্ব্বলকর কিন্তু বেদনাশূন্য ভেদ, অত্যন্ত তৃষ্ণা, প্রাতঃকালীন ভেদ, মল কাল বা সবুজ, জলবৎ অথবা রক্তবর্ণ, অসাড়ে ভেদ্ জলপান করিবার পর বমন ফস্ফারস্ প্রয়োগের লক্ষণ।

Acid phosp; not debilitating but mucous and undigested.

৩। ফস্ফারিক এসিড্—উদরাময়-ভেরেট্রামেরমত দুর্ব্বলকর নহে, কিন্তু মলে শ্লেষ্মা ও অজীর্ণ লক্ষণ থাকে (চায়না ফেরাম্ ও ওলিয়াণ্ডারের মত)

Croton. Tig; yellow, watery sudden expulsion, worse from drink and food.

৪। ক্রোটন্ টিগলিয়াম্—প্রচুর পরিমাণে হঠাৎ জলবৎ ও পীতাভ সবুজ মল কুন্থন ও বেগের সহিত বাহির হওয়া এই ঔষধের প্রয়োগ লক্ষণ। বালকেরা জলপান করিলেই যদি বালকের পিচকারী দিয়া ভেদ হয় তবে ক্রোটন ভাল।

Mercurius. greenish, watery, slimy and bloody, with tenesmus fever and liver tenderness.

৫। মার্কুরিয়াস্—জ্বরসংযুক্ত উদরাময়ে কুন্থন সহকারে সবুজ জলবৎ চট্‌চটে ও রক্ত সংযুক্ত মল, মুখে দুর্গন্ধ, এবং যকৃতে বেদনা বোধ মার্কুরিয়াস্ প্রয়োগের লক্ষণ।

Ferrum: watery, undigested, during meals, mucous, bloody with itching at anus

৬। ফেরাম্—জলবৎ অজীর্ণকর উদরাময়, আহার কালে অসাড়ে ভেদ, মলে রক্ত ও শ্লেষ্মা থাকে, মলদ্বার চুলকায় ও ক্ষুদ্র সূত্রবৎ কৃমি বাহির হয়।

Podophylum· morning, bilious, pain after stools, prolapse of rectum.

৭। পডোফিলম্—যকৃতের উত্তেজনা বশত প্রাতঃকালীন ভেদ, পৈত্তিক ভেদ, অথবা নানা বর্ণের ভেদ, ভেদের পর পেটবেদনা, সরলান্ত্রবহির্গম (ইগ্নেসিয়ার মত)।

Rhus Tox. night diarrhœa, nausea, colic (better lying on abdomen

৮। রসটক্স—রাত্রিকালীন ভেদ, তৎসঙ্গে বমনেচ্ছা ও শূলবেদনা, উপুড় হইয়া শয়ন করিলে বেদনা নরম পড়ে। মল জলবৎ, শ্লেষ্মাযুক্ত, অথবা রক্তবর্ণ ইত্যাদি। রাত্রিকালে

অসাড়ে ভেদ, (আর্ণিকা ও হায়ে সায়েমাসের মত, তৎসঙ্গে শ্বাসকষ্ট, সাল্ফারের মত)। belly) watery, mucous, bloody &c.,

৯। রিসিনিস্—শুভ্র ভেদ কখন কখন রক্তবর্ণ ও আমযুক্ত মল। মার্কুরিয়াস সদৃশ ভেদ রক্ত ও আমময়, তৎসঙ্গে কুন্থন অথবা কষ্টের সহিত ভেদ এবং মলত্যাগের পর গুহ্যদ্বারে জ্বালা,(আর্স, ক্যাপসিকম্ ও মার্কুরি সাল্ফারের মত)। Ricinis; stools, muco-reddish, generally white and painless.

উপর্যুক্ত ঔষধগুলি ব্যর্থ হইলে অহিফেন্ ট্যানিক্ ও গ্যালিক্ এসিড্, এসিটেড্ অব্ লেড্, খড়ি প্রভৃতি ধারক ঔষধ বিপরীত ভাবে প্রয়োগ করিতে সঙ্কুচিত হইবে না। Opium, Tannic and Gallic acid, Plumb-Acet, Chalk &c, in obstinate cases.

বিসূচিকার পরবর্ত্তী আমাশয় চিকিৎসা।

Treatment of Dysentery:

১। একোনাইট—জ্বরসংযুক্ত আমাশয়। Aco. with fever,

২। কলোসিন্থ—মলে রক্ত, আম বা শ্লেষ্মা, তৎসঙ্গে প্রবল কুন্থন থাকে এবং সেজন্য রোগী কুব্জের আকার ধারণ করে। Coloc, withtenesmus.

৩ এলোজ্—ভেদের সময় ও পূর্ব্বে পেটকামড়ায়। Aloes: griping before or during stool.

৪। মার্কুরিয়াস্ করোসায়িভাস্ দ্বারা পুনঃ পুনঃ শ্লেষ্মা ও রক্তমিশ্রিত ভেদ হয় তৎসঙ্গে পেট বেদনা থাকে। Merc. Cor: bloody ineffectual stool.

মার্কুরিয়াস্ ভায়িভাস্ শিশুদিগের রক্তাতিসারে ভাল।

৫। ইপিকাক্—রক্ত ভেদ, অথবা শ্লেষ্মাময় অতিসার তৎসঙ্গে বমন বর্ত্তমান থাকে। Ipecac: bloody and mucous stool, nausea and vomiting.

৬। নক্সভমিকা-বারম্বার নিষ্ফল অথবা অল্প পরিমাণে মলত্যাগ হয় তৎসঙ্গে রক্তের ছিটা বর্ত্তমান থাকে। Nux. Vom: ineffectual stools with bloody tinge.

৭। পডোফিলাম্—সরলান্ত্রের রক্তাতিসার (বিশেষ বালকদিগের) তৎসঙ্গে সরলান্ত্রবহির্গমন ও কুন্থনবর্ত্তমান থাকে, এবং মল ফেনাযুক্ত হইয়া থাকে। Podo: prolapsus ani tenesmus, bloody stools.

৮। কার্ব্বোভেজিটেবিলিস্-কেবল রক্ত ভেদ। Carbo Veg. bloody stools.

৯। ইলাপ্স কৃষ্ণ বর্ণের তরল ভেদ। Elaps: black stools.

জ্বরচিকিৎসা।

Treatment of febrile reaction: Aconite in simple cases, Veratr: resembles Bell Sympts except cerebral congestion of the latter.

Cupr. and Camph. also in fever.

Treatment of complications: Bry. Phos. Ant. Tart. (Lung mischief); Ipec. Bry. (gastric irritation) Cupr. Arsen. (gastric inflammation); Nux. Vom. (loss of appetite, acidity, pain.) Merc. Bry. Nux (Liver) Rhus, Ars. (restlessness); Phos ac. (prostration).

Bell. (congestion delirium); Hyos. (Quarrelsome mania due to brain pressure); Stram (Violent irritation and delirium.)

Verat, vir. (Violent cerebral congestion and fever; Opium (Coma and brain prostration, muttering delirium);

বিসূচিকা আরোগ্যের অবস্থায় অনেকের জ্বর হয়; এই জ্বর একটু প্রবল আকার ধারণ করিলে প্রথমেই একোনায়িট ব্যবস্থা করা যায়। জ্বর প্রযুক্ত মস্তিষ্কে রক্ত সঞ্চল হইলে বেলেডনা, আর তাহা না হইলে অথচ বেলেডনা সদৃশ লক্ষণ বর্ত্তমান থাকিলেও ভেরেট্রাম ঔষধ ব্যবস্থা করিতে হইবে। বিসূচিকায় এরূপ জ্বরের অবস্থায় কুপ্রাম ও ক্যাম্ফারও উপকার করে। এইরূপ সামান্য উপায়ে যদি জ্বর আরোগ্য না হয় তবে রোগের আক্রমণ ও লক্ষণানুসারে চিকিৎসা করা কর্ত্তব্য যথাঃ— ফুসফুস বিকারে অর্থাৎ রক্তাধিক্য ও কাশী হইলে ব্রায়োনিয়া, ফস্ফারাস্ ও এণ্টিম টার্ট; পাকাশয়ের উগ্রতা হইলে ইপিকা ও ব্রাই; পাকাশয়ে প্রদাহ হইলে কুপ্রাম ও আর্সেনিক, এবং পাকাশয়ে ক্ষুধা বৃদ্ধি, অম্ল বমন, ও বেদনা হইলে নক্স প্রয়োগ করিবে। যকৃৎ বিকারে মার্কুরিয়াস্ ব্রাই ও নক্স ইত্যাদি। জ্বরে অস্থিরতা থাকিলে রসটক্স ও আর্সেনিক এবং জড়তা ও দুর্ব্বলতা থাকিলে ফস্ফারিক এসিড্ প্রয়োগ বিধি, কিন্তু জ্বর বিকার হইলে বেলেডনা (মস্তিষ্কে রক্তাধিক্যবশতঃ প্রলাপ ইত্যাদি); হায়েসায়েমাস্ (মস্তিষ্ক-চাপের উগ্রতা হেতু কলহ জনক উন্মাদ)। এবং ষ্ট্রামোনিয়াম্ (ভয়ানক উগ্রতা ও প্রলাপ) ব্যবহৃত হয়।

ভিরেট্রাম্ ভিরিডী—মস্তিষ্কে প্রবলতম রক্তসঞ্চয় ও প্রবল জ্বর ইত্যাদি); ওপিয়াম্ (মস্তিষ্কের অবসন্নতা প্রযুক্ত তন্দ্রা ও বিড় বিড় করিয়া বকা ইত্যাদি): ফস্ফারিক এসিড্ (স্নায়বীয় দুর্ব্বলতা জাগ্রতাবস্থায় প্রলাপ ইত্যাদি); ল্যাকেসিস্

(জিহ্বা চকচকে ও কম্পন শীল ঘুমাইবার পর রোগের বৃদ্ধি সর্পের স্বপ্ন দেখা ইত্যাদি); এসিড্ মিয়ুরেটিক (দুর্ব্বলতা, জিহ্বায় ক্ষত ইত্যাদি)।

Phos. ac. (delerium while awake), Laches (Tongue shining and trembling.) Acid. Mur: (prostration apthæ &c.,)

ক্যানাবিষ-ইণ্ডিকা—(তন্দ্রা, গাত্রকণ্ডুয়ন ইত্যাদি)।

Can. sat: (sopor, itching)

সিকুটা-ভিরোষা—(শিব-নেত্র, স্থির দৃষ্টি, আক্ষেপ, শ্বাসকষ্ট ইত্যাদি); হেলিবোরাস (মাথা গরম); লরোসিরেসাস্ (শ্বাসরোধ, মস্তকে রক্ত সঞ্চয় ইত্যাদি); নক্সভমিকা (দুর্ব্বলতা কোষ্ঠবদ্ধ ইত্যাদি); মস্কাস্ ও ফস্ফারাস্ (দুর্ব্বলতা ও প্রলাপ); মার্কুরিয়াস্ (অন্ত্র লক্ষণ); লাইকোপডিয়াম (বিড়বিড় বকা, বিছানা হাতড়ান চোয়াল ঝুলিয়া পড়া, বলক্ষয়কারী নৈশ ঘর্ম্ম, পিপাসার অভাব, নীচের পেট কাঁপ ও কোষ্ঠবদ্ধ এবং নাসা রন্ধের উত্থান ও পতন); ব্রায়োনিয়া (সম্মুখ কপালে বেদনা, প্রলাপ, তিক্ত বমন, পিপাসা ইত্যাদি); রসটক্স (অচেতনাবস্থায় বকা, ঝেঁকে২ ওঠা, অঙ্গ প্রত্যঙ্গে বেদনা, অসাড়ে মল মূত্র ত্যাগ ইত্যাদি); আর্ণিকা (বলক্ষয়কারী জ্বর, বেদনা, বিছানা শক্তবোধ প্রলাপ ইত্যাদি); সিকেলি (অনিবার্য্য পিপাসা আক্ষেপিক বেদনা ইত্যাদি); আর্সেনিক (অত্যন্ত দুর্ব্বলতা ও জলবৎ ভেদ ইত্যাদি); ব্যাপটিসিয়া (প্রবল জ্বর, দুর্গন্ধ ভেদ ইত্যাদি)।

Cicut: (half closed eye staring look, spasm); Helleb: (hot head); Laurec: (spasmmodic breathing, brain congestion.) Nux. V. (debility, constipation). Musk, Phos: (debility, delirium) Merc: (dysentery); Lyco: (muttering delirium picking bed clothes). Bry: (frontal headache. Rhus: (delirium pain &c.) Arnica. (hard bed; debilitating fever delirium &c.,) Secale: (thirst, spasm) Ars. [prostration diarrhœ]. Baptisia: [high fever, fœtid diarrhœa].

রক্তাল্পতার চিকিৎসা।

১। চায়না—শারীরিক রস বা রক্তক্ষয় জনিত দুর্ব্বলতায় চায়না ভাল। অল্পমাত্রায় কুইনাইন চূর্ণও উপযোগী হইয়া থাকে।

Treatment. of Asthenia: China (debility),

Acid Phos: prostration, weak chest, cough, night-sweat, and animal debility.

২। ফস্ফরিক এসিড—স্নায়বীয় দুর্ব্বলতা, তৎসঙ্গে বক্ষে দুর্ব্বলতা বোধ, কাশী, নৈশ ঘর্ম্ম, ধাতুদৌর্ব্বল্য ইত্যাদি লক্ষণে ফস্ফরিক এসিড্ বিধি।

Rhus Tox. debilitating fever with diarrhœa and indigestion.

৩। রসটক্স—বিসূচিকার পরিণামে একপ্রকার দুর্ব্বল ও জীর্ণকর জ্বর হয় তৎসঙ্গে উদরাময়, অজীর্ণ ইত্যাদি লক্ষণ বর্ত্তমান থাকিলে রসটক্স বিধি।

Carbo. veg. from debility from loss of fluids.

৪। কার্ব্বো-ভেজিটেবিলিস্—শারীরিক যাবতীয় রসক্ষয় হইলে উপযোগী হইয়া থাকে।

Arsenic: Mosch, debility.

৫। আর্সেনিক ও মস্কস্—উচ্চক্রমে ব্যবহার করিলে দুর্ব্বলতা দূর হয়।

Besides: easily digestible food, cleanliness, fresh air, little excercise are good auxiliaries.

৬। এতদ্ব্যতীত, লঘু অথচ সহজে জীর্ণ হয় এরূপ আহার, পরিষ্কার পরিচ্ছন্ন থাকা, বিশুদ্ধ বায়ু সেবন ও অল্প পরিশ্রম প্রভৃতি দুর্ব্বলতা নিবারণের বিবিধ উপায় বলিয়া স্মরণ রাখিতে হইবে।

স্ফোটক চিকিৎসা।

Treatment of Boils.:— Bell. internally or Arnica externally.

১। বেলেডনা—স্ফোট-প্রদাহের প্রথম অবস্থায় ১ম দশমিক ক্রমের বেলেডনা ঘনঃ সেবন করাইলে অথবাঽ। আর্ণিকার মূল অরিষ্ট জলের সহিত মিশ্রিত করিয়া বাহ্যিক প্রয়োগ করিলে ফোড়া বসিয়া যায়।

Lyco. and Sulph. to prevent recurrence

৩। লাইকোপডিয়াম্ ও সাল্ফার—সেবনে ফোড়ার পুনরাক্রমণ নিবারিত হয়।

Hepar Sulph: lower to promote and higher to absorb suppuration.

৫। হিপার-সাল্ফার—নিম্ন ক্রমে পাকায়, উচ্চ-ক্রমে বসায়।

Silica for sinus.

সিলিকা—ফোড়া ফাটিয়া গেলে সিলিকা উপযোগী।

Lachesis (parotitis);

লেকেসিস্—কর্ণমূল ফুলিলে ও পাকিলে।

বিবিধ ক্ষত চিকিৎসা।

Treatment of ulcerations: Nitric and muriatic acids.—Merc. Kali.--Chlor. (mouth ulceration).
Carbo Veg. and Hepar: (spongy gums. Tannic acid. Iod. and Tereb. gargles in obstinate bleeding).
Merc. acid—Mur. Ars. Kali chlor. Aurum. Silica Hepar sulp. Quinine and tinct. steel (for cancrum oris.)

মুখেক্ষত—হইলে নাইট্রিক এসিড, মিউরিয়েটিক এসিড, মার্কুরিয়াস্ ও কালী-ক্লোরিকাম্ সেবন বিধি। দন্তমূল হইতে সামান্যরূপ রক্ত পড়িলে কার্ব্বোভেজিটেবিলিস্ ও হেপার-সাল্ফার ব্যবস্থেয়। অধিক পরিমাণে রক্তস্রাব হইলে এবং উল্লিখিত ঔষধ গুলিতে উপকার না দর্শিলে ট্যানিক-এসিড্ আয়োডিন, টেরিবিন্থ ও টিংচার ষ্টীল্ অর্থাৎ টিংচার ফেরি মিউরিয়াস্ ঔষধের কুল্লি ব্যবহার করিবে। যদি কসের দাঁতের কাছে ক্যাংক্রা-মোরিষ বা বিগলিত ক্ষত দৃষ্ট হয় তবে মার্কুরিয়াস্, মিউরিয়েটিক এসিড, আর্সেনিক. কালী ক্লোরিকম্, অরম্, সিলিকা, হেপার সাল্ফার, কুইনাইন্ এবং টিংচার ষ্টীল্ সেবন ব্যবস্থা।

Puls. sulph. Ars. Calc. Carb. Calc Ars. and nurishing food for ulcerated cornea &c.

চক্ষুক্ষত—হইলে পাল্সেটিলা, সাল্ফার, আর্সেনিক, ক্যাল্কেরিয়া-কার্ব্ব বা আর্সেনিক ইত্যাদি ঔষধ ব্যবস্থা করিবে এবং পুষ্টিকর পথ্যের ব্যবস্থা করিবে মোহ ও দুর্ব্বলতায় এইরূপ ক্ষতের উৎপত্তি হইয়া থাকে।

Treatment of bedsores due to long lying in bed and subsequent prostration.

শয্যাক্ষত—রোগপ্রযুক্ত দীর্ঘকাল শয়ন করিয়া থাকিলে দুর্ব্বলতায় রোগীর পৃষ্ঠে, নিতম্বে ও স্কন্ধে ক্ষত হইয়া থাকে।

Dilute Brandy applied to the affected parts.

১। রক্তাধিক্য অবস্থায় ১ভাগ সুরা ও ২ভাগ জল মিশ্রিত করিয়া সেই মিশ্রিত আরোকের পটি লাগাইয়া রাখিবে।

Arnica or Calendula lotion or ointment applied to the affected part.

২। আর্ণিকা অথবা ক্যালাণ্ডুলা লোশন (১ভাগ মূল অরিষ্ট ও ২০ভাগ জল) কিম্বা মলম (১ভাগ মূল অরিষ্ট আর ৭ভাগ চর্ব্বি) স্থানিক প্রয়োগ করিলেও উপকার দর্শে।

External application of Carbo. Veg *Ars. China* in cases of gangrene of those parts.

৩। ক্ষতস্থান পচিতে থাকিলে কার্ব্বোভেজিটেবিলিস্ আর্সেনিক ও চায়না প্রভৃতি আরোকের পটি বাহ্য প্রয়োগ উপযোগী।

Charcoal poultice.

৪। কয়লার পুল্টীসে দুর্গন্ধ নাশ করে।

Carbolic lotion (1 in 100), oil (1 in 8) used externally.

৫। অত্যন্ত দুর্গন্ধ পূঁয নির্গত হইলে কার্ব্বলিক লোশন ও কার্ব্বলিক তৈল (লোশন—১ভাগ কার্ব্বলিক এসিড, ১০০ ভাগ জল, তৈল—১ভাগ এসিড ও ৭ ভাগ জলপাইয়ের তৈল অথবা গ্লিসিরিন্) প্রয়োগ বিধি।

Besides, Ars. Laches, Carbo veg. Bell. Sulph. Silica. Given internally.

৬। এতদ্ব্যতীত, লক্ষণানুসারে আর্সেনিক লেকেসিস্, কার্ব্বোভেজ, বেলেডনা, সাল্ফার, সিলিকা চায়না ইত্যাদি সেবন করান কর্ত্তব্য।

নূতন ঔষধ দ্বারা বিসূচিকা চিকিৎসা।

Cupri, Ars: prostration cramps, neuralgia in the bowels, debility. Dose 6x tritu.

১। কুপ্রিক্-আর্সিনাইট্—অনেক স্থলে কুপ্রাম ও আর্সেনিক পর্য্যায় ক্রমে সেবন করাইয়া কিছু বিশেষ উপকার না দর্শিলে এতদুভয়ের মিশ্রণ কুপ্রি-আর্সেনিক ৬ষ্ঠ-দশমিক ২৩ চূর্ণের কিয়দংশ জিহ্বায়-বন্যা করিলে অথবা জলে মিশ্রিত করিয়া সেবন করাইলে বিসূচিকার (বিশেষ শিশুবিসূচিকার) অবসাদন, আক্ষেপ, অন্ত্রবেদনা, ও দুর্ব্বলতা প্রভৃতি অবস্থায় বিশেষ ফলপ্রদ।

Camph-Brom: in collapse with cerebral symptoms Dose 2x Tritu.

২। ক্যাম্ফার-ব্রোমায়িড্—বিসূচিকার-অবসাদন অবস্থায় মস্তিষ্ক লক্ষণ প্রকাশ পাইলে ক্যাম্ফার-ব্রোমায়ড্ ২য়-দশমিক চূর্ণের এক বা দুই গ্রেণ অর্দ্ধঘণ্টা অন্তর সেবন করিলে বিশেষ উপকার দর্শে।

Potas-Brom. in cholera-infantum,

৩। পটাস্-ব্রোমায়িড্—কেবল শিশু—বিসূচিকায় মস্তিষ্কে রক্তাধিক্য প্রযুক্ত যাবতীয় লক্ষণ প্রকাশ পাইলে ব্যবহৃত হইতে পারে।

Carbolic Acid: cholera from bad drainge

৪। কার্ব্বলিক-এসিড্—পচা নর্দ্দামার গন্ধে এবং অপরিস্কার জল পান করিয়া শিশুদিগের বিসূচিকারোগে অত্যন্ত

অবসাদন, মাথাগরম, দুর্গন্ধ শ্বাস-প্রশ্বাস, এবং চেলুনি ভেদে পচা-ডিম্বের মত গন্ধ বাহির হইলে কার্ব্বলিক-এসিড্ ব্যবহৃত হয়, বাস্তবিক্ বিসূচিকা শীঘ্র প্রবল আকার ধারণ করিলে ইহা দ্বারা বিশেষ উপকার হয়।

impure water. Sympts: prostration hot head, foul breath and stools.

৫। ক্লোরাল—যুবাদিগের বিসূচিকায় ভেদ ও বমন না হইয়া যদি হঠাৎ অবসাদন ও হৃৎপিণ্ডের পক্ষাঘাতিক লক্ষণ প্রকাশ পায়, এবং শিশু বিসূচিকায় যদি স্নায়বীয় উত্তেজনা হেতু প্রবল বেদনা ও আক্ষেপ উপস্থিত হয়, তবে ক্লোরাল উপকার করিতে পারে।

Chloral in Cholera minus vomiting and purging but syncope induced by cerebral and cardiac paralysis.

৬। ডায়স্করিয়া—দ্বারা বিসূচিকায় অত্যন্ত পেট বেদনা বা অন্ত্রশূল নিবারিত হয় কিন্তু জলবৎ ভেদ নিবারণ জন্য উহার সহিত ক্যাম্ফার ও ভেরেট্রামের সাহায্য লইতে হয়। আক্ষেপ সম্বন্ধে ইহা কুপ্রামের সমতুল্য কিন্তু ইহাদ্বারা কুপ্রামের মত হস্ত ও পদ শীতল হয় না।

Dioscoria: for Cramps, (like Cuprum) but no cold extremities.

৭। ইয়ুফর্ব্বিয়া—পূর্ব্বে বর্ণিত হইয়াছে। Euphorbia

৮। ন্যাফালিয়াম্—প্রাতঃকালীন উদরাময়, মল তরল, কৃষ্ণবর্ণ ও দুর্গন্ধ-যুক্ত। Gnaphalium.

৯। গুয়েকো—ল্যাকেসিস্, ন্যাজা, ও ক্রোটালস্ ঔষধ সমতুল্য, দক্ষিণ আমেরিকায় ইহা বিসূচিকা রোগে ব্যবহৃত হইয়া থাকে। Guaco.

১০। লেপ্‌টেণ্ড্রা—শিশুবিসূচিকায় কাল বর্ণের ভেদ হইলে উপকার করে। মাত্রা ৩য় চূর্ণ। Leptandra.

১১। কুয়িনিয়া (চায়না)—বিসূচিকায় শারীরিক তরল পদার্থ বহির্গত হইলে অত্যন্ত দুর্ব্বলতা ও প্রচুর কাল বর্ণের ভেদ হইলে কুয়িনিয়া উপযোগী। Quinia or China.

১২। পলিনিয়া—গ্রীষ্মকালীন শিশুদিগের উদরা- Paulinia.

ময়ে, শিশুদিগের দন্তোদ্গম কালে ভেদ, এবং অজীর্ণ প্রযুক্ত বমন হইলে পলিনিয়া ব্যবহৃত হয়।

Phytolacca. ১৩। ফাইটোলাক্কা—দূষিত বায়ুর কারণে বিসূচিকা হইলে ইহা বিশেষ উপযোগী হয়। ইহাদ্বারা ভেদ ও বমন বেশী হয় না বটে-কিন্তু বিবিধ মস্তিষ্ক লক্ষণ প্রকাশ পাইয়া থাকে।

Plantago. ১৪। প্ল্যাণ্টেগো—শিশুদিগের গ্রীষ্মকালীন উদরাময়ে ব্যবস্থা আছে।

Robinia. ১৫। রোবিনিয়া—অম্ল বমন ও অম্ল ভেদে ব্যবস্থা আছে।

বিসূচিকাবৎ উদরাময় চিকিৎসা।

Treatment of Choleraic and summer diarrhœa before the actual attach of cholera.

প্রকৃত বিসূচিকা ও তন্নিবারণার্থ যে যে আবশ্যকীয় ঔষধের প্রয়োজন এবং উহার বিবিধ উপসর্গের চিকিৎসার বর্ণনা সমাপ্ত হইল এক্ষণে বিসূচিকার পূর্ব্বে অথবা বিসূচিকার কালে যে এক প্রকার বিসূচিকাবৎ উদরাময় হয় তদ্বিষয়ে কিঞ্চিৎ না লিখিলে ছাত্রবর্গের অসুবিধা হইতে পারে তজ্জন্য বিসূচিকাবৎ উদরাময়ে যে যে লক্ষণ থাকিলে যে যে ঔষধ উপযোগী তাহার সংক্ষেপ বিবরণ লেখা যাইতেছে।

Aconite. vomitting, alternate chill and heat bilious or mucous stools, warm water passing as if from the bowels, paralytic weakness of bowels or secondry irritation: Dose : lower in paralysis higher in irritation.

১। একোনায়িট—বমন তৎসঙ্গে ঘর্ম্ম, কোমল ও দ্রুত নাড়ী, প্রবল তৃষ্ণা, পর্য্যায়ক্রমে শীতোত্তাপ, কচিৎ ভেদ. কিন্তু ভেদ হইলে সেই ভেদ শ্লেষ্মা অথবা পিত্ত মিশ্রিত, মলত্যাগকালে গুহ্য দ্বার দিয়া যেন উষ্ণ জল বাহির হইতেছে এরূপ অনুভব, অন্ত্রের দুর্ব্বলতা, অথবা রক্তাধিক্য বশতঃ উত্তেজনা (২য় ক্রিয়া) প্রভৃতি লক্ষণ বর্ত্তমান থাকিলে একোনায়িট উপযোগী হয়। মাত্রাঃ—পক্ষাঘাতিক বিসূচিকায় নিম্নক্রম, উত্তেজনায় উচ্চক্রম।

অত্যন্ত উত্তাপ লাগা, শৈত্যপ্রযুক্ত ঘর্ম্মরোধ, অথবা ভয় ও দুঃখ এবং শিশুদিগের দন্তোদ্গম এই কয়েকটী একোনায়িট উদরাময়ের প্রধান২ কারণ।

Causes: heat, cold, fright, emotion and teething.

২। ইথুসা—শিশুদিগের জলবৎ, সবুজ, ও গন্ধহীন ভেদ, দুগ্ধ সেবন সহ্য হয় না, দুগ্ধ-পান বমন, কখনও বা জমাট দুগ্ধ খণ্ড বমিত হয়, ভেদ ও বমনের পর শিশু ঝিমায় ও মাঝে২ চীৎকার করে; মুখে কষ্টের চিহ্ন, অত্যন্ত দুর্ব্বলতা, স্থির দৃষ্টি, দড়কা বা আক্ষেপ, তৎসঙ্গে মুষ্টিবদ্ধ থাকে ও শিশু নীচের দিকে দৃষ্টি করিয়া থাকে।

Æthusa: stools watery greenish without smell, milk disagrees, vomiting of curdled milk, dosing with cries, prostration, fixed eyes convulsions &c,

৩। এণ্টিম-ক্রুড্—জিহ্বায় সাদালেপ, প্রবল বমন ও প্রচুর সাদা ভেদ, আহার বা পানের পর বৃদ্ধি। রাত্রিকালে জলতৃষ্ণা।

Antim. Crud: white tongue copious vomitting and purging.

৪। এপিস্—প্রাতঃকালীন নানাবর্ণের ভেদ, কখন দুর্গন্ধ কখন গন্ধহীন, কখন হুলবিদ্ধবৎ ও কষ্টকর. কখন সহজ, তৎসঙ্গে দুর্ব্বলতা, তন্দ্রা, মাঝে২ চীৎকার করা, মাথা গরম, চক্ষু লাল, জিহ্বা শুষ্ক, ত্বক শুষ্ক, হস্ত শীতল ও নীলবর্ণ, মূত্রস্তম্ভ, পেট বেদনা, নাড়ী সূত্রবৎ এবং প্রবল হৃদস্পন্দন বর্ত্তমান থাকে।

Apis:—morning diarrhœa of various colors, odour or odorless, pain or painless, threadypulse.

৫। আর্জেণ্টম নাইট্রিকাম্—সবুজ বর্ণের মল, মিষ্ট ও তরল সামগ্রী আহরের পর ভেদ, তৎসঙ্গে তন্দ্রা, থেকে২ শরীর কম্পন, কুঞ্চিত তারা ইত্যাদি।

Argentum. Nitric: green stools, worse after fluids and sweets.

৬। আর্সেনিক—সবুজ বর্ণের, জলবৎ ও দুর্গন্ধ মল, কিছু জল পান করিলেই বমন, অত্যন্ত পিপাসা, কিন্তু অল্প পরিমাণে জলপান, অত্যন্ত অস্থিরতা ও অবসন্নতা, দুই প্রহর রাত্রির পর বৃদ্ধি, তন্দ্রা, থেকে২ চক্ষু নাচিতে থাকে, তারকা প্রসারিত হয়, শুনিতে, কথাকহিতে ওগিলিতে কষ্ট, শুষ্ক জিহ্বা। নাসারন্ধ্র কাল, পেট খোলবিশিষ্ট, অসাড়ে মলমূত্র ত্যাগ, গ্রীবা আড়ষ্ট

Arsenic: green watery offensive stool, vomitting after drinks, great thirst, drinks little, restlessness, prostration. worse at midnight, spasmodic move-

ments of eyes, involuntary stools and urine, stiff neck palate&c.

হওয়া ও হাত পা অবশ হওয়া ইত্যাদি। কারণঃ—অধিক ফল ভক্ষণ, শৈত্য ইত্যাদি।

Asarum: mucous stool.

৭। এসারাম্—শ্লেষ্মা যুক্তমল, তৎসঙ্গে শীতবোধ, চঞ্চল স্বভাব ও দুর্ব্বলতা বর্ত্তমান থাকে।

Baptisia: offensive stool day & night.

৮। ব্যাপটিসিয়া—দিবারাত্র দুর্গন্ধযুক্ত ভেদ, শিশু কেবল তরল পদার্থ গিলিতে পারে।

Belladonna: green stools hot head, cold feet, profuse urine, white tongue with red margin.

৯। বেলেডনা—সবুজ বর্ণের ভেদ, তৎসঙ্গে মাথা গরম, পা ঠাণ্ডা, প্রচুর প্রস্রাব, জিহ্বা সাদা, কিন্তু জিহ্বার ধার লাল, মুখ ও ওষ্ঠ শুষ্ক, সদাই তন্দ্রা, তৎসঙ্গে থেকে২ চমকে ওঠা।

Benzoic acid: Copious stools fœtid urine.

১০। বেঞ্জয়িক্ এসিড্—প্রচর. জলবৎ ভেদ, তৎসঙ্গে দুর্গন্ধ প্রস্রাব।

Borax: vomitting, stools painless frothy, thin, brown, latter offensive and yellow; sopor, debility &c.,

১১। বোরাক্স—সর্ব্বদা বমন, বেদনাশূন্য-ভেদ, ভেদ প্রথম ফেনাযুক্ত. পাতলা ও কটা, শেষে অত্যন্ত দুর্গন্ধ হয়, অল্প-হরিদ্রা বর্ণের মল নির্গত হয়, পেট-খোল বিশিষ্ট ও নরম হইয়া পড়ে, এতদ্ব্যতীত, তন্দ্রা ও দুর্ব্বলতা বর্ত্তমান থাকে।

Bryonia: diarrhœa on motion worse on cold or heat, Thirst, drinks much, *hot head*, sopor, irritable temper.

১২। ব্রায়োনিয়া—অঙ্গ-সঞ্চালনে ভেদ হয়, অল্প-শীত বা গরম লাগিলে বৃদ্ধিরাখে, অত্যন্ত পিপাসা, ও অনেক পরিমাণে জল পান। মাথা গরম ও তন্দ্রা, এবং মেজাজ অত্যন্ত কড়া ও রাগান্বিত।

Calc, Carb: stools whitish watery, worse after noon sour vomit'g, open fontanellæ, sweaty head, cold face and hands, retarded *dentition, big* belly, prostration.

১৩। ক্যাল্কেরিয়াকার্ব্ব—সাদা জলবৎ ভেদ, ঈষৎ টকগন্ধ, তৎসঙ্গে টক বমন, শিশুকালে মস্তকের সম্মুখ-ফন্টেনেলী জোড়া না লাগা, নিদ্রাকালে মস্তকে ঘর্ম্ম, মুখ চুপ্সে যাওয়া; মুখ শীতল, কনুই পর্য্যন্ত হস্ত শীতল, দন্তোদ্গম বিলম্ব, দুর্ব্বলতা, শিশুদের পেট-মোটা।

১৪। ক্যাল্কেরিয়া-ফস্—মস্তক কোমল ও পাতলা, টিপিলে কড়কড় শব্দ হয়, শুষ্ক চর্ম্ম, বুড়ার মত চোপাসান মুখ, দন্তোদ্গম কালে উদরাময় তৎসঙ্গে পেট ফাঁপা, ইত্যাদি। Calc. Phosp: diarrhœa with flatulence during dentition &c.,

১৫। ক্যাম্ফার—ভেদ ও বমন হউক আর না হউক সর্ব্বাঙ্গ পাথরের মত ঠাণ্ডা, তথাচ গাত্রে কাপড় দিয়া থাকিতে অনিচ্ছা, সম্পূর্ণ অবসাদন ও অচৈতন্যতা, ইত্যাদি। ইহার আক্ষেপিক অবস্থাও আছে, পূর্ব্বে বর্ণিত হইয়াছে। Camph: skin stony cold, uncovers body.

১৬। ক্যামোমিলা—দন্তোদ্গমকালে জলবৎ ভেদ, নড়িলে ও কাঁদিলে বৃদ্ধি, পেট-বেদনা, পা গুটাইয়া থাকা, এক গাল লাল, অপরদিক বিবর্ণ ও মলিন, মস্তকে উষ্ণস্বেদ, শিশু সর্ব্বদা বেড়াইতে বলে। Chamo: stools watery, green, worse in motion, colic, teething, one cheek red other pale,hot sweat on head.

১৭। কার্ব্বোভেজ—রৌদ্র ওঅগ্নিতাপ প্রযুক্তভেদ তৎসঙ্গে উপর পেটফাঁপ থাকে। Carbo veg;

১৮। চায়না—বেদনা শূন্য ও অজীর্ণভেদ, রাত্রিকালে, ফল ভক্ষণে ও আহারের পর বৃদ্ধি, পেট-বেদনা, পেট-ফাঁপ, ও দুর্ব্বলতা। China: stools painless undigested worse in night after food and fruits &c.

১৯। কফিয়া—দন্তোদ্গম কালে জলবৎ ও বেদনা শূন্য ভেদ, তৎসঙ্গে নিদ্রানাশ ও আক্ষেপ-আশঙ্কা। Coffea: dentition, diarrhœa [painless watery,] sleeplessness threatening convulsions.

২০। কলোসিন্থ—অত্যন্ত পেট বেদনা, উপুড় হইয়া শয়ন করিলে নরম পড়ে। Coloc: Colic better on lying on stomach.

২১। ক্রোটন টিগলিয়াম্—হঠাৎ সজোরে ভেদ, গ্রীষ্মকালে বৃদ্ধি। Crot. Tig: sudden forcible discharges.

২২। কুপ্রাম্—সবুজ বর্ণের ভেদ, কষ্টকর বমন, আক্ষেপ ইত্যাদি। Cuprum: green stools, painful vomiting, convulsions.

২৩। ডাল্কামারা—সবুজ বর্ণের আমময় ভেদ, গ্রীষ্মকালে হঠাৎ ঠাণ্ডা লাগিয়া হইলে। Dulcamara: green and mucous stools from cold, in hot weather.

Ferrum Phos: green, mucous, watery, scanty stools, straining, head rolling, eyes half closed, scanty urine, starting in sleep, pulse and respiration accelerated.

২৪। ফেরাম্-ফস্—ঘন ঘন সবুজ, জলবৎ অল্প-ভেদ, মলত্যাগ কালে কোঁতানি। শিশু-মাথা ঘুরায়, নিদ্রায় চমকে উঠে, চক্ষু অৰ্দ্ধেক মুদ্রিত, স্বল্পমূত্র, মুখচোপসান। নাড়ী ও শ্বাস দ্রুত ইত্যাদি।

Helleborus: loose, watery jelly like, scanty stools.

২৫। হেলিবোরাস্—পাতলা, জলবৎ আটারমত, অল্প ভেদ, স্বল্প মূত্র ও তৎসঙ্গে হাইড্রকেফলয়েড্ লক্ষণ বর্ত্তমান থাকে।

Ignatia: sudden metastasis from bowels to the brain during dentition.

২৬। ইগ্নেসিয়া—দন্তোদ্গমকালে উদরাময় প্রকাশ হইলে মস্তিষ্ক-বিকার-লক্ষণ পায়।

Ipeca, Stools: grass green nausea, vomiting.

২৭। ইপিকা—ঘাসেরমত সবুজ বর্ণের ভেদ, কিন্তু বমনেচ্ছা ও বমন প্রবল থাকে।

Iris. vers: stools thin, watery, copious, bilious, with nausea and vomiting,

২৮। আইরিষ-ভার্সিকলার—পাতলা, জলবৎ অথবা হরিদ্রাবর্ণের প্রচুর ভেদ, তৎসঙ্গে বমনেচ্ছা ও টক বমন হইয়া থাকে। শিশুর মস্তকে ফোড়া হইয়া থাকে।

Hydrocy. ac; pulse quick weak changing sudden spasm, and vomiting.

২৯। হাইড্রসিয়ানিক এসিড্—নাড়ীক্ষীণ, দ্রুত ও পরিবর্ত্তনশীল হঠাৎ আক্ষেপ, পেট-জ্বালা, বক্ষেচাপ বোধ এবং অসাড়ে-মলত্যাগ হইলে হাইড্রসিয়ানিক ব্যবস্থা আছে।

Kali Brom: green stools. spasms, thrush, convulsions, motion of eye and limbs.

৩০। কালী-ব্রোম—ঘন ঘন সবুজ, অথবা জলবৎ ভেদ, পেটে আক্ষেপবশতঃ পেট-শক্তবোধ, তৎসঙ্গে মুখ-ক্ষত, ও চক্ষু এবং অঙ্গপ্রত্যঙ্গের আক্ষেপ বর্ত্তমান থাকে।

Kreasote: vomiting, stools grayish or white, hiccough, cold and blue face emaciation. quick and weak pulse.

৩১। ক্রিয়োজোট্—সর্ব্বদা বমন ও আকণ্ঠ জল পান; মল ধূসরবর্ণ বা সাদা, অত্যন্ত দুর্গন্ধবিশিষ্ট, সর্ব্বদা হিক্কা, শিশু সদাই গোঁয়ায়, মুখ শীতল ও নীল আভাবিশিষ্ট, দুর্ব্বলতা ক্ষীণ ও দ্রুত নাড়ী ইত্যাদি।

৩২। লেকেসিস্—অত্যন্ত পচা, দুর্গন্ধ, মল তৎসঙ্গে উদর অত্যন্ত গরম হয়। Laches: fœtid, purulent stools, heat of abdomen.

৩৩। লাইকোপডিয়াম্—সবুজ, সূত্রবৎ গন্ধহীন শ্লেষ্মাময় মল। Lyco: stools green, stringy odorless, mucous.

৩৪। ম্যাগ্নিসিয়া কার্ব্ব—বমনে ও মলে টক গন্ধ ও অন্ত্রে বেদনা। Magn. carb sour vomiting and stools, with pain in the bowels.

৩৫। মার্কুরিয়াস্ সলুবিলিস্—কাল সবুজবর্ণের আটাযুক্ত ও রক্তমিশ্রিত ভেদ। Merc. Sol: stools dark, green, slimy, bloody.

৩৬। নেট্রাম-মিউর—ভেদ ও বমন, দিবাভাগে বৃদ্ধি, অত্যন্ত পিপাসা, অত্যন্ত দুর্ব্বলতা, বিশেষ গ্রীবা প্রদেশ শুকাইয়া যায়। Nat. Mur: vomiting, diarrhœa, worse during day, shrunken neck.

৩৭। নক্স-ভমিকা—রাগী লোকদিগের প্রাতঃকালীন উদরাময়, ঘৃতপক্ক আহারের ও সুরাপানের দোষে উদরাময়। মলে দুর্গন্ধ, পিত্তাধিক্য, তৎসঙ্গে নিস্ফল মলবেগ বর্ত্তমান থাকে। Nux. Vom: morning diarrhœa after errors in diet, wine.

৩৮। ফস্ফরাস্—পাকাশয়ে পানীয়জল গরম হইলেই বমন, যতক্ষণ ভেদ হয় ততক্ষণ মলদ্বার অত্যন্ত ফাঁক হইয়া থাকে। দুর্ব্বলতা প্রযুক্ত মস্তিষ্ক কারণঃ—মেদাপকৃষ্টতা হইলে ও বৃদ্ধদিগের পক্ষে ফস্ফরাস্ ভাল। Phosp: vomiting as soon as water becomes warm in stomach, wide anus while straining, brain sympts from prostration.

৩৯। ফস্ফরিক্ এসিড্—বেদনা শূন্য, প্রচুর জলবৎ বা শ্বেতবর্ণের-ভেদ, প্রথমে দুর্ব্বলতা বোধ হয় না পরে রোগী অত্যন্ত দুর্ব্বল হইয়া পড়ে। কারণ :—অপরিমিত স্ত্রী সম্ভোগ। Phosp. Ac: painless profuse watery or white stool followed by prostration.

৪০। পডোফিলাম্—সর্ব্বদা ভেদের বর্ণ ফেরে, প্রাতঃকালীন ভেদ, মলত্যাগ কালে সরলান্ত্রের বহির্গমন। শিশুর দন্তোদ্গম কালে মাথা গরম, মাথা-চালা, গোঁয়ান, রক্তবর্ণ মুখ- Podo: changeable colour of stools, morning diarrhœa prolapsus ani. Dentition—head hot rolling,

flushed cheek, vomiting of frothy green mucus or of food,

মণ্ডল তৎসঙ্গে ফেনাযুক্ত, সবুজ বর্ণের শ্লেষ্মা বা ভুক্ত পদার্থের বমন।

Psorin: thin watery stools, fretful sleepless smell like carion.

৪১। সোরিনাম্—পাতলা জলবৎ ভেদ, তৎসঙ্গে মেজাজ কড়া, নিদ্রানাশ, এবং সমস্ত গাত্রে গন্ধ।

Puls: stools 1st green then mucous from oily and fatty food, measles &c.

পালসেটিলা—মল ঘোলাডিম্বের ন্যায়, নানাবর্ণের মল অর্থাৎ প্রথম সবুজ পরে সাদা আমাশয়বৎ ইত্যাদি। রাত্রিতে বৃদ্ধি, স্ত্রীলোকের পক্ষে এবং নারী প্রকৃতি বিশিষ্ট পুরুষের পক্ষেও উপযোগী।

Rheum: griping sour stools, whole child smells sour:

৪২। রিয়াম্—টক্ গন্ধবিশিষ্ট মল, শিশুর সমস্ত গাত্রে টক্‌গন্ধ ও ভেদের সহিত পেটকামড়ানি।

Sepia: green, sour stools, dislikes milk.

৪৩। সিপিয়া—সবুজ বর্ণের ভেদ, টক গন্ধবিশিষ্ট ভেদ, সিদ্ধকরা দুগ্ধে বিরক্তি বোধ। কারণঃ—অপরিমিত তৈলাক্ত ও চর্ব্বিযুক্ত দ্রব্য ভক্ষণ, হামজ্বর ইত্যাদি। শীতবোধ তথাপি বায়ু সেবনে ইচ্ছা।

Sulph: morning diarrhœa. [psora]

৪৪। সালফার—প্রাতঃকালীন উদরাময়, এতৎসঙ্গে চর্ম্মরোগ বর্ত্তমান থাকে।

Sulph. ac: restlessness with apthæ.

৪৫। সালফুরিক এসিড্—ভেদের সহিত অত্যন্ত অস্থিরতা এমন কি ক্যামোমিলা দ্বারাও উপকার সম্ভাবনা থাকে না, তৎসঙ্গে মুখ শুষ্ক ও মুখে ক্ষত বর্ত্তমান থাকে।

Silica. with offensive sweat in feet.

৪৬। সিলিকা—ভেদ ও তৎসঙ্গে মাথা ও পা ঘামে; পদের ঘর্ম্মে বড়ই দুর্গন্ধ হয়।

Stanum. with restlessness.

৪৭। ষ্টানাম্—ভেদ হইলে শিশু কেবল কোলে বা স্কন্ধে থাকিতে প্রার্থনা করে।

Verat, Alb: vomiting and purging, thrist cold sweat, cold tongue, &c. worse after drinking.

৪৮। ভেরেট্রাম্-এল্‌বাম—ভেদ ও বমন, ভেদের ভাগ অধিক, অত্যন্ত পিপাসা, জলপানে বমনেচ্ছা ও ভেদের বৃদ্ধি রাখে। ভেদ ও বমনান্তে দুর্ব্বলতার বৃদ্ধি, ললাটে শীতল ঘর্ম্ম, ও জিহ্বা শীতল, ইত্যাদি।

৪৯। জিঙ্ক—ঘুমভাঙ্গিলে শিশু অত্যন্ত ভয় পায় এবং মাথা চালে, নিদ্রাকালে ক্রন্দন করে, চমকে ও লাফাইয়া উঠে, ইত্যাদি।

Zincum: fright on awaking, rolls its head, cries, starts and jumps during sleep.

বিসূচিকারোগে পথ্যের ব্যবস্থা।

বিসূচিকার প্রবল আক্রমণাবস্থায় যখন অনবরত ভেদ ও বমন হইয়া থাকে তখন কোন প্রকার পথ্য ব্যবস্থা করিবে না। রোগীকে কেবল জলপান করাইয়া রাখিবে। রোগ ও উহার যাবতীয় উপসর্গ বিদূরিত হইলে অথবা অনেকটা আরাম বোধ হইলে বিবেচনা পূর্ব্বক লঘু আহারের বন্দোবস্ত করিবে, প্রথম হইতে গুরুতর পথ্যের ব্যবস্থা দিলে হিতে বিপরীত হয়। একারণ আরোগ্যোন্মুক অবস্থায় রোগীর ক্ষুধার উদ্রেক হইলে সাগু, এরারুট অথবা বার্লি প্রভৃতি সিদ্ধ করিয়া ও উত্তমরূপে তাহা ছাঁকিয়া লইয়া রোগীকে সেবন করিতে কহিবে। পরে গন্ধ ভাদালিয়ার (গাঁদাল পাতার) ঝোল ব্যবস্থা করা যায়, কারণ, ইহা স্নিগ্ধকারক উত্তেজক ও বলকারক। ক্রমে মাগুর, সিঙ্গি প্রভৃতি মৎস্যের ঝোল. জলমিশ্রিত দুগ্ধ, যবের ও ভাতের মণ্ড এবং সরু চালের ভাত ক্রমেং রোগীর অবস্থানুসারে ব্যবস্থা করা যায়। বেল-সিদ্ধজল অথবা বেল-শুটা বিশেষ উপযোগী। এক ড্রাম চাম্‌চে পরিমাণ শীতল জল বা ছোটং টুকরা বরফ মধ্যেং পান করিতে ব্যবস্থা দিবে। কিন্তু তাই বলিয়া অতিরিক্ত বরফ জল বা খণ্ড বরফ পান করিতে দেওয়া বড় ভাল নয়।

Till the purgings and vomitings cease iced water is the only diet admissible and that also in moderation, teaspoonful at small intervals. During convalascence be careful not to indulge the patient to the full extent of his desires. It is therefore advisable when the appetite returns to commece in small quantities with Sago, arrowroot, barley and such like and then according to the improvent of the digestive power soup, broth milk and water and old rice &c., &c. may be given with great precision.

বিসূচিকা রোগে পথ্যের বিষয়ে বিশেষ সতর্ক হইবার কারণ এই যে, ঐ রোগে পাকাশয় ও অন্ত্রের আভ্যন্তরিক গাত্রের এপিথিলিয়াম্‌ নামক ঝিল্লী নষ্ট হইয়া যায় সুতরাং কোন প্রকার সামগ্রী পেটে পড়িলে তাহা আর জীর্ণ বা শোষিত হইতে পারে

Causes of Caution: epithelial lining of the alimentary canal is

denuded in the developmental stage of Cholera hence stoppage of secretion and absorption.

but wholesale denudation is not the rule so food is being assimilated in certain cases; as it is impossible during life to guess the amount of absorbing surface still intact we should stop feeding cholera patient in 2nd and 3rd stages.

Risks of feeding: 1st, further destruction or injury of the epithelial lining.
2. secondry irritation producing secondary purging and vomiting.
3. accumulation of food in the already contracted stomach and intestine, result being extreme flatulence and tympanites owing to defective secretion of digestive juices and want of assimilation.

না, কারণ এপিথিলিয়াম্ ঝিল্লী নষ্ট হইলেই খসিয়া বা ছিঁড়িয়া যায় বলিয়া অন্নবহানলীর ভিতর হইতে আর রস নিঃসরণ হয় না এবং ভিলাই প্রভৃতি না থাকাতে আর কোন সামগ্রী শোষিতও হয় না, তবে এস্থলে বক্তব্য এই যে, সকল রোগীর সমস্ত অন্নবহানলীর এপিথিলিয়াম্ নষ্ট হয় না সেইজন্য ব্যক্তিবিশেষে হিমাঙ্গাবস্থায় অল্প২ পথ্য সহ্য হইয়াও থাকে। রোগীর জীবদ্দশায় এপিথিলিয়াম্ ঝিল্লী কতটুকু ভাল থাকে এবং কতখানি নষ্ট হয় ইহা কেহ দেখিতে পায় না, ও অনুমানেও ঠিক বলিতে পারে না সুতরাং রোগের প্রাবল্যাবস্থায় পথ্যের ব্যবস্থা করা সম্পূর্ণ অসঙ্গত। ঐরূপ অবস্থায় পথ্য ব্যবস্থা করিলে দুইটী বিপদের সম্ভাবনা যথাঃ—(১) এপিথিলায়াল্ ঝিল্লীর ক্ষয়বৃদ্ধি পায় (২) ভক্ষদ্রব্যের উত্তেজনা বশতঃ পুনর্ব্বার ভেদ ও বমন উপস্থিত হইতে পারে। সুতরাং ডাক্তার ব্রজেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় তাঁহার "বিসূচিকা রোগীর পথ্য" এই নামের প্রবন্ধে যে সার কথা লিখিয়াছেন তাহার মর্ম্ম এইরূপঃ—১। বিসূচিকা রোগীকে অতি সাবধানে ও অল্প২ পথ্য দিবে। ২। প্রথম ও দ্বিতীয় অবস্থায় রোগীকে পথ্য দিবে না, কারণ প্রথম অবস্থায় পথ্য দিলে উত্তেজনার বৃদ্ধি হয় এবং দ্বিতীয় বা হিমাঙ্গাবস্থায় পাকাশয় কুঞ্চিত ও এপিথিলিয়াম বিযুক্ত থাকা প্রযুক্ত অম্লরস নিঃসৃত হয় না সুতরাং পরিপাক প্রভৃতি ক্রিয়া সম্পন্ন হয় না। ৩। যদি পথ্যের আবশ্যক হয় তবে সাগু ও আরারুট উত্তম রূপে সিদ্ধ করিয়া অল্প২ ব্যবস্থা করিবে এবং রোগী ঐরূপ লঘু আহার হজম করিতে পারিলে তবে মৎস বা মাংসের ঝোল ধীরে২ ও সাবধানে ব্যবস্থা দিবে, কারণ, পথ্য বেশী হইলে আবার উত্তেজনা হইতে পারে।

ডাক্তার প্রতাপচন্দ্র মজুমদার বলেন যে প্রস্রাব না হইলে আরারুট, বালি ও জল ভিন্ন কোন পথ্যই দিতে সম্মত নহি,

পাছে পথ্যে পেট ফাঁপিয়া রোগীর কষ্ট বৃদ্ধি হয় এই ভয়ে দিতে চাই না ইত্যাদি।

আনুষঙ্গিক চিকিৎসা।

রোগীকে শুষ্ক ও গরম গৃহে রাখিবে, গরম জল বোতলে পুরিয়া সেই বোতল উত্তমরূপে ছিপি আঁটিয়া হস্তপদে ধীরে২ বুলাইবে, অন্যান্য স্থানে ফ্লানেল কাপড় গরম করিয়া অল্প২ তাপও ব্যবস্থা করা যায়। এইরূপ নিয়ম প্রতিপালন করিলে আভ্যন্তরিক ঔষধের উত্তমরূপ ক্রিয়া প্রকাশ পাইয়া থাকে। আক্ষেপের কালে কোন প্রকার গরম কাপড় দিয়া আক্ষিপ্ত স্থানে রগড়াইলে উপকার হয় কিন্তু এরূপ করিলে যদি রোগী বিরক্ত হয় তবে তাহা হইতে বিরত হইবে। রোগীর নিকট যাহাতে কোনপ্রকার গোলমাল না হয় সে বিষয়ে বিলক্ষণ সাবধান লইতে হইবে. কারণ রোগীর নিকট একে২ বিস্তর লোক দেখা করিতে আসিলে তাহার শান্তিভঙ্গ হয় ও যৎপরোনাস্তি নৈরাশ্য হইয়া থাকে সুতরাং সর্ব্বদা আশ্বাস বাক্যে তাহাকে সান্ত্বনা করিতে হইবে ইত্যাদি।

Accessary Treatment. room of a warm temperature, hot water bottles to the extremities. Frictions with woolenclothes in spasmodic cases. Niose or contradiction should be carefully avoided and his spirits should be sustained as much as possible.

ডাক্তার বেজ্ বলেন যে কোন ব্যক্তি বিসূচিকা রোগাক্রান্ত হইলেই উহাকে কম্বল বা লেপের শয্যায় শয়ন করাইবে, এবং লেপ গায়ে দিতে কহিবে, রোগী যে গৃহে থাকিবে সেই গৃহ বা বাড়ীর বায়ু কণ্ডিজ্ ফ্লুয়িড্ অথবা কার্ব্বলিক এসিড্ ছড়াইয়া বিশুদ্ধ করিবে। বাটীর নর্দ্দমা ও জল রাখা পাত্রাদি ক্লোরাইড্ অব্ লাইম্ দ্বারা পরিষ্কার রাখিবে। ঘরের জানালা খুলিয়া

Dr. Bayes is of opinion that a cholera patient should at once be placed in bed between blankets, the air of and of the house should be made pure by throwing condy's fluid or Carbolic acid. Chloride of lime

should be thrown down to the water closets and sinks, windows should be thrown open, fire should be lighted in damp weather, evacuations should be disinfected and removed or burried Limbs should be rubfed with iced water after wards covered with flannel or woolens.

Warm flannels should be applied to the abdomen and fomentation with a sol. of sulphate of copper should be applied to the spine and to the abdomen.

রাখিবে, কিন্তু বাদলার হাওয়া হইলে ঘরে আগুণ রাখিয়া ঘর গরম রাখিবে।

রোগীর প্রত্যেকবারের মল যে পাত্রে ধরা হইবে, তাহাতে পূর্ব্বে যেন কণ্ডিজ্ ফ্লুয়িড্ অথবা কার্ব্বলিক এসিড্ মাখান বা ছড়ান হয়, এবং মলত্যাগের পরেই যেন উহাদিগকে স্থানান্তরিত করা হইয়া থাকে। পিপাসা নিবারণার্থে কেবল বরফ অথবা বরফ জল ব্যবস্থা করিতে হইবে। বরফ জল দিয়া রোগীর গাত্র ঘষিয়া তৎক্ষণাৎ উহাকে ফ্লানেল্ বা পশমী কাপড় দিয়া আবৃত করিয়া ফেলিবে, উদরে ফ্ল্যানেল দ্বারা শুষ্কতাপ দিবে, এবং তুঁতে বা সাল্‌ফেট্ অব্ কপার লোশন দ্বারা উদর ও পৃষ্ঠমজ্জায় উত্তমরূপে ফমেণ্টেশন করিবে ইত্যাদি। ২ ড্রাম তুঁতে আড়াইসের গরম জলে মিশাইয়া সেই জল শরীরাপেক্ষা অল্প গরম থাকিতে ২ সেকের জন্য ব্যবহার করিতে হইবেক।

বিসূচিকা রোগেরকালে সাবধানতা।

Keep the air in and round the house pure.

১। বাটীর দরজা ও জানালা খুলিয়া রাখিবে যাহাতে উত্তমরূপে বাতাস খেলিতে পারে। এবং বাহিরে গন্ধক প্রভৃতি পোড়াইয়া বাটীর চতুর্দ্দিকের বায়ু ও পরিষ্কৃত রাখিবে।

House-drains cess-pool &c. to be cleaned

২। বাটীর নর্দ্দমায় যেন আবর্জ্জনা জমিয়া না থাকে। এবং বাহিরের বা নিকটবর্ত্তী বড়২ নর্দ্দমাও যেন পরিষ্কার থাকে।

Disinfect the drains daily.

৩। নর্দ্দমা পরিষ্কৃত করিয়া তাহাতে দুর্গন্ধ নাশক পদার্থ ছড়াইয়া দিবে।

Avoid chill or sudden check perspiration.

৪। শরীরে যেন ঠাণ্ডা না লাগে, এবং ঘর্ম্ম হইলে যেন তাহা হঠাৎ বন্ধ না করা হয়।

৫। উদ্ভিদ্ কিম্বা জান্তব পদার্থ পচিয়া যেন দুর্গন্ধ বাহির না হয়। Get rid of decaying vegetable and animal matters.

৬। প্রত্যহ অল্প পরিমাণ ব্যায়াম করিবে ও বিশুদ্ধ বায়ু সেবন করিয়া বেড়াইবে। Regular excercise in the open air.

৭। চিন্তা বা মানসিক উদ্বেগ দূর করিবে। Avoid all anxiety of mind.

৮। আহারের বিষয়ে বিলক্ষণ সাবধান হইতে হইবে অর্থাৎ পরের বাড়ীতে নিমন্ত্রণ হইলে অধিক পরিমাণে পাকা-ফলার; অথবা অধিক কাঁচা ফল, সসা, তরমুজ লুচি পোলাও প্রভৃতি অপরিমিত ভোজন নিষেধ। বিসূচিকা আক্রমণ কালে "আহার ও পানের" যেন নিয়ম থাকে। Be careful in diet, eat and drink in strict moderation.

৯। পানীয় জল যেন অত্যন্ত পরিষ্কার হয়। Filter the water you drink.

১০। কেহ বলেন যে বিসূচিকার অত্যন্ত প্রাদুর্ভাব হইলে ৫ ছটাক জলে ৮ বিন্দু ওজোনায়িজড্ কণ্ডিজ্ ফ্লুয়িড্, এই নিয়মে জল প্রস্তুত করিয়া সেইজল পান ও ব্যবহার করিবে। Use 8 drops of Ozonised condy's fluid to every half-a pint of water for drinking and domestic purposes.

১১। প্রাতঃকালে খালি পেটে কোন কার্য্য করিবে না। work not in an empty stomach

১২। ওলাওঠা রোগীকে স্পর্শ বা সেবা শুশ্রূষা করিয়া উত্তমরূপে হস্তপ্রক্ষালন ও বস্ত্রাদি উন্মোচন করিয়া তবে অন্য কার্য্যে ব্যাপৃত হওয়া কর্ত্তব্য। Observe cleanliness after meddling with cholera.

১৩। অতিরিক্ত রাত্রি জাগরণ, পচা বা বাসি সামগ্রী ভক্ষণ এবং অত্যন্ত ইন্দ্রিয় সেবা প্রভৃতি বিশেষরূপে নিষিদ্ধ। Nightkeeping, sexual excess are strictly prohibited.

দুর্গন্ধ ও বিষনাশক পদার্থ।

১। কণ্ডিজ ফ্লুয়িড্—এক বোতল জলে ৮০ গ্রেণ পারম্যাঙ্গানেট্ অব্ পটাস্ মিশ্রিত করিলে উত্তম ও উজ্জ্বল Condy's disinfectant fluid [80 grs of permanganate

of potash to a pint of water; use this red fluid 1 in 40 as a disinfectant.

লাল বর্ণের কণ্ডিজ ফ্লুয়িড্ প্রস্তুত হয়। এক ভাগ ঐরূপ লাল কণ্ডিজ ফ্লুয়িড্ ৪০ ভাগ জলে মিলাইয়া প্রত্যহ বাটীর সর্ব্বত্রে ছাড়াইয়া দেওয়া যাইতে পারে।

Carbolic acid: 4 drs. and Vinegar 12 drs, mix. add 1 dr. of this mixture to half a pint of water and use as a disinfectant.

২। কার্ব্বলিক এসিড্—৪ ড্রাম কার্ব্বলিক এসিড্ ১২ ড্রাম এসিটিক্ এসিড্ বা শির্কায়ের সহিত মিশাইয়া এক আরোক প্রস্তুত করিবে সেই আরোকের এক ড্রাম ১০ ছটাক জলে মিশ্রিত করিয়া ঘরে, মল-পাত্র প্রভৃতি স্থানে ছড়াইয়া দেওয়া যাইতে পারে।

Chloride of Lime as a deodorizer.

৩। ক্লোরায়িড্ অব্ লায়িম্—৪ ড্রাম চূর্ণ ক্লোরায়িড্ অব্ লায়িম বা ব্লিচিং পায়ুডার (গুঁড়া) প্রত্যেক বার নর্দ্দামায় ছড়াইয়া দেওয়া যাইতে পারে।

Prophylactic or preventive treatment.

প্রতিষেধক বা নিবারক ঔষধ।

Cupr, and Veratr, 3 or 12 to be alternated every 3rd or 6th day.

১। কেহ বলেন যে কুপ্রাম্ ৩য় ক্রমের ৬টী ছোট২ বড়ি সেবন করিয়া তিন দিবসের পর ঐক্রমেরই ভেরেট্রাম এল্বাম ৬টী অনুবটীকা সেবন করিবে। অর্থাৎ কুপ্রাম ও ভেরেট্রাম তিন দিবসান্তর পর্য্যায়ক্রমে ব্যবস্থা। কেহ ৫।৭ দিবসান্তর কুপ্রাম ও ভেরেট্রাম ১২ ক্রমে পর্য্যায়ক্রমে ব্যবহার করিতে বলেন।

Camph, smelling and sucking.

২। কেহ বলেন কর্পূরের আরোক আঘ্রাণ বা সেবনে বিসূচিকা আক্রমণ করিতে পারে না।

Copper worn next the skin.

৩। কেহ২ তাম্রখণ্ড পেটে বা কোমরে বাঁধিয়া রাখিতে বলেন।

Veratr.

৪। কেহ বলেন যে কেবল ভেরেট্রাম দ্বারা বিসূচিকা নিবারণ করা যায়।

৫। কেহ বলেন সাল্ফারের প্রতিষেধক শক্তি আছে শেষ রাত্রিতে ভেদ হইলে সল্ফার ভাল। Sulphy

৬। স্বাস্থ্যরক্ষার নিয়ম প্রতি পালন করা সর্ব্বাপেক্ষা উত্তম প্রতিষেধক। Hygiene, is best preventive.

পরিশিষ্ট।

ঔষধ সংখ্যা	আক্ষেপিক বিসূচিকা।	অনাক্ষেপিক বিসূচিকা।	পক্ষাঘাতিক বিসূচিকা।
১	ক্যাম্ফার।	রিসিনিস্।	ভেরেট্রাম এল্বাম্।
২	হাইড্রসি-এসিড্।	ইয়ুফর্ব্বিয়া।	ফস্ফারাস্।
৩	আর্সেনিক।	য্যাট্রোফা।	এণ্টিম টার্ট।
৪	কুপ্রাম্।	ক্রোটন্ টিগলি।	একোনাইট্।
৫	সিকেলী।	ভেরেট্রাম এল্বাম্	নাইকোটিন।

সাধারণ বিসূচিকা।	মারাত্মক বিসূচিকা।
১। যন্ত্রনাকর ভেদ।	১। যন্ত্রনা হীন ভেদ।
২। আহারের দোষ থাকে।	২। আহারের দোষ থাকেনা।
৩। পেটে অত্যন্ত বেদনা।	৩। উরুদেশে অত্যন্ত বেদনা।
৪। ক্রমে ক্রমে বলক্ষয়।	৪। শীঘ্র২ বলক্ষয়।
৫। ক্রমে শারীরিক তাপ কমে।	৫। শীঘ্রই তাপ কমিয়া যায়।
৬। সর্ব্বত্র সমান তাপ।	৬। শারীরিক গহ্বরে তাপ বেশী।
৭। পিত্ত মিশ্রিত ভেদ।	৭। চেলুনি জলের মত ভেদ।
৮। পেটে প্রথমে খিল ধরে।	৮। হস্ত ও পদে প্রথম আক্ষেপ।
৯। শিরায় রক্ত সঞ্চয় বা শরীর নীল বর্ণ হয় না।	৯। নখ ও শরীর নীল বর্ণ হয় ও শিরায় রক্ত জমে।
১০। মূত্রে এল্বুমেন দৃষ্ট হয় না।	১০। মূত্রে এল্বুমেন দৃষ্ট হয়।